চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 294 Saturday, 23 September, 2023 ✱ ২৮ বর্ষ, ২৯৪ সংখ্যা ✱ ৫ আশ্বিন, ১৪৩০, শনিবার, ২৩ সেপ্টেম্বর, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য- ৩ টাকা

হাওড়া পৌরনিগমের উদ্যোগে নতুন একটি পাম্প হাউসের উদ্বোধন হলো উত্তর হাওড়ার সীতানাথ বোস লেনে। এতে মানুষ জল জমার সমস্যা থেকে মুক্তি পাবেন। ...বিস্তারিত পাতা ৩

রাজ্যে ফের বাজের বলি এক। মাঠে কাজ করতে গিয়ে বাজ পড়ে মৃত্যু হল এক ব্যক্তির। গুরুতর আহত দুই মহিলা। ঘটনাটি মেমারি বহরমপুর এলাকার। ...বিস্তারিত পাতা ৫

ভারতের চন্দ্রযান ৩-এর ল্যান্ডার বিক্রম এবং রোভার প্রজ্ঞানকে আবার ঘুম থেকে জাগিয়ে তোলার কাজ শুরু করবে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। ...বিস্তারিত পাতা ৬

“২৫ জনের মধ্যে আমিই একমাত্র খেলোয়াড়, যে ক্লাবের পক্ষ থেকে স্বীকৃতি পাইনি। কারণ, আমাদের কারণেই ফ্রান্স বিশ্বকাপ পায়নি’। ...বিস্তারিত পাতা ৮

আরব থেকে লগ্নি আনছেন মমতা!

নিউ টাউনে হবে শপিং মল, মাছ-ডিমেও বিনিয়োগ নিয়ে আলোচনা

দুবাই, ২২ সেপ্টেমম্বঃ দুবাইয়ে বাণিজ্য সম্মেলন থেকে বড় ঘোষণা আইটিসি কর্তা সঞ্জীব পুরীর। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দুবাইয়ে এক বাণিজ্য সম্মেলনে গিয়েছেন। সেখানে রয়েছেন আইটিসির চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর সঞ্জীব পুরীও। সেখান থেকেই বাংলায় আরও হোটেল খোলার কথা জানালেন আইটিসি কর্তা। বাংলায় আইটিসির পাঁচটি হোটেল রয়েছে বর্তমানে। তার মধ্যে কলকাতায় রয়েছে দু’টি হোটেল। সঞ্জীব পুরী জানালেন, “শীঘ্রই পশ্চিমবঙ্গে আমাদের আটটি হোটেল খুলে যাবে।” ছুটি কাটাতে কিংবা বাণিজ্যিক কোনও কাজে বাংলায় এসে, পর্যটকরা এই হোটেলগুলিতে থাকতে পারবেন। সঞ্জীব পুরীর এই ঘোষণার ফলে বাংলার পর্যটন ক্ষেত্র আরও উন্নত হবে বলেই মনে করছে ওয়াকিবহাল মহল। আইটিসি কর্তার কথায়, পশ্চিমবঙ্গ হল উত্তর পূর্ব ভারতের গেটওয়ে। সেদিক থেকে হোটেল ব্যবসার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভৌগোলিক অবস্থান অনেক লাভজনক বলেই মনে করছেন তিনি। বললেন, “পর্যটনের ক্ষেত্রেও অত্যন্ত উৎকর্ষ বাংলা। বাংলার সংস্কৃতি থেকে শুরু করে অ্যাডভেঞ্চার... পর্যটনের সব কিছুরই উপাদান রয়েছে এখানে।” শুধু তাই নয়, বাংলা যে শিক্ষাক্ষেত্রেও গোটা দেশে নিজের উৎকর্ষতা প্রমাণ করেছে, সে কথাও এদিন বাণিজ্য সম্মেলনে তুলে ধরেন আইটিসি কর্তা। দুবাইয়ের বাণিজ্য সম্মেলনে আমন্ত্রিত অতিথিদের উদ্দেশে সঞ্জীব পুরী জানালেন, বাংলায় দক্ষ প্রতিভার অভাব নেই। ফলে সহজেই সংস্থাগুলি দক্ষ কর্মী পেয়ে যাবেন। বাংলার আর্থিক শ্রীবৃদ্ধির কথা বোঝানো

নিয়ে, জিডিপির কথাও তুলে ধরলেন তিনি। জানালেন, বাংলার বর্তমান জিডিপি, দেশের গড় জিডিপির থেকে বেশি। বললেন, “বাংলার লগ্নির বাজার ক্রমেই বাড়ছে এবং দেশ-বিদেশে সম্ভাব্য বাজারের একটি গেটওয়ে হয়ে উঠতে পারে বাংলা।” এদিন লুলু গ্রুপ ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ ডিরেক্টর আশরাফ আলির সঙ্গেও বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই বৈঠকে বাংলায় শিল্পে বহুজাতিক গোষ্ঠীর আগ্রহ এবং বিনিয়োগের বিষয়গুলি নিয়ে আলোচনা হয় এদিন। লুলু গ্রুপ ইন্টারন্যাশনাল বাংলায় বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছেন বলে এদিন ট্যুইটে জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ‘বাংলায় বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগের বিষয় নিয়ে কথা হয়েছে। নিউটাউনে একটি বিশ্বমানের মল খোলা। গোটা বিশ্বে ছড়িয়ে ছিটিয়ে থাকা লুলু গ্রুপের আউটলেট গুলিতে বিশ্ব বাংলার পণ্যের বিশ্বব্যাপী প্রচার যাতে করা যায়, তা নিয়েও আলোচনা হয়েছে। এর বাইরেও লুলু গ্রুপ বাংলায় মাছ প্রক্রিয়াকরণ, পোলট্রি, দুগ্ধ এবং মাংস প্রক্রিয়াকরণ সহ বিভিন্ন খাতে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে। আমি বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট ২০২৩-এ অংশগ্রহণের জন্য লুলু গ্রুপকে আমন্ত্রণ জানাতে পেরে উচ্ছ্বসিত।’ বৈঠকে বাংলায় বিনিয়োগের বিভিন্ন দিক উঠে এসেছে। প্রথমত, নিউটাউনে বিশ্বমানের একটি মল স্থাপনের বিষয়ে কথা হয়েছে। গোটা বিশ্বে লুলু গ্রুপের প্রচুর মল, স্টল এবং আউটলেট ছড়িয়ে রয়েছে। সেই আউটলেটগুলিতে যাতে বিশ্ব বাংলার পণ্যের প্রচার করা হয়, সেই বিষয়টিও এদিনের বৈঠকে উঠে আসে। জানা গিয়েছে, ভারত, সৌদি আরব, বারহিন, কুয়েত, ওমান, মিশর, ইউএই, মালেশিয়া এবং ইন্দোনেশিয়াতে প্রায় ২৩৪টি রিটেইল স্টোর আছে। এর পাশাপাশি লুলু গ্রুপের স্টোরগুলিতে যাতে বাংলা থেকে ফল এবং সবজি নিয়ে যাওয়া হয় এবং ফল প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করা যায়, সেই নিয়েও আলোচনা হয়েছে। বাংলায় ডেয়ারি, পোলট্রি, মাংস প্রক্রিয়াকরণ শিল্পে বিশেষ আগ্রহ দেখিয়েছে লুলু গ্রুপ। সেইসঙ্গে রাজ্য সরকারের বিভিন্ন স্কিল ডেভেলপমেন্ট প্রজেক্টেও আগ্রহ দেখিয়েছে এই শিল্প গ্রুপ।

গ্রামে গ্রামে উঠবে উন্নয়নের ঝড়! ৮৩ কোটি বরাদ্দ কেন্দ্রের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বরঃ পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রের এক কিস্তি অর্থ বা বরাদ্দ পেল রাজ্য। নবান্ন সূত্রে খবর পাহাড়ের গ্রামীণ এলাকার উন্নয়নের জন্য এই টাকা পাঠানো হয়েছে কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন মন্ত্রকের তরফে। ১০০ দিনের গ্রামীণ প্রকল্প থেকে শুরু করে প্রধানমন্ত্রী আবাস যোজনা, একের পর এক প্রকল্পে কেন্দ্র বঞ্চনা করছে বলে অভিযোগ তুলে সরব হয়েছেন খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আগামী ২ অক্টোবর শাসক দল তৃণমূল কংগ্রেসের তরফেও দিল্লিতে তা নিয়ে প্রতিবাদ জানানো হবে। উপস্থিত থাকবেন খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের আওতায় থাকা দার্জিলিং ও কালিম্পং জেলার গ্রামীণ উন্নয়নের জন্য এই টাকা বরাদ্দ করা হয়েছে। বৃহস্পতিবার কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন মন্ত্রক এই অর্থ বরাদ্দ করেছে বলেই নবান্ন সূত্রে খবর। দুই জেলার জন্য মোট ৮৩ কোটি টাকা অর্থ বরাদ্দ করা হয়েছে। প্রসঙ্গত এই যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা মূলত আনটায়েড ফান্ড। অর্থাৎ গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন বা জিটিএ তাদের নিজেদের মতো এই টাকা খরচ করতে পারবে। পঞ্চদশ অর্থ কমিশন অনুযায়ী টায়েড ফান্ড হল কোন খাতে কোন অর্থ ব্যবহার করা হবে তার নির্দিষ্টভাবে বলে দেওয়া হয়েছে গাইডলাইনে। আর আনটায়েড ফান্ড হল গ্রামীন উন্নয়নের জন্য যে কোন খাতে সেই টাকা ব্যবহার করা যায়। সূত্রের খবর, আপাতত এই ৮৩ কোটি টাকা বরাদ্দ করা হল। খুব শীঘ্রই আরও ১২০ কোটি টাকা এই খাতে দেবে কেন্দ্র। লোকসভা নির্বাচনের আগে পাহাড়ের গ্রামীণ এলাকার উন্নয়নের জন্য এই অর্থ বরাদ্দ নিঃসন্দেহে রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ বলেই মনে করা হচ্ছে। তবে পাহাড়ে গ্রামীন এলাকার উন্নযনের এই অর্থ বরাদ্দ অনেকটাই উপযোগী হবে বলে মত রাজ্যের পঞ্চায়েত দফতরের। যদিও রাজ্যের তরফে অভিযোগ কেন্দ্রের একাধিক প্রকল্পে রাজ্যকে টাকা বন্ধ করে রাখা হয়েছে।

মাধ্যমিক পরীক্ষার্থী পিছু ১০ টাকা!

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বরঃ পরীক্ষার্থী পিছু ১০ টাকা বরাদ্দ মধ্যশিক্ষা পর্ষদের। চলতি বছরে মাধ্যমিক পরীক্ষার জন্য ছাত্র পিছু ১০ টাকা করে স্কুলগুলিকে দেবে মধ্যশিক্ষা পর্ষদ। প্রত্যেকটি স্কুলকে নোটিস পাঠিয়ে জানাল মধ্যশিক্ষা পর্ষদ। ছাত্র-ছাত্রীরা যাতে তাদের স্কুলে নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারে এবং তাদের জন্য সব রকমের ব্যবস্থা থাকে তার জন্য ছাত্র পিছু ১০ টাকা করে বরাদ্দ পর্ষদের। এর জন্য চলতি বছরে মধ্যশিক্ষা পর্ষদের ১ কোটি টাকা খরচ হতে চলেছে। প্রত্যেক স্কুলকে পরীক্ষার আগেই এই টাকা পাঠিয়ে দেবে পর্ষদ। স্কুলগুলিকে বিজ্ঞপ্তি দিয়ে জানাল মধ্যশিক্ষা পর্ষদ। এই প্রথম মাধ্যমিক পরীক্ষার জন্য ছাত্র পিছু বরাদ্দ দিচ্ছে পর্ষদ। এরইমধ্যে উচ্চমাধ্যমিক নিয়েও বড় সিদ্ধান্ত নিয়েছে সংসদ। জানা যাচ্ছে, বছরে দু’বার উচ্চ মাধ্যমিক পরীক্ষা হবে রাজ্যে। সিবিএসই’র মতোই এই পরীক্ষা নেওয়া হবে। ইতিমধ্যে এই বিষয়ে চূড়ান্ত ভাবনা চিন্তা শুরু হয়ে গিয়েছে বলে জানা গিয়েছে। শুধু তাই নয়, রাজ্যের কাছে প্রস্তাবও পাঠানো হচ্ছে। এমনটাই উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে জানানো হয়েছে। প্রস্তাব গৃহীত হলে এই বিষয়ে চূড়ান্ত বিজ্ঞপ্তি জারি হয়ে যাবে। এমনটাই জানা গিয়েছে। শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন আনতে চলেছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। তারই মধ্যে মাধ্যমিকের পরীক্ষার্থীদের যত্ন নিতেও বড় সিদ্ধান্ত নিয়েছে মধ্যশিক্ষা পর্ষদ।

তদন্তে সহযোগিতা করছেন না কলসেন্টার প্রতারণার কিংপিন কুণাল! আদালতে জানাল ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বরঃ তদন্তে সহযোগিতা করছেন না কলসেন্টার প্রতারণা চক্রের বাদশা কুণাল গুপ্তা। ১০ দিনের ইডি হেফাজতের শেষে আজ, শুক্রবার ফের আদালতে পেশ করা হয় কলসেন্টার কিংপিন কুণাল গুপ্তাকে। আদালতে সওয়াল জবাবের সময়ে ইডি জানায়, কুণাল তদন্তে সহযোগিতা করছে না। বিদেশে কোথায় কত সম্পত্তি আছে, তার খোঁজ পেতে চাইছেন তদন্তকারীরা। ইডি-র আইনজীবী জানান, ব্রিটেনে কুণালের নামে কথা বলার ফাঁকেই ব্যাঙ্ক ডিটেইল নিয়ে নিতেন তাঁরা। সঙ্গে সঙ্গে অ্যাকাউন্ট থেকে টাকা উধাও। তা কনভার্ট করে নেওয়া হত ভারতীয় মুদ্রায়। সল্টলেকে এরকম একাধিক ভুয়ো কলসেন্টারের হদিশ মেলে। বিধাননগর ইলেক্ট্রনিক্স থানার পুলিশ এরকম একাধিক ভুয়ো কল সেন্টারে গত কয়েকমাস ধরে তল্লাশি চালিয়েছে। কুণাল গুপ্তা অনেকদিন ধরেই তদন্তকারীদের র‍্যাডারে। প্রতারণার অভিযোগে প্রথমে তাঁকে গ্রেফতার করে সিআইডি। এর আগে রক্ষাকবচ চেয়ে হাইকোর্টের দ্বারস্থ

প্রতারণা মামলা হয়েছে। ভুয়ো কলসেন্টার চালিয়ে কোটি কোটি টাকা বিভিন্ন ব্যবসায় খাটিয়েছেন কুণাল। ইডি আদালতে জানায়, রেসকোর্সেও কুণালের ৩৫ টি ঘোড়া রয়েছে। তদন্তকারীরা মনে করছেন, কুণালের মাথায় আরও বড় কোনও প্রভাবশালীর হাত থাকতেও পারে। অনুপ মূলত কল সেন্টারের মাধ্যমে প্রতারণার ফাঁদ পেতেছিল। মূলত বিদেশি নাগরিকদেরই টার্গেট করা হত। টেক সাপোর্ট দেওয়ার নাম করে তাঁদের ফোন করতেন কুণালের সংস্থার কর্মীরা। তারপর হয়েছিলেন কুণাল। সিআইডি-র হাত থেকে মামলা যায় ইডি-র হাতে। ইডি-র হাত থেকে বাঁচতেও মিথ্যা গল্প ফেঁদেছিলেন কুণাল। পাড়ি দেবেন দুবাইয়েও। কিন্তু তাঁকে জিজ্ঞাসাবাদের নামে ডেকে এনে কুণালকে গ্রেফতার করেন ইডি আধিকারিকরা। তদন্তকারীরা মনে করছেন, দুবাইতেও কুণালের বিশাল সম্পত্তি রয়েছে। কুণালের মাথায় কোনও প্রভাবশালীর হাত রয়েছে বলেও মনে করছেন তদন্তকারীরা। এবার তাঁরই খোঁজ পেতে চাইছে ইডি।

বান্ধবীকে ১২ লাখের দামি গাড়ি উপহার! মনোজিতের ব্যাঙ্কেও টাকার পাহাড়

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বরঃ রামপুরহাট থানার কনস্টেবল মনোজিৎ বাগীশের গ্রেফতারির ঘটনায় এবার চাঞ্চল্যকর মোড়। রাজ্য পুলিশের দুর্নীতি দমন শাখা সূত্রে দাবি করা হচ্ছে, ধৃত কনস্টেবল মনোজিৎ বাগীশ প্রায় ১ কোটি টাকা তুলেছিলেন। এই টাকার একটি বড় অঙ্ক ট্রান্সফার করেছিলেন নিজের এক বান্ধবীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে। প্রায় ২১ লাখ টাকা ওই বান্ধবীর অ্যাকাউন্টে ট্রান্সফার করেছিলেন ধৃত পুলিশ কনস্টেবল। দুর্নীতি দমন শাখা সূত্রে এমনই জানা যাচ্ছে। এর পাশাপাশি ১১ লাখ ৭৫ হাজার টাকা দিয়ে একটি গাড়িও কিনেছিলেন ধৃত মনোজিৎ, যেটি তিনি নিজের ওই বান্ধবীকে উপহার দিয়েছিলেন বলে জানা যাচ্ছে। সূত্রের খবর, বান্ধবীকে উপহার দেওয়া ওই গাড়ির রেজিস্ট্রেশনেও ঠিকানা ভুল দেওয়া হয়েছিল। যদিও কনস্টেবলের ওই বান্ধবীর খোঁজ এখনও পাওয়া যায়নি। ওই বান্ধবীর খোঁজ পাওয়া গেলে, দু’জনকে মুখোমুখি বসিয়ে জিজ্ঞাসাবাদ করতে চাইছেন দুর্নীতি দমন শাখার তদন্তকারী অফিসাররা। এছাড়া ধৃত ওই পুলিশ কনস্টেবলের ৭৩ লাখ টাকার একটি ফিক্সড ডিপোজিটেরও সন্ধান পাওয়া গিয়েছে বলে জানা যাচ্ছে। আদালতের নির্দেশে রামপুরহাট থানার ওই কনস্টেবল আগামী ২৮ সেপ্টেম্বর পর্যন্ত দুর্নীত দমন শাখার হেফাজতে থাকবেন। সেক্ষেত্রে ধৃত মনোজিতের এই বিপুল সম্পত্তি কীভাবে হল, তা জানার চেষ্টা করবেন রাজ্যের দুর্নীতি দমন শাখার তদন্তকারী অফিসাররা। বিশেষ করে একজন কনস্টেবল হিসেবে ওই ব্যক্তির চার বছরে বেতন বাবদ আয় হওয়ার কথা প্রায় ১১ লাখ টাকা। সেক্ষেত্রে কীভাবে তাঁর সম্পত্তির পরিমাণ ওই চার বছরে ১ কোটি টাকার উপরে পৌঁছে গেল, তা খোঁজার চেষ্টা করছেন তদন্তকারী অফিসাররা। উল্লেখ্য, মনোজিৎ বাগীশ নামে ওই পুলিশ কনস্টেবলের বাড়ি বারুইপুর এলাকায়। কিন্তু তাঁর পোস্টিং ছিল বীরভূমের রামপুরহাট থানায়। বছর দেড়েক আগেই রামপুরহাটে বদলি হয়েছিল তাঁর। এর আগে ওই কনস্টেবলের পোস্টিং ছিল হাওড়ায়।

মধ্যরাতে নবান্নে পাঠানো গোপন চিঠিতে কী ছিল? মুখ খুললেন রাজ্যপাল



দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বরঃ ‘চিঠি আর মিস্ট্রি নেই, হিস্ট্রি হয়ে গিয়েছে।’ নবান্ন আর দিল্লিতে মাঝরাতে পাঠানো নিজের দুটো কনফিডেন্সিয়াল চিঠি নিয়ে মুখ খুললেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। শুক্রবার সাংবাদিক সামনে উপাচার্য নিয়োগে সার্চ কমিটি গঠন প্রসঙ্গে কথা বলতে গিয়ে উঠে আসে এই প্রসঙ্গও। তখনই তিনি বলেন, “দুটি চিঠির উত্তর পাওয়া নিয়ে পরিস্থিতি ঠিক কোন জায়গায় দাঁড়িয়ে আছে, তা দুই সাংবিধানিক সহকর্মীর মধ্যে থাকাই বাঞ্ছনীয়। তবে ওই চিঠি দুটো আর মিস্ট্রি নয়, হিস্ট্রি হয়ে গিয়েছে।” ১০ সেপ্টেম্বর মাঝরাতে রাজ্যপাল নবান্ন ও দিল্লিতে চিঠি পাঠান। তার আগের সন্ধ্যাতেই রাজ্যপাল বার্তা দিয়েছিলেন, মধ্যরাতে তিনি কোনও পদক্ষেপ করবেন। বলাইবাহুল্য তখন উপাচার্য নিয়োগ ইস্যু তথা নব নিযুক্ত অস্থায়ী উপাচার্যদের সঙ্গে বৈঠক নিয়ে শিক্ষামন্ত্রীর বিতর্কিত মন্তব্য ঘিরে সংঘাত তুঙ্গে। খামবন্দি কনফিডেন্সিয়াল দুটো চিঠি এখন আর ‘মিস্ট্রি’ নেই। ‘মধ্যরাত পর্বের’মাধ্যমে নতুন বিতর্ক উস্কে দিয়েছিলেন রাজ্যপাল। গোপন সেই চিঠি কী আছে? তা নিয়ে যখন জল্পনা তুঙ্গে, তখনই রাজ্যপাল সাংবাদিকদের বলেছিলেন, “মুখ্যমন্ত্রী এখন বিদেশে, সুদূর স্পেনে যাচ্ছেন। এখনই কিছু বলব না।” মুখ্যমন্ত্রীকে তিনি টেনশন দিতে চান না বলেও মন্তব্য করেছিলেন রাজ্যপাল। তাতে জল্পনা আর বিতর্ক দুটোই বেড়েছিল পাল্লা দিয়ে। এই চিঠি নিয়ে রাজ্যপালকে ‘ভ্যাম্পায়ার’ বলে আক্রমণ করেছিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সেই চিঠি নিয়ে এবার মুখ খুললেও, গুমোট ভাঙেননি রাজ্যপাল। রাজ্যপাল বলেন, ‘ওই মিস্ট্রি এখন হিস্ট্রি।’ অর্থাৎ চিঠির রহস্য এখন ইতিহাস।

অভিষেকের বিরুদ্ধে ‘অর্থবহ’ নথি নেই হাইকোর্টে ব্যাকফুটে ইডি! নয় কড়া পদক্ষেপ

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বরঃ কলকাতা হাইকোর্টে প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় ব্যাকফুটে ইডি। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে অর্থবহ তথ্য বা নথি দেখাতে ব্যর্থ ইডি। শর্তসাপেক্ষে রক্ষাকবচ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। যদিও ইডি ইসিআইআর বাতিলের আবেদন খারিজ বিচারপতি তীর্থঙ্কর ঘোষের। প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে সহযোগিতা করতে হবে ইডি-কে। অভিষেকের করা মামলায় বিচারপতি তীর্থঙ্কর ঘোষ মন্তব্য করেছিলেন, “এই মামলার ক্ষেত্রে মামলাকারী (অভিষেক বন্দ্যোপাধ্যায়) এবং ইডি অতি স্পর্শকাতর হয়ে পড়ছে।” “চাকরি কলকাতার রাস্তায় বসে আছে, এটাই বাস্তবচিত্র।” মন্তব্য করেছিলের বিচারপতি। নিয়োগ দুর্নীতি মামলা থেকে নিষ্কৃতি পেতে কলকাতা হাইকোর্টে মামলা করেছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। ওই মামলার সঙ্গে লিপ্স অ্যান্ড বাউন্ডস কোম্পানির অফিসে ইডির তল্লাশির বিষয়টিও যুক্ত হয়। চলতি সপ্তাহে অভিষেকের মামলার শুনানি শেষ হয়েছে। এদিকে, লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার ডিরেক্টর এবং শীর্ষকর্তাদের সম্পত্তির যাবতীয় তথ্য হলফনামা আকারে কলকাতা হাইকোর্টে বৃহস্পতিবারই জমা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি। প্রসঙ্গত, গত ১৪ সেপ্টেম্বর নিয়োগ মামলার শুনানি চলাকালীন

বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছিলেন, ডিরেক্টর সহ লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার সমস্ত কর্তাব্যক্তিদের সম্পত্তির পরিমাণ জানাতে হবে আদালতকে। ২১ সেপ্টেম্বরের মধ্যে সেই রিপোর্ট জমা দিতে হবে। অর্থাৎ যদি তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় লিপস অ্যান্ড বাউন্ডস-এর সিইও হন, তাঁর সমস্ত সম্পত্তির খতিয়ান পেশ করতে হবে ইডিকে। সেই নির্দেশ মেনে বৃহস্পতিবার আদালতে হলফনামা জমা দিল ইডি। এদিকে, লিপস অ্যান্ড বাউন্ডসের কম্পিউটারে ইডি আধিকারিকের ১৬টি ফাইল ডাউনলোড সংক্রান্ত মামলায় হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার দ্বারস্থ হয়েছিল ইডি। তাদের অভিযোগ ছিল, ইডি আধিকারিকদের রীতিমতো হয়রান করছে কলকাতা পুলিশ। জেনারেল ডাইরির ভিত্তিতে ইডি আধিকারিকদের বারবার ডেকে পাঠানো হচ্ছে, বিভিন্ন প্রশ্নের উত্তরও চাওয়া হচ্ছে। অবশ্য কলকাতা পুলিশ আদালতে জানায়, এখনই এ নিয়ে ইডির বিরুদ্ধে নতুন করে কোনও পদক্ষেপ করা হবে না। সব শুনে বিচারপতি অমৃতা সিনহার মন্তব্য, “কলকাতা পুলিশ স্থিতাবস্থা বজায় রাখলে, নতুন করে কোনও শুনানির প্রয়োজন নেই ইডি আবেদনের।” তবে পাশাপাশি, ইডি অফিসারদের কোনও রক্ষাকবচও দেয়নি কলকাতা হাইকোর্ট। জানানো হয়েছে, ইডি অফিসারদের বিরুদ্ধে কলকাতা পুলিশ কড়া পদক্ষেপ করতে গেলে, সেক্ষেত্রে হাইকোর্টে আবেদন করতে পারবে ইডি। পর্যবেক্ষণে জানিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা।

বাংলার এক কৃষক পেলেন রাষ্ট্রপতি পুরস্কার জড়াল বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

দুরন্ত বার্তা প্রতিবেদন

সদ্য মুর্শিদাবাদের কিরীটেশ্বরী গ্রাম সেরা পর্যটন স্থানের তকমা পেয়েছে। তবে তার রেশ কাটতে না কাটতেই বাংলায় এল আরও পুরস্কার। এবার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীদের সহায়তায় কৃষির উপর এল সাফল্য। তাঁদের সাহায্যে বিশেষ ধরনের কাজের স্বীকৃতি হিসাবে একটি গোষ্ঠী এবং একজন কৃষক রাষ্ট্রপতির হাত থেকে পুরস্কার পেলেন। এই দু’টি পুরস্কারের নাম- ‘উদ্ভিদ প্রজাতি সুরক্ষা গোষ্ঠী পুরস্কার’। আর ‘উদ্ভিদ প্রজাতি সুরক্ষা কৃষক সম্মান’। ১২ সেপ্টেম্বর নয়াদিল্লিতে ভারতীয় কৃষি অনুসন্ধান সংস্থার কনভেনশন সেন্টারে এই দু’টি পুরস্কার তুলে দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এদিকে এই পুরস্কার বাংলার কাছে বিশেষ সম্মানের। রাজ্যের উপর আরও একটি পালক যুক্ত হল। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষি মন্ত্রী নরেন্দ্র সিং তোমার-সহ অন্যান্যরা। জাতীয়স্তরের এই দু’টি পুরস্কার একধাক্কায় বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়-সহ বাংলার মুখ উজ্জ্বল করল। এই বিশ্ববিদ্যালয়ের খবর পৌঁছে গিয়েছে রাজ্য সরকারের কাছেও। উদ্ভিদ প্রজাতি সুরক্ষা পুরস্কার হাতে এসেছে বাঁকুড়ার ছাতনার ‘দলপুর শ্রী শ্রী জ্ঞানানন্দ সরস্বতী আশ্রম’-এ। তারা টানা ৯ বছর ধরে নিজস্ব উদ্যোগে

উপাচার্য অধ্যাপক গৌতম সাহা গোটা বিষয়টি নিয়ে বলেন, “বিশ্ববিদ্যালয়ের কাছে এটা একটা বড় সাফল্য। জাতীয় পুরস্কার পাওয়ায় ফসলের দেশীয় প্রজাতি সংরক্ষণের কাজে কৃষকরা আরও উৎসাহ পাবেন।” অন্যদিকে এই এবং বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ‘বাংলার সুগন্ধি ধান’ প্রকল্পে প্রযুক্তি সহায়তায় কাজ করেছে। তাতে প্রায় ৬০ প্রজাতির দেশীয় ধান, ৪২ ওষুধ প্রস্তুতকারক গাছ, ৪০ ধরনের দেশীয় সবজি-সহ নানা প্রকারের মিলেট ও গোখাদ্য সংরক্ষণের কাজ করছেন। এই উদ্ভিদ প্রজাতি সুরক্ষা কৃষক সম্মানটি পেয়েছেন নদিয়ার হাঁসখালির নিমাই মণ্ডল। তিনি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের সহায়তায় ১৫টি দেশীয় ধানের প্রজাতি সংরক্ষণ করছেন। আবার চাল বিপণনের ক্ষেত্রে উদ্যোগও নিয়েছেন। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের বাংলার সুগন্ধি ধান প্রকল্পের মুখ্য বিজ্ঞানী অধ্যাপক মৃত্যুঞ্জয় ঘোষের সাহায্যে ‘প্রোটেকশন অফ প্লান্ট ভ্যারাইটিস অ্যান্ড ফার্মার্স রাইটস অথরিটি’র নয়াদিল্লির মূলকেন্দ্রে পুরস্কারের আবেদন জানিয়ে জমা দেওয়া হয়। সেটি রাষ্ট্রপতি পুরস্কারের জন্য এই বছর নির্বাচিত হয়। গোষ্ঠী পুরস্কার বাবদ ১০ লক্ষ টাকা এবং কৃষক সম্মানের জন্য এক লক্ষ টাকা পেয়েছেন তাঁরা। অধ্যাপক মৃত্যুঞ্জয় ঘোষ বলেন, “এই ধরনের পুরস্কার আমাদের কাছে গর্বের।” তবে এই পুরস্কারের মধ্যে দিয়ে বাংলার কৃষিতে সাফল্য এল বলে মনে করা হচ্ছে।

ইন্ডিয়া জোট ক্ষমতায় এলেই জাতিভিত্তিক শুমারি, টিএমসি-র বিরোধিতা থাকলেও সওয়াল রাহুলের

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বরঃ ক্ষমতায় এলে ওবিসি, এসসি এবং এসটিদের প্রকৃত প্রতিনিধি খুঁজে বার করতে জাতি শুমারি করবে ইন্ডিয়া জোট। শুক্রবার এমনটাই জানালেন কংগ্রেস নেতা রাহুল গান্ধি। যদিও তৃণমূল ইন্ডিয়া জোটে থাকলেও জাতি শুমারি করার পক্ষে নয় তারা। শুক্রবার এক সাংবাদিক বৈঠক রাহুল অভিযোগ করে বলেন, ‘মোদি সরকার ওবিসিদের ক্ষমতায়ণের পক্ষে নয়। তারা আসলে আদানিদের হাতে ক্ষমতা তুলে দেওয়া জন্য নিরন্তর কাজ করে চলেছেন।” কংগ্রেস নেতা বলেন, “আমাদের অবস্থান খুব পরিষ্কার। আমাদের সরকার আসার সঙ্গে সঙ্গে আমরা জাতি সুমারির কাজ শুরু করব। দেশ জানবে ওবিসি, এসসি, এসটির সংখ্যা। এই কাজ একদিনের নয়।” ২০০৮ সালে আনা মহিলা সংরক্ষণ বিলটি ওবিসি কোটা রাখা উচিত ছিল তা এদিন স্বীকার করে নেন রাহুল। যে বিলটি আনে কংগ্রেস নেতৃত্বেধীন ইউপিএ সরকার। এটি যে পাশ করাতে ব্যর্থ হয়েছে কংগ্রেস তাও স্বীকার করে নেন রাহুল। জাতি শুমারির পক্ষে সওয়াল করে রাহুল বলেন, “দুটি ইস্যু নিয়ে বিজেপি বিভ্রান্ত করতে চায়। বর্ণ শুমারি এবং আদানি। ওরা ওবিসির হাতে প্রকৃত ক্ষমতা দিতে চায় না। ওরা আদানিতে ক্ষমতা কেন্দ্রীভূত করতে চায়।” এ প্রসঙ্গে রাহুলের আরও সংযোজন, “আমি সরকারের ৯০ জন গুরুত্বপূর্ণ সচিবের মধ্যে মাত্র ৩ ওবিসিকে খুঁজে পেয়ে অবাক হয়ে গিয়েছি। ওবিসিরা কি ভারতের জনসংখ্যার মাত্র ৫ শতাংশ? তাদের থেকে আমরা কী পরিমাণে অংশগ্রহণ চাই? এরপরই প্রশ্ন উঠে আসে দেশে ওবিসির সংখ্যা কত? আর সেটা জানার একমাত্র উপায় হল জাতি শুমারি।” সংসদের বিশেষ প্রসঙ্গে রাহুল বলেন, “কিছুদিন আগে সংসদের বিশেষ অধিবেশন ডাকা হল। আমরা অনেক ধুমধাম করে নতুন সংসদ ভবনে চলে এলাম।

প্রধানমন্ত্রী তিনি একটি অতি গুরুত্বপূর্ণ বিল পাশ করতে চলেছেন। মহিলা সংরক্ষণ বিল একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কিন্তু আমরা এরসঙ্গে আরও দুটি আকর্ষণীয় বিষয় খুঁজে পেয়েছি, তা হল এই বিল এখনই বাস্তবায়িত হচ্ছে না। বিলটি দশ বছর পর কার্যকরী হবে। দশ বছর দেরি মান বিষয়টি অর্থহীন হয়ে গেল।”

ভোটার কার্ডে আধার যোগ বাধ্যতামূলক নয়

নয়াদিল্লিঃ রেশন থেকে পেনসন সবেতেই আধারকার্ড সংযুক্তিকরণ নিশ্চিত করেছে কেন্দ্র। গত বছর কেন্দ্রের নয়া ফরমানে বাধ্যতামূলক ভোটার কার্ডে আধার নম্বর সংযুক্তিকরণ নিয়েও টানাপো।নে চলছিল। দেশের বহু মানুষ ভোটাধিকার হারানোর ভয়ে পড়িমিরি করে নিজেদের ভোটের কার্ডে আধার নম্বর যোগ করতে দৈনিক ছুটে বেড়াচ্ছেন। এমন সময় ভোটার কার্ডের সঙ্গে আধার যোগ বাধ্যতামূলক নয় বলে সুপ্রিম কোর্টের তিন বিচারপতির ডিভিসন বেঞ্চকে বৃহস্পতিবার স্পষ্টভাবে জানিয়ে দিল ভারতীয় নির্বাচন কমিশন। মুখ্য বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পার্দিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের ডিভিসন বেঞ্চকে নির্বাচন কমিশনের আইনজীবী সুকুমার পাটযোশী এদিন বলেন, সংশোধিত ভোটার নিবন্ধিকরণ আইন ২০২২ অনুযায়ী ভোটার কার্ডে আধার নম্বর যোগ করা বাধ্যতামূলক নয়। এরজন্য ফর্ম ৬ ও ফর্ম ৬বি-র পরিবর্তন করা হবে বলেও আদালতকে প্রতিশ্রুতি দিয়েছে নির্বাচন কমিশন। ভোটার তালিকায় নাম তোলার জন্য ফর্ম ৬ আর পুরনো ভোটারদের কার্ডে আধার নম্বর যোগ করার জন্য ৬বি ফর্ম ব্যবহার করা হত। ২০২১ সালের সংশোধনী নির্বাচনী আইনে ভোটার কার্ডে আধার নম্বর যোগ বাধ্যতামূলক ছিল না। ২০২২ এর নতুন আইনকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে মামলা করেছিলেন তেলেঙ্গনা প্রদেশ কমিটির সহ সভাপতি জি নিরঞ্জন। নির্বাচন কমিশনের নয়া সিদ্ধান্তে স্বস্তি ফিরল জনমানসে, দাবি মামলাকারির। প্রসঙ্গত, ২০১৮ সালে ভোটের কার্ডে আধার নম্বর যোগ বাধ্যতামূলক করা নিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল কমিশন। কিন্তু একের পর এক মামলায় শীর্ষ আদালতের রায়ে পিছু হটে কমিশন। যদিও ২০১৫ সাল থেকে এই সংযুক্তিকরণ চলছিল। কিন্তু তা বাধ্যতামূলক ছিল না। এখনও পর্যন্ত ৬৬ কোটি ২৩ লক্ষ ভোটার কার্ডের সঙ্গে আধার যোগ হয়েছে।

কানাডা-ভারত দ্বিপাক্ষিক বর্তমান সম্পর্কে মন্তব্য তথাগত রায়ের

কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ কানাডা-ভারত দ্বিপাক্ষিক বর্তমান সম্পর্কে ভারতকে দৃঢ় সমর্থন করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।তিনি এক্স হ্যাণ্ডেলে শুক্রবার লিখেছেন, কানাডার প্রধানমন্ত্রী যেভাবে অভিযোগ করেছেন ভারতীয় রাষ্ট্র কখনও বিদেশী ভূখণ্ডে আক্রমণ করেনি। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্র পাকিস্তানের ভূখণ্ডে আক্রমণ করে ওসামা বিন লাদেনকে তুলে নিয়েছিল। এ বিষয়ে ট্রুডো কী বলবেন? আমি বলি, এটা ন্যায়সঙ্গত ছিল। ৫১তম রাজ্যের প্রধানমন্ত্রীও বলুন!ক্যানাডার প্রধানমন্ত্রী ট্রুডো বিনা প্রমাণে যে অভিযোগ করেছেন সেটা কূটনৈতিক আচরণ মোতাবেক একেবারেই অনৈতিক। ভারত যে কোনো প্রথম বিশ্বের সাদা চামড়ার দেশের এহেন আচরণ মেনে নেবে না সেটা ক্যানাডার কূটনীতিককে বহিস্কার করে দেখালেন নরেন্দ্র মোদী।ভারত এখন আর soft state >™Ø, pushover নয় ।

বাংলা থেকে এশিয়ান গেমসে যাচ্ছেন যাঁরা

কলকাতা, ২২ সেপ্টেম্বরঃএবারের এশিয়ান গেমসে ভারত থেকে ৬৫৫ জন অ্যাথলিট চিনের হানঝাউতে যাচ্ছেন। এদের মধ্যে বাংলা থেকে মোট ২৪ জন অ্যাথলিট যাচ্ছেন এশিয়ান গেমসে।কারা যাচ্ছেন হানঝাউতেঃঅ্যাথলেটিক্সঃবাংলার অ্যাথলেটিক্স স্বপ্না বর্মনকে ও সোনিয়া বৈশ্যবারের এশিয়ান গেমসে অংশ নিতে দেখা যাবে।শুটিঃ শুটিংয়ে এশিয়ান গেমসে বাংলার হয়ে খেলতে দেখা যাবে মেহুলি ঘোষকে।রাগবিঃএবারের গেমসের রাগবিতে দেখা যাবে বাংলার লছমি ওরান ও সন্ধ্যা রাইকে। জিমন্যাস্টিক্সঃএবারের এশিয়ান গেমসে জিমন্যাস্টিক্সে পারফর্ম করতে দেখা যাবে বাংলার প্রণতি নায়েককে।সাইক্লিংঃবাংলার অ্যাথলিট ত্রিয়শা পালকে দেখা যাবে এবারের এশিয়াডের সাইক্লিং ইভেঃট।ক্রিকেট(পুরুষ ও মহিলা)অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপজয়ী বাংলার তিতাস সাধু এ বারের এশিয়াডে ভারতীয় স্কোয়াডে জায়গা করে নিয়েছেন।মহিলা ক্রিকেট দলে দেখা যাবে রিচা ঘোষ ও দীপ্তিশর্মাকে।এদিকে পুরুষ ক্রিকেট টিমে বাংলা থেকে রয়েছেন শাহবাজ আহমেদ, মুকেশ কুমার।তির ঃ দাজিতিঃদাজিতে বাংলা থেকে এশিয়ান গেমসে অংশ নিতে গিয়েছেন অতনু দাস।ফুটবলফুটবলে বাংলা থেকে এশিয়াডে ভারতের হয়ে

মহিলা সংরক্ষণ বিল পাশ সংসদে, গণতান্ত্রিক যাত্রায় ঐতিহাসিক মুহূর্ত আখ্যা দিলেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর ঃ আইনসভায় মহিলাদের এক তৃতীয়াংশ আসন সংরক্ষণ সংক্রান্ত ১২৮-তম সংবিধান সংশোধনী বিল সংসদে পাস হয়েছে। রাজ্যসভায় বৃহস্পতিবার রাতে নারী শক্তি বন্দন অধিনিয়ম শীর্ষক বিলটি অনুমোদিত হয়। বিলের পক্ষে ভোট দেন ২১৪ জন সদস্য। বিপক্ষে একটিও ভোট পড়েনি। লোকসভায় বুধবারই বিলটি পাশ হয়েছে।রাজ্যসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, মহিলাদের আসন সংরক্ষণ বিলের ওপর ইতিবাচক আলোচনা হয়েছে। উভয়সভার ১৩২ জন সদস্য এতে অংশ নিচ্ছেন। বিলটিকে সমর্থন করার জন্য সব সদস্যকে ধন্যবাদ জানান তিনি। পরে টুইট করে প্রধানমন্ত্রী জানান, আমাদের দেশের গণতান্ত্রিক যাত্রায় একটি ঐতিহাসিক মুহূর্ত! ১৪০ কোটি ভারতীয়কে অনেক অভিনন্দন! নারী শক্তিঃ বঃদন আইন সম্পর্কিত বিলের পক্ষে ভোট দেওয়ার জন্য সমস্ত রাজ্যসভার সাংসদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা। সর্বসম্মতিক্রমে পাশ হওয়া খুবই উৎসাহব্যঞ্জক।

স্থায়ী উপাচার্য মনোনয়ন নিয়ে ধন্দ এখনও কাটেনি

কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ পশ্চিমবঙ্গের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর স্থায়ী উপাচার্য মনোনয়ন নিয়ে ধন্দ এখনও পুরোটা কাটেনি। এ ব্যাপারে সুপ্রিম কোর্ট স্পষ্ট নির্দেশিকা দিলেও রাজ্য হাঁটছে তার গতিতে। এখনও শিক্ষা দফতরের তরফে কতটা এগোনো গিয়েছে, তার ইঙ্গিত পাওয়া যায়নি।সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্য নিয়োগের জন্য সার্চ কমিটির সদস্যদের তালিকা তৈরি হয়ে গিয়েছে। জানিয়ে দিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। ওই সার্চ কমিটিতে কি ভিনরাজ্যের কেউ থাকবেন? এ প্রশ্নের জবাব এদিন এ।য়িে গিয়েছেন রাজ্যপাল। স্বাভাবিক ভাবেই ওই জল্পনাও মাথাচাড়া দিয়ে উঠছে।রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্যপালের সঙ্গে সরকারের মধ্যে সংঘাতের আবহ দীর্ঘদিনের। সেই সংঘাত মেটাতে খোদ সুপ্রিম কোর্ট একটি সার্চ কমিটি গঠনের নির্দেশ দিয়েছিল।শীর্ষ আদালতের বক্তব্য ছিল, আর একতরফা স্থায়ী উপাচার্য নিয়োগ নয়। স্থায়ী উপাচার্য নিয়োগে সার্চ কমিটি গঠন করে আলোচনার মাধ্যমে উপাচার্য নিয়োগ করতে হবে। ওই কমিটিতে থাকার জন্য রাজ্য, রাজ্যপাল এবং ইউজিসিকে কমপক্ষে ৩-৫জন বিশিষ্ট ব্যক্তির নাম প্রস্তাব করার কথা বলা হয়েছে।অর্থা ওই কমিটিতে রাজ্য, রাজ্যপাল এবং ইউজিসির প্রতিনিধি থাকার কথা। রাজ্যের তরফে এখনও কোনও প্রতিনিধির নাম ঘোষণা করা হয়নি। কার্যত রাজ্যপাল জানিয়ে দিলেন,মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশে সার্চ কমিটি গড়ার জন্য সদস্যদের নামের তালিকা তৈরি হয়ে গিয়েছে।এর আগে রাজ্যপালের বিরুদ্ধে ভিনরাজ্যের আধিকারিকদের দিয়ে কাজ করানোর অভিযোগ বারবার উঠেছে। সেই অভিযোগ এবারেও উঠছে। সেই জল্পনা আবার পুরোপুরি খারিজ করেননি রাজ্যপাল। ওই প্রশ্নে কার্যত নীরব থেকেছেন তিনি। তবে রাজ্যপালের ঘনিষ্ঠ মহলের দাবি, রাজ্যপাল যা করবেন, আইন মেনেই করবেন।

‘আমাদের পুজো, আমরাই মুখ’- যৌনকর্মীদের পুজোর থিম

কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ এবার নিজেদের কথাই বলতে চান উত্তর কলকাতার দুর্গাচরণ মিত্র স্ট্রিট, অবিনাশ কবিরাজ স্ট্রিট, শেঠবাগান, রামবাগান গলির মেয়েরা। পুজোর থিমে তাই যৌনকর্মীদের সগর্ব ঘোষণা- ‘ পুজো, আমরাই মুখ।’কলকাতার পুজোয় বড় কমিটিগুলি থিমের সঙ্গে সঙ্গে ব্র্যান্ড অ্যাম্বাসাডর নিয়োগ করে। অভিনেতা, অভিনেত্রী থেকে মডেলরা সুযোগ পান। সেই দায়িত্বটাও নিজেদের হাতেই রাখতে চাইছেন যৌনকর্মীরা। নিজেরাই মডেল হিসাবে ফোটোশুটে অংশ নিয়েছেন।যৌনকর্মীদের সংগঠন দুর্বার মহিলা সমন্বয় কমিটির যা পরিকল্পনা তাতে সোনাগাছির পুজোর হোর্ডিং দেখা যাবে কলকাতার বিভিন্ন জায়গায়। আর সেই হোর্ডিংয়ে দুর্গার সঙ্গে মুখ থাকবে পাড়ার মেয়েদেরই। সেই মেয়েদের মধ্যে রয়েছেন যৌনকর্মী তথা দুর্বারের সম্পাদক বিশাখা লস্কর।তিনি বলেন, ‘ যাই হোক, আমরা উৎসবের দিনেও আলাদাই থাকি। এ বার আমরা ঠিক করেছি, আমরাও অন্যদের মুখাপেক্ষী হয়ে থাকব না। আমরাই হয়ে উঠব পুজোর মুখ। একটি সংস্থার সাহায্যে শুটিংপর্ব মিটে গিয়েছে। হোর্ডিং, ব্যানার তৈরি হচ্ছে। কিছু দিনের মধ্যেই কলকাতার বিভিন্ন জায়গায় লাগানো হবে।’’ প্রসঙ্গত, বিশাখা নিজেও মুখ হিসাবে থাকছেন দুর্গাপুজোর হোর্ডিংয়ে।কলকাতার শারদীয় উৎসবের সঙ্গে ‘ রঙের পাড়া’ সোনাগাছির যোগ অনেক দিনের। এ বার যৌনকর্মীদের পুজোর বয়স ১১ বছর। শেষ কয়েক বছর ধরে থিমও ঢুকেছে সোনাগাছির পুজোয়। কিন্তু প্রতি বারই একটা সামাজিক বার্তা দেওয়ার ভাবনা থাকে পুজোর আয়োজক। এবার তাঁদের ভাবনায় অনেকেরই নজর পড়বে বলে বিশ্বাস উদ্যোক্তাদের।

বিশ্ব গাড়ি মুক্ত দিবসে সাইকেল র‍্যালির সূচনা করলেন রাজ্যপাল, জানালেন নিজ অঙ্গীকারের কথাও

কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ বিশ্ব গাড়ি মুক্ত দিবস উপলক্ষ্যে সাইকেল র‍্যালির সূচনা করলেন রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস। শুক্রবার সকালে সবুজ পতাকা নেড়ে এই সাইকেল র‍্যালির সূচনা করেছেন রাজ্যপাল বোস। রাজ্যপাল এদিন বলেছেন, দুর্গাপুজোয় সূচনা হবে ''কলাক্রান্তি'' উৎসবের। আমি আপনাদের সদয় দৃষ্টিতে আনতে চাই যে, আমরা কলাক্রান্তি মিশনের কর্মসূচির অংশ হিসেবে ''দুর্গা ভারত সম্মান'' নামে ১০৮টি পুরস্কার চালু করার সিদ্ধান্ত নিয়েছি, যা দুর্গাপুজোর আগের দিন প্রকাশিত হবে।রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস আরও বলেছেন, মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ার অনুরূপ, আমি কি বিনীতভাবে আপনাদের নজরে আনতে পারি যে পুরস্কারের ৩৩ শতাংশেরও বেশি মহিলা শিল্পীদের দেওয়া হবে। এটা একটা অঙ্গীকার।

প্রধানমন্ত্রীর নেতৃত্বে মহিলা ক্ষমতায়নে নেওয়া হয়েছে গুরুত্বপূর্ণ পদক্ষেপঃজে পি নাড্ডা

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে মহিলা ক্ষমতায়নে নেওয়া হয়েছে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সংসদে মহিলা সংরক্ষণ বিল পাস হওয়া প্রসঙ্গে বললেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগ প্রকাশ নাড্ডা। মহিলা সংরক্ষণ বিল পাস হওয়ার পর শুক্রবার সকালে দিল্লিতে বিজেপির সদর দফতরে প্রধানমন্ত্রী মোদীকে অভ্যর্থনা জানানো হয়। সেই অনুষ্ঠানে নাড্ডা বলেন, এটি আমাদের সকলের জন্য একটি অত্যন্ত ঐতিহাসিক মুহূর্ত। আমরা সবাই এই মুহূর্তের প্রত্যক্ষদর্শী হয়েছি, এটা আমাদের সৌভাগ্য। আমরা সবাই এই মুহূর্তটির জন্য দীর্ঘ সময়ের জন্য অপেক্ষা করছিলাম। দূরদর্শিতা, অটল সংকল্প এবং দৃঢ় অভিপ্রায় নিয়ে প্রধানমন্ত্রী ‘ শক্তি বন্দন বিল’ যথাসময়ে পাশ করিয়েছেন। এ জন্য আমরা তাকে অভিনন্দন জানাই।নাড্ডা বলেছেন, শুধু এই একটি নয়, নারীর ক্ষমতাযনের জন্য অনেক পদক্ষেপ নেওয়া হয়েছে। এর পাশাপাশি, প্রধানমন্ত্রী মোদীজিও গণতান্ত্রিক পদ্ধতিতে দেশের দীর্ঘদিনের অমীমাংসিত সমস্যার সমাধান করেছেন। নাড্ডা আরও বলেছেন, প্রধানমন্ত্রী মোদীজি নারীর ক্ষমতায়নের জন্য অনেক কর্মসূচি পরিচালনা করেছেন। স্বচ্ছ ভারত অভিযানের অধীনে ১২ কোটি বোনকে ইজ্জত ঘর (শৌচাগার) দেওয়া হয়েছে। যে জন্য ইউনিসেফও প্রশংসা করেছে। অন্যদিকে সংসদের উভয়কক্ষে 'নারী শক্তি বন্দন অধিনিয়ম' বিল অর্থা মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ায় খুশির আবহ বিজেপি শিবিরে। মহিলাদের মতে, ঐতিহাসিক যুগের সূচনা হয়েছে। সংসদের উভয়কক্ষেই পাশ হয়েছে মহিলা সংরক্ষণ বিল, বৃহস্পতিবার রাতে রাজ্যসভায় এই বিল পাশ হয়েছে। 'নারী শক্তি বন্দন অধিনয়ম' বিলের পক্ষে ভোট পড়ে ২১৪, বিপক্ষে শূন্য।এই বিল পাশ হওয়ায় শুক্রবার সকালে দিল্লিতে বিজেপি সদর দফতরের বাইরে আনন্দ উদযাপন করেন মহিলা বিজেপি কর্মীরা। এক মহিলা বলেছেন, এই বিলটি ২৭ বছর ধরে প্রতীক্ষিত ছিল, একটি ঐতিহাসিক যুগ শুরু হয়েছে। বিলটি একটি সোনালী যুগে পাশ হয়েছে। এটি মহিলাদের জন্য একটি বড় দিন। সংসদে মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ার পর বৃহস্পতিবার গভীর রাতেই সংসদ চত্বরে প্রধানমন্ত্রীকে অভিবাদন জানান মহিলা সাংসদরা।অন্যদিকে মহিলা সংরক্ষণ বিল পাশে খুশির আবহ বিজেপি তথা শাসক শিবিরে। কেউ বললেন, ঐতিহাসিক মুহূর্ত। কারও মতে, মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ায় খুশি দেশের মহিলারা। কেন্দ্রীয় মন্ত্রী মীনাক্ষী লেখি শুক্রবার সকালে বলেছেন, সমস্ত মহিলারা উৎফুল্ল। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, সমগ্র দেশের জন্য এটি একটি বড় প্রাপ্তি। বিষয়টি বিশেষ কৃতিত্ব নেওয়ার নয়, বিষয়টি সমাজের চাহিদা বোঝার বিষয় ...বিষয়টি সিদ্ধান্ত নেওয়ার ...এই বিলটি একবিংশ শতাব্দীতে একটি মাইলফলক হবে।বিজেপি নেত্রী বাশুরি স্বরাজ বলেছেন, আমি খুবই খুশি এবং আমি প্রধানমন্ত্রী মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি...প্রত্যেক সাংসদকে ধন্যবাদ যারা এর পক্ষে ভোট দিয়েছেন এবং এই বিলটি পাস করতে সাহায্য করেছেন। আপনারা জানেন, আমাদের জনসংখ্যা বেড়েছে। তাই একবার আদমশুমারি হয়ে গেলে আসন পুনর্বিন্যাস হবে এবং প্রতিটি নির্বাচনী এলাকার আসন পুনর্বিন্যাস করা হবে এবং তারপর ৩৩ শতাংশ সংরক্ষণ কার্যকর করা হবে। মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ায় দিল্লিতে বিজেপির সদর দফতরে এখন খুশির আবহ। শুক্রবার সকালেই দলের সদর দফতরে পৌঁছন প্রধানমন্ত্রী মোদী। সেখানে তিনি মহিলাদের মাথা নত করে প্রণাম করেন।

কর্মযোগী যুগল কিশোর জৈথলিয়ার স্মৃতিতে স্মরণ, ৭ অক্টোবর বিশেষ আলোচনাচক্রের আয়োজন

কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ শ্রী বড়বাজার কুমারসভা পুস্তকালয়ের প্রাক্তন সভাপতি ও পথপ্রদর্শক কর্মযোগী যুগল কিশোর জৈথালিযার স্মরণে প্রতি বছরের এবারও আয়োজিত হচ্ছে বিশেষ আলোচনাচক্র। এবার এই আলোচনাচক্রের অষ্টমতম সংস্করণ, আগামী ৭ অক্টোবর (রবিবার) কলকাতার জোড়াসাঁকো ঠাকুরবাড়ি প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে এই কার্যক্রম।এবার এই আলোচনাচক্রের বিষয়-বর্তমান পরিস্থিতিতে ভারতের সামনে চ্যালেঞ্জ ও সমাধান। এই অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন বিশিষ্ট শিল্পপতি হরিমোহন বাঙ্গার । প্রধান বক্তা হিসেবে থাকবেন সুপ্রিম কোর্টের আইনজীবী অশ্বনী উপাধ্যায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আয়কর উপদেষ্টা সজ্জন কুমার তুলসিয়ান। গ্রন্থাগারের অর্থমন্ত্রী অরুণ প্রকাশ মাল্লাওযাত বলেছেন, প্রতি বছর এই অনুষ্ঠানে নিবিড় বুদ্ধিমত্তা নিয়ে আলোচন হয়, এবারও সংশ্লিষ্ট বিষয়ে অর্থপূর্ণ আলোচনা হবে।

করিমগঞ্জে যানবাহনের ফিটনেস সার্টিফিকেট রিনিউয়ের সময়সীমা বেড়ে ১৫ অক্টোবর পর্যন্ত

করিমগঞ্জ (অসম), ২২ সেপ্টেম্বরঃ রাজ্যের পরিবহণ বিভাগ থেকে ওয়ান টাইম সেটেলমেন্ট স্কিমের অধীনে যানবাহনের ফিটনেস সার্টিফিকেট রিনিউয়ের সময়সীমা আগামী ১৫ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে।করিমগঞ্জের ভারপ্রাপ্ত জেলা পরিবহণ আধিকারিক জানিয়েছেন, যানবাহনের ফিটনেস সার্টিফিকেটের মেযাদ উত্তীর্ণ হওয়ার পর এই স্কিমের অধীনে তিন চাকার যান দৈনিক ১০ টাকা, বাণিজ্যিক ট্র্যাক্টর দৈনিক ১৫ টাকা, চার চাকার গাড়ি দৈনিক ২০ টাকা এবং ভারী বাণিজ্যিক ও অন্যান্য যানবাহন দৈনিক ২৫ টাকা হারে রেহাইযুক্ত লেইট ফাইন দিয়ে ফিটনেস সার্টিফিকেট রিনিউযাল বা পুনর্নবীকরণের ব্যবস্থা দেওয়া হযেছে।এর অধীনে শুধু অনলাইনে www.parivahan.gov.in যোগে আবেদন করে যানবাহন মালিকদের ১৫ জুলাই থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত সুবিধা গ্রহণের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু এই সময়সীমা আরও একমাস অর্থাৎ আগামী ১৫

লোকসভায় জোরালো বক্তব্য বিরোধী সাংসদদের

নয়াদিল্লি,২২সেপ্টেম্বরঃ ‘ চন্দ্রযান -৩এর জন্য মোদি সরকার সংসদে সাফল্যর ঢাক পেটাতে চাইলেও জল ঢেলে দিল বিরোধীরা। ভারতের ওই সাফল্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিরই- গত বৃহস্পতিবার লোকসভায় এমনই দাবির বাজনা বাজাতে চাইল সরকারপক্ষ। যদিও ভারতের মহাকাশ গবেষণা এবং সাফল্যে ব্যক্তি মোদির কোনও কৃতিত্ব নেই বলেই পাল্টা তোপ দাগল কংগ্রেস, তৃণমূল সহ বিরোধীরা। তাদের সাফ যুক্তি, যাবতীয় কৃতিত্ব ইসরোর বিজ্ঞানীদের। তাঁদের সাধনা, উদ্যোগ, একাগ্রতার। সরকারের পক্ষে প্রথম বক্তা প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ভারতের আদি যুগে মহাকাশ গবেষণার উল্লেখ করেন। তারপরই তিনি চলে আসে মোদিতন্ত্রে। এসব শুনেই কংগ্রেসের প্রথম বক্তা শশী থারুর বলেন, ভাবতে অবাক লাগে বেদের সময়কালেই পরেই মোদি সরকার। মধ্যের যাবতীয় কথা ভুলে যায় বিজেপি। পণ্ডিত নেহরুর উদ্যোগ, ইন্দিরা গান্ধীর দূরদর্শিতার কথা উল্লেখই করেন না। যা সমর্থন করেন সৌগত রায়ও। থারুরের প্রশ্ন, এতই যদি মহাকাশ গবেষণায় মোদি সরকারের আগ্রহ, তাহলে কেন বাজেটে কেটে দেওয়া হয়েছে ১৪ শতাংশ? ইসরোর সারা বছরের যা বাজেট, নাসা তা খরচ করে মাত্র এক মাসে। সরকারকে খোঁচা দিয়ে বলেন, ইসরোয় অনেক মহিলা বিজ্ঞানীও রয়েছেন। তাঁদের অবদান এবং যোগদানের জন্য কোনও সংরক্ষণের প্রয়োজন হয়নি। যেই না একথা বলা, প্রতিবাদ করে ওঠেন কেন্দ্রীয় মন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল। বলেন, মহিলাদের অপমান করছেন শশী থারুর। যদিও থারুর জানান, কোনওভাবেই অপমান করতে চাই না। স্রেফ বাস্তব উল্লেখ করেছি মাত্র। হাল্কাচালে বিজ্ঞান-প্রযুক্তিমন্ত্রী জিতেন্দ্রর সিং বলেন, আর যাইহোক শশী থারুর মহিলাদের অপমান করতে পারেন না। সংসদে ওঠে হাস্যরোল। আলোচনায় তৃণমূলের সৌগত রায় কটাক্ষ করে বলেন, গোটা দেশ যখন চন্দ্রযানের চাঁদের পৃষ্ঠ ছোঁয়ার দুর্লভ মুহূর্ত দেখতে মুখিয়ে, তখনই আচমকা টিভির পর্দায় ভেসে উঠল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মুখ। ভাবা যায়! কৃত্বিত্ব নেওয়ার এতই চেষ্টা? আর যেই না সৌগতবাবু একথা বলেছেন, হল্লা করে ওঠেন বিজেপি এমপি রমেশ বিধুরি। সৌগতবাবুও পাল্টা ধমক দেন। স্পিকারের আসন বসা বিজেপি এমপি রাজেন্দ্র আগরওয়ালও বিধুরিকে ধমক দেন। বলেন, আপনার কোনও কথাই রেকর্ডে যাচ্ছে না।

২৩ সেপ্টেম্বর বারাণসী যাচ্ছেন প্রধানমন্ত্রী, ক্রিকেট স্টেডিয়ামের শিলান্যাস-সহ রয়েছে নানা কর্মসূচি

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর ঃ একগুচ্ছ কর্মসূচি নিয়ে ২৩ সেপ্টেম্বর, শুক্রবার বারাণসী সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নিজের সংসদীয় কেন্দ্র বারাণসীর গঞ্জারি এলাকায়, শুক্রবার দুপুর ১.৩০ মিনিট নাগাদ আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের ভূমিপুজো করবেন প্রধানমন্ত্রী মোদী। এছাড়াও আরও বেশ কিছু কর্মসূচি রয়েছে মোদীর। তিনি কাশী সংসদ সাংস্কৃতিক মহোৎসবের অধীনে ১৯ সেপ্টেম্বর থেকে ২০ সেপ্টেম্বর পর্যন্ত আয়োজিত জেলা-স্তরের সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজয়ীদের শংসাপত্র বিতরণ করবেন।প্রধানমন্ত্রী মোদী বারাণসীতে নির্মিত অটল আবাসিক স্কুল এবং উত্তর প্রদেশের অন্যান্য ১৫টি বিভাগে নির্মিত অটল আবাসিক স্কুল বারাণসী থেকেই উদ্বোধন করবেন। আবাসিক বিদ্যালয়টি শিক্ষার্থীদের জন্য সকল সুযোগ-সুবিধা দিযে সজ্জিত। প্রধানমন্ত্রী মোদী বারাণসীতে ২০-দিন ব্যাপী চলমান কাশী সংসদ সাংস্কৃতিক মহোসবের চূড়ান্ত পর্যায়ে পৌঁছে যাওয়া শিল্পীদের সঙ্গেও দেখা করবেন।

গাজিয়াবাদের ডিএলএফ কলোনিতে আবাসনে আগুন, সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার দু’জন

গাজিয়াবাদ, ২২ সেপ্টেম্বর ঃ উত্তর প্রদেশের গাজিয়াবাদে আগুন লাগল একটি আবাসনে। বৃহস্পতিবার গভীর রাতে গাজিয়াবাদের ডিএলএফ কলোনি, অঙ্কুর বিহারে অবস্থিত একটি আবাসনে আগুন লাগে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি। তবে, সংজ্ঞাহীন অবস্থায় দু’জনকে উদ্ধার করা হয়। তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।দমকল অফিসার রাহুল পাল বলেছেন, বৃহস্পতিবার রাতে ডিএলএফ কলোনি, অঙ্কুর বিহারের এমএম রোডের ধারে অবস্থিত আবাসনে আগুন লাগে। আবাসনের বেসমেন্ট থেকে আগুনের সূত্রপাত হয়। রাত ১.১২ মিনিট নাগাদ আমরা আগুন লাগার খবর পাই। আমরা ঘটনাস্থলে পৌঁছনোর পর, সেখানে আটকে পড়া মানুষজনকে বাঁচাতে উদ্ধার অভিযান শুরু করি। দু’জনকে অচেতন অবস্থায় পাওয়া গিয়েছে, পরে তাঁদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়।দমকল অফিসার আরও জানিয়েছেন, পার্কিংয়ে থাকা গাড়িতে আগুনের বিষয়ে খবর পাওয়া যায়। আমরা উপরের তলায় মানুষজনের আটকে থাকার খবর পাই। বেসমেন্টে আগুন ছড়িয়ে পড়ে। আগুনে ১২টি দু’চাকার এবং ৪টি চার চাকার গাড়ি পুড়ে গিয়েছে। দমকলের চেষ্টায় আগুন পুরোপুরি নিভিয়ে ফেলা হয়েছে। আগুন লাগার কারণ খতিয়ে দেখা হচ্ছে বলে তিনি জানিয়েছেন।

৩০ বছরে যা হয়নি, মোদীজির নেতৃত্বে তা সম্ভব হয়েছেঃঅনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর ঃ বিগত ৩০ বছরে কেউ যা করে দেখাতে পারেনি, মোদীজির নেতৃত্বে তা সম্ভব হয়েছে। সংসদের উভয়কক্ষে মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়া প্রসঙ্গে বললেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। সংসদের উভয়কক্ষেই পাশ হয়েছে মহিলা সংরক্ষণ বিল, বৃহস্পতিবার রাতে রাজ্যসভায় এই বিল পাশ হয়েছে। 'নারী শক্তি বন্দন অধিনয়ম' বিলের পক্ষে ভোট পড়ে ২১৪, বিপক্ষে শূন্য।মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ায় খুশি ব্যক্ত করেছেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। তিনি শুক্রবার সকালে বলেছেন, গত ৩০ বছরে কেউ যা করতে পারেনি, তা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সম্ভব হয়েছে। যা থমকে গিয়েছিল ও ধাক্কা খেয়েছিল, সেটাই এখন সঠিক দিশায় ও সঠিক পথে পৌঁছে গিয়েছে। মধ্যরাতে ইতিহাস তৈরি হয়েছে।

নিউইয়র্কে স্কুল বাস খাদে পড়ে নিহত দুইজন, আশঙ্কাজনক পাঁচ

নিউইয়র্ক, ২২ সেপ্টেম্বর ঃ নিউইয়র্কে ফার্মিংডেল হাইস্কুলের একটি বাস নিযন্ত্রণ হারিয়ে ৫০ ফুট খাদে পড়ে যায়। এই দুর্ঘটনায় দুই জনের মৃত্যু হয়েছে। আহত হযেছেন আরও কয়েকজন । এদের মধ্যে পাঁচজনের অবস্থা আশঙ্কাজনক।জানা গেছে, বৃহস্পতিবার নিউ অরেঞ্জ কাউন্টি তে এই দুর্ঘটনা ঘটেছে। প্রথমে উদ্ধারকর্মীদের সহায়তায় বাস থেকে শিক্ষার্থীদের বের করা হয়। নিউইয়র্ক পুলিশের লেফটেন্যান্ট কর্নেল রিচার্ড এল. ম্যাজজোনকে উদ্ধৃত করে এক প্রতিবেদনে বলা হয়েছে, বাসটি ফার্মিংডেল হাই স্কুলের ৪০ জন ছাত্র এবং চারজন প্রাপ্তবয়স্ক ছিল। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। মাজজোন বলেন, প্রাথমিক তদন্তে অনুমান বাসের সামনের টায়ার ফেইল হয়ে দুর্ঘটনাটি ঘটেছে। ফার্মিংডেল হাই স্কুলের মুখপাত্র জ্যাক মেন্ডলিঙ্গার বলেন, বাসটি ক্যাম্পের জন্য পেনসিলভানিযার গ্রিলির দিকে যাচ্ছিল।

একদিনের বিশ্বকাপঃ২০১১ সাল থেকে আয়োজক দেশই জিতে আসছে শিরোপা

মুম্বাই, ২২ সেপ্টেম্বর ঃ এসে গেল একদিনের বিশ্বকাপ। অক্টোবরের ৫ তারিখ থেকে ভারতের মাটিতে বসছে একদিনের বিশ্বকাপের আসর। খেতাব জয়ের লক্ষ্য নিয়ে লড়াইয়ের নামছে দশটি দল। ক্রিকেট বিশ্বকাপকে ঘিরে প্রত্যাশার পারদ আকাশ ছুঁয়েছে। সমর্থকেরা অধীর আগ্রহে চেয়ে রয়েছে বিশ্বকাপের দিকে। নিজের দলকে সমর্থন জানাতে সমর্থকরা রীতিমত তৈরি।ভারত, পাকিস্তান, অস্ট্রেলিয়া, ইংল্যান্ড ও নিউজিল্যান্ডের মত দেশগুলি চ্যাম্পিয়ন হওয়ার জন্য রীতিমতো তৈরি।এবারের বিশ্বকাপে উল্লেখযোগ্য বিষয় হল প্রথম দুবারের বিশ্ব চ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডিজ এবার বিশ্বকাপে খেলছে না।কোয়ালিফাই পর্ব থেকে তারা ছিটকে গেছে। এবারের বিশ্বকাপে চ্যাম্পিয়ান হওয়ার দাবীদার কে? সবচেয়ে আগে উঠে আসবে অস্ট্রেলিয়ার নাম। কারণ বিশ্বকাপে তারাই সফল দল।বিশ্বকাপে যারা পাঁচ বার চ্যাম্পিয়ন হয়েছে। তাছাড়া এবার টেস্ট চ্যাম্পিয়নশিপ জিতে অস্ট্রেলিয়ার দাবিটা আরো জোরদার হয়েছে। এবার শিরোপা জেতার লড়াইয়ে জোরালোভাবে যে নামটা উচ্চারিত হচ্ছে সেই দলটা হল ইংল্যান্ড। গতবারের চ্যাম্পিয়ন ইংল্যান্ড এই মুহূর্তে একদিনের ক্রিকেটে যথেষ্ট শক্তিশালী দল। এরপর তো আসছেই ভারত পাকিস্তান নিউজিল্যান্ডের নাম।তবে গত ২০১১ সাল থেকে পরিসংখ্যান কিন্তু স্বাগতিকদের হয়েই কথা বলছে। কারন এই সাল থেকে আয়োজক দেশই জিতে আসছে শিরোপা। ট্রেন্ডটা চালু করেছে ভারতই। ২০১১ সালে ধোনির নেতৃত্বেই ভারত বিশ্বকাপ জিতেছিল দেশের মাটিতে। এরপর দু’দুটো বিশ্বকাপ সেই ট্রেডিশন ধরে রেখেছে। ২০১৫তে দেশের মাটিতে বিশ্বকাপ জিতেছে অস্ট্রেলিয়া। আর ২০১৯ সালে দেশের মাটিতে জিতেছে ইংল্যান্ড। আর এই পরিসংখ্যানই ভারতকে ভরসা যোগাচ্ছে এবার। সুতরাং এবার ঘরের মাঠে সেই ট্র্যাডিশন বজায় রাখতে মরিয়া থাকবে ‘ ইন ব্লু।’

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৩সেপ্টেম্বর ঃ শনিবার, ৫আশ্বিন মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৩সেপ্টেম্বর ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ ৫১২৩, সৌরঃ৫আশ্বিন মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সান্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৫আশ্বিন মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ৫আশ্বিন মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৩.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৯শতকরা এবং ৫৪শতকরা। বৃষ্টি হয়েছে বৃহৎবার । জোয়ার-সকাল ৯টা ২০ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৯টা ২০মিনিট। রাত-৯টো ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ২০মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১৫ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃসীমাহীন শক্তি ও উদ্যম আপনাকে চেপে ধরবে এবং আপনি যে কোন প্রদত্ত সুযোগ আপনার সুবিধামত কাজে লাগাবেন। সংসারে শান্তি হবে।
বৃষভ রাশিঃআপনি আপনার ইতিবাচক মনোভাব এবং আত্মবিশ্বাসের সঙ্গে আপনার হবে
মিথুন রাশিঃশারীরিকভাবে সুস্থ থাকার জন্য ব্যায়াম করুন। দীর্ঘ স্থায়ী সম্ভাবনাসহ বিনিয়োগ করা প্রয়োজন। সংসারে শান্তি হবে।
কর্কট রাশিঃযদি আপনি সাম্প্রতিককালে হতাশ বোধ করে থাকেন-তাহলে আপনার মনে রাখা উচিত যে আজ সঠিক কাজ
সিংহ রাশিঃযে কোনও নিমন্ত্রিত অতিথি আপনার বাড়িতে আজ আসতে পারে তবে তার ভাগ্য আপনাকে আর্থিকভাবে উপকৃত করতে পারে। সংসারে শান্তিহবে
কন্যা রাশিঃ আপনার অসুস্থতা নিরাময় করার জন্য এটিকে ব্যবহার করার চেষ্টা করুন। আপনি যদি কোনও ঋণ হবে।
তুলা রাশিঃবন্ধুরা আপনাকে কোন বিশেষ ব্যক্তির সাথে আলাপ করাবে যিনি আপনার চিন্তায় লক্ষ্যণীয় প্রভাব ফেলবেন। বড় দলে নিজেকে নিযুক্ত করা অত্যন্ত আমোদপূর্ণ হবে- কিন্তু আপনার খরচ উর্ধ্বমুখী প্রবণতা
বৃশ্চিক রাশিঃজীবন নিয়ে হেলাফেলা করবেন না, জানবেন জীবনে যত্নই আসল অঙ্গীকার।
ধনু রাশিঃবয়স্করা তাঁদের বা।তি শক্তি কোনো ইতিবাচক কাজে লাগালে শুভ ফল পাবেন।
মকর রাশিঃব্যস্ত সময়সূচী সত্ত্বেও স্বাস্হ্য সুঃদর থাকবে, কিন্তু আপনার জীবনকে নিশ্চিন্তভাবে
কুম্ভ রাশিঃযে সমস্যা আপনাকে ঝামেলায় ফেলছে তা সমাধান করার জন্য আপনার বুদ্ধির বিচক্ষণতা এবং কূটনীতি প্রয়োজন। সংসারে শান্তি হবে।
মীন রাশিঃআপনার দানী মনোভাব গোপন আশীর্বাদ হতে পারে কারণ আপনি সম্ভবত অনেক বিষয় থেকে মুক্তি পাবেন যেমন সংদেহ নিরুসাহ বিশ্বাসের অভাব লোভ অঙ্গীকার অহংকার

জয়নগর কুলতলি প্রেস ক্লাবের পথচলা শুরু

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ২২ সেপ্টেম্বর ঃ সাংবাদিকদের নিজস্ব সংগঠন জয়নগর কুলতলি প্রেস ক্লাবের শুভ উদ্বোধন হয়ে গেল বৃহস্পতিবার জয়নগরে।এদিন জয়নগর কুলতলী প্রেসক্লাবের উদ্যোগে প্রথমেই কুলতলির কৈখালীতে মাতলা নদীর পাড়ে ম্যানগ্রোভ রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।এদিন এই ম্যানগ্রোভ রোপণে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিম চন্দ্র হাজরা, বারুইপুর পৌরসভার ভাইস চেয়ারম্যান গৌতম কুমার দাস, বারুইপুর পৌরসভার কাউন্সিলার সুভাষ রায় চৌধুরী, কুলতলি বিধানসভার বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল, কুলতলি পঞ্চায়েত সমিতির সভাপতি রুপা সরদার,নিমপীঠ রামকৃষ্ণ আশ্রমের সম্পাদক স্বামী সদানন্দজী মহারাজ, সাংবাদিক অভিজ্ঞান নস্কর, তমাল সরকার, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,সুমন সাহা,সুকান্ত দাস,রাজু মুখার্জি,বাবলু হাসান লস্কর সহ একাধিক ।

পুজোর প্রাক্কালে হাওড়ায় খাদি বিপণন কেন্দ্রের শুভ সূচনা, মিলবে সুলভ মূল্যে খাদির পোশাক

শ্রেয়া আদক, হাওড়া, ২২ সেপ্টেম্বর ঃ পুজোর প্রাক্কালে হাওড়ায় খাদি বিপণন কেন্দ্রের শুভ সূচনা। মিলবে সুলভ মূল্যে খাদির পোশাক। বাংলার ঐতিহ্য মসলিন খাদি, সুতি খাদি, সিল্ক খাদি ও অন্যান্য গ্রামীণ নানান শিল্প সামগ্রীর সম্ভার নিয়ে. হাওড়া জেলা পরিষদের মূল গেটের পাশেই শুক্রবার সকালে সূচনা হয় খাদি বিপণন কেন্দ্র।পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পরিষদের নিজস্ব বিপণন কেন্দ্র এদিন থেকে তার যাত্রা শুরু করল। সৌজন্যে পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ. আসন্ন শারদোৎসব উপলক্ষে বিশেষ ছাড় দেওয়া হচ্ছে। এখানে পাওয়া যাবে নতুন আঙ্গিকে বিভিন্ন খাদির পোশাক সামগ্রী। সুলভ মূল্যে সকলের সাধ্যের মধ্যে জনতা খাদিও পাওয়া যাবে এখানে। থাকছে বিশেষ ছাড়ের ব্যবস্থাও। এদিন এর সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাওড়া জেলা পরিষদের সভাধিপতি অজয় দাস, সহ সভাধিপতি অজয় ভট্টাচার্য, পশ্চিমবঙ্গ খাদি দপ্তরের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক নিমাই চন্দ্র হালদার, পশ্চিমবঙ্গ খাদি ও

গ্রামীণ শিল্প পর্ষদের হাওড়া জেলা আধিকারিক অশোক কুমার পাল সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। প্রসঙ্গত, খাদির তৈরি কাপড় ও গ্রামীণ শিল্প দ্রব্যের বিপণনের সুবিধার্থে পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ বিভিন্ন জেলায় নিজস্ব বিপণন কেন্দ্র খুলেছে। শুক্রবার সকালে হাওড়া জেলায় নতুন ওই বিপণন কেন্দ্রের শুভ উদ্বোধন হয়। এই বিপণন কেন্দ্র খুলতে হাওড়া জেলা পরিষদ কর্তৃপক্ষ সহ প্রশাসনিক আধিকারিকরা সহযোগিতা করেন বলে দপ্তর সূত্রে জানা গেছে। বর্তমানে এই বিপণন কেমন্দ্রে পাওয়া যাচ্ছে বাংলার ঐতিহ্য মসলিন খাদি, সুতি খাদি, সিল্ক খাদি ও মহিলাদের পিওর সিল্ক, গরদ, তসর, বালুচরি ইত্যাদি রেডিমেড পোশাক। গ্রামীণ শিল্প সামগ্রী যেমন সাবান, শ্যাম্পু, মধু, ঘি, বড়ি ওয়েল, আমলা ক্যান্ডি ইত্যাদি ডিসকাউন্টে পাওয়া যাচ্ছে এখান থেকে। দোকান খোলা প্রতি সোম থেকে শনি সকাল ১০টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত। এদিনের উদ্বোধন প্রসঙ্গে হাওড়া জেলা পরিষদের সহ সভাধিপতি অজয় ভট্টাচার্য জানান, সকলেই এখানে এমন একটা আউটলেট করতে চাইছিলেন যা গ্রামীণ শিল্পীদের তৈরি করেন। এই সকল গ্রামীণ শিল্পীদের পণ্যের বাজার করার জন্য এদিন এটি পুজোর মুখে করা হলো। এখানে বহু মানুষের যাতায়াত। তাঁরা এখান থেকে গ্রামীণ উৎকৃষ্ট পণ্য এমন কি সুন্দরবনের মধু থেকে শুরু করে অন্যান্য দ্রব্য পাবেন সুলভ মূল্যে। এটি সফল হলে এখানকার কর্মচারীদের কর্মসংস্থান হবে। শুধু তাই নয়, এখানে গ্রামীণ শিল্পীদের সঙ্গে উপভোক্তাদের সরাসরি যোগাযোগের কেন্দ্রস্থল হবে। আশা করা যায় পুজোর মধ্যে সকলে খাদির পণ্য ব্যবহার করবেন। এটা ট্র্যাডিশনাল হলেও নিত্যনতুন, অত্যাধুনিক ডিজাইন এনে রাজ্য সরকার এটা আন্তর্জাতিক বাজারে পাঠানোর ব্যবস্থা করেছেন।

নতুন পাম্প হাউসের উদ্বোধন হাওড়ায়

দুরন্ত বার্তা, হাওড়া, ২২ সেপ্টেম্বর ঃ হাওড়া পৌরনিগমের উদ্যোগে নতুন একটি পাম্প হাউসের উদ্বোধন হলো উত্তর হাওড়ার সীতানাথ বোস লেনে। এর ফলে ওই এলাকার মানুষ জল জমার সমস্যা থেকে মুক্তি পাবেন। উত্তর হাওড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সালকিয়ার সীতানাথ বোস লেন অঞ্চলে শুক্রবার দুপুরে হাওড়া পৌরনিগমের ওই পাম্প হাউসের শুভ উদ্বোধন হয়। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাওড়া পৌরনিগমের মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী, বিধায়ক গৌতম চৌধুরী, পুর প্রশাসকমন্ডলীর সদস্য বাপী মান্না, মনজি রাফেল সহ অন্যান্যরা। এদিন হাওড়া পৌরনিগমের মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী বলেন, এই এলাকার মানুষ দীর্ঘদিন জল জমার সমস্যায় ভোগেন। একবারে সব সমস্যা মেটানো সম্ভব নয়। এই ব্যাপারে স্থানীয় বিধায়ক গৌতম চৌধুরী সহ মেয়র পরিষদের সদস্যদের নিয়ে এক বৈঠক হয়। সেই বৈঠকে সিদ্ধান্ত হয় এখানে একটা পাম্পিং হাউস তৈরির ব্যাপারে। ইতিমধ্যেই তার একটা পার্ট করা হয়েছে। আর একটা পার্ট আর একটা পাম্প লাইন সহ বসানো হবে। আগামী

দিন এই এলাকার মানুষ জমা জল যন্ত্রণার হাত থেকে মুক্তি পাবেন। এদিন বিধায়ক গৌতম চৌধুরী বলেন, এই মুহুর্তে সীতানাথ বোস লেনে ৮ হাজার মানুষের বসবাস। রামকুমার ঘোষ লেন, কালীচরণ দাস লেন, বিবির বাগান প্রভৃতি এলাকায় দীর্ঘদিন ধরে জল জমার সমস্যা ছিল। আমরা টোকেন চেষ্টা করলাম। এতে ৬০ শতাংশ পরিষ্কার হবে। যাতে ১০০ শতাংশ কাজ হয় সেই ব্যাপারে পুর প্রধানকে জানিয়েছেন বলে বিধায়কের দাবি। পুর প্রশাসকমন্ডলীর সদস্য মনজি রাফেল বলেন, এলাকার বিধায়ক, পুরপ্রধান সহ পুর প্রশাসকমণ্ডলীর সকলের চেষ্টায় এই কাজ করতে পারা গিয়েছে। এখানে দীর্ঘদিন হরে জল জমে থাকত। ওয়ার্ডের বেশিরভাগ জল এখান দিয়ে যায়। কিছুটা কাজ হয়েছে। বাকি কাজ খুব তাড়াতাড়ি শেষ করা হবে। এই এলাকার মানুষ যাতে জলের জন্য সমস্যায় না পড়েন তারজন্য চেষ্টা চালানো হবে।

হোটেলগুলিতে নিরাপদ স্যানিটেশন ব্যবস্থায় ক্যাম্প

মতিযার রহমান,উলুবেড়িয়া, ২২ সেপ্টেম্বর ঃ হাওড়া জেলার পর্যটন কেন্দ্রের হোটেল ও হোমস্টেগুলিতে নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা বজায় রাখার জন্য জেলা প্রশাসনের পক্ষ হতে পর্যটন কেন্দ্র শ্যামপুরের গাদিয়াড়া ও বেলাড়ীতে একদিনের ওরিয়েন্টেশন ক্যাম্প অনুষ্ঠিত হলো। শ্যামপুরের গাদিয়াড়াতে সরকারি ও বেসরকারি মিলিয়ে মোট এখনও পর্যন্ত চব্বিশটি হোটেল আছে। অন্যদিকে হুগলী নদীর তীরে বেলাড়ীতে গ্রাম পঞ্চায়েত এলাকায় গড়চুমুকের ৫৮ গেট এলাকায় এখনও পর্যন্ত মোট ন'টি হোমস্টে আছে। বৃহস্পতিবারের এই ওরিয়েন্টেশনে সরকারী সহ সব হোটেল ও হোমস্টের মালিক ও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এই প্রকল্পের বিষয়ে ব্যাখা করতে গিয়ে শ্যামপুর এক নম্বর ব্লকের বিডিও তন্ময় কার্জী বলেন গাদিয়াড়া ও গড়চুমুক এলাকায় একাধিক সরকারী ও বেসরকারী হোটেল আছে। এইসব হোটেলগুলোতে যাতে নিরাপদ স্যানিটেশান ব্যবস্থাকে পুরোপুরি কার্য্যকর করা যায় তার জন্য এই কর্মশালা। শ্যামপুর এক নম্বর পঞ্চাযেত় সমিতির সভাপতি মৃন্ময় মান্না বলেন ইতিমধ্যে গাদিযাড়া, গড়চুমুক ও বেলাড়ী এলাকায় একাধিক জায়গায় কঠিন বর্জ্য নিস্কাশন প্রকল্প চালু হয়েছে। তিনি ওই প্রকল্পের সুবিধা নিতে সকল হোটেল ও স্টেহোমের মালিকদেরও্ অনুরোধ জানান। পঞ্চায়েত সমিতির সভাপতি আরো বলেন যদি কেউ নিরাপদ স্যানিটেশন ব্যবস্থার নিয়মাবলী মেনে না চলেন, তাঁদের বিরুদ্ধে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়ার ক্ষমতা আছে। দুটো অনুষ্ঠানেই উপস্থিত ছিলেন হাওড়া জেলা পরিষদের অধ্যক্ষ অজয় মন্ডল,হাওড়া জেলা পরিষদের সচিব সামশুল আলম, উলুবেড়িয়ার মহকুমা শাসক সৌম্য চট্টোপাধ্যায় সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধান সহ অন্যান্যরাও উপস্থিত ছিলেন এই অনুষ্ঠানে।

পুজোর মাঝেই ইডেনে ম্যাচ!পাকিস্তান টিমের নিরাপত্তা নিয়ে আশ্বস্থ্য করলেন সিপি

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ আসন্ন ক্রিকেট বিশবকাপে ৫টি ম্যাচ অনুষ্ঠিত হবে কলকাতার ইডেন গার্ডেন্স এ। একদিকে বিশ্বকাপের মতো ব। ইভেন্ট, অন্যদিকে পুজো। একসঙ্গে দুই মেগা ইভেন্ট কি করা যাবে? তবে সে ব্যাপারে শহরবাসীকে আশ্বাস দিচ্ছেন কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল। পুজোর সঙ্গে ওয়ার্ল্ড কাপের ম্যাচগুলোতে নিরাপত্তার বিষয়ে জিজ্ঞাসা করা হলে পুলিশ কমিশনার জানিয়েছেন, আমরা নিশ্চিতভাবে ওয়ার্ল্ডকাপের ম্যাচ নিয়ে চিন্তাভাবনা করছি। ম্যাচগুলোকে ঘিরে যথাযথ পুলিশি ব্যবস্থা করা হবে। কলকাতা পুলিশ বাহিনী খুবই পেশাদার। আমরা আইনশৃঙ্খলা, ম্যাচ ম্যানেজমেন্ট, নিরাপত্তা সহ সমস্ত বিষয়গুলোর ওপরেই নজর রাখছি। এগুলো আমরা আগেও অনেক বছর ধরে সাফল্যের সঙ্গে সামলে আসছি। তাই এবারও আমরা একই রকমভাবে সবকিছুর আয়োজন করব। কোনরকম সমস্যা হবে না। তবে উসবের মরশুমে ক্রিকেট বিশ্বকাপ আয়োজনের ব্যবস্থা হলেও আইএসএল ও এএফসি কাপের ম্যাচ আয়োজন করা সম্ভব নয় বলে আগেই জানিয়েছেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। ইতিমধ্যে সাংবাদিক সম্মেলন করে জানিয়েছেন আই এস এল এর প্রথম ডার্বি হওয়ার কথা ২৮ অক্টোবর। তবে উসবের মরশুম হওয়ার দরুন মোহনবাগান সুপার জায়েন্ট এবং ইস্টবেঙ্গলকে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হয়েছে যে ওই সময় পুলিশি নিরাপত্তা দেওয়া সম্ভব নয়। শোনা যাচ্ছে আইএসএলের প্রথম ডার্বির আয়োজক মোহনবাগান সুপার জায়ান্ট। তাই ডার্বি হতে পারে ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে। পাশাপাশি ২৩ অক্টোবর এএফসি কাপে খেলবে মোহনবাগান সুপার জায়ান্ট। ওই ম্যাচেও পুলিশ নিরাপত্তা দেওয়া সম্ভব নয় বলে জানিয়েছেন অরূপ বিশ্বাস। এছাড়াও ২১ অক্টোবর অর্থা সপ্তমীর দিন আই এস এল মুখোমুখি হবে ইস্টবেঙ্গল এফসি এবং এফসি গোয়া। ওই ম্যাচেও কোন রকম নিরাপত্তা ব্যবস্থা দেওয়া সম্ভব না বলে জানিয়ে দিয়েছিল ক্রীড়ামন্ত্রী।যদিও এই ব্যাপারে নগরপাল সরাসরি কোনও উত্তর দেননি। বলেছেন বিষয়টি তিনি ক্রীড়ামন্ত্রীর সঙ্গে আলোচনা করার পরেই বলতে পারবেন।

আন্দোলনে ল' ক্লার্করা অবরোধ হাওড়ায়

দুরন্ত বার্তা, হাওড়া, ২২ সেপ্টেম্বর ঃ আন্দোলনে ল' ক্লার্করা। অবরোধ হাওড়ায়। এবার ল' ক্লার্করা পথ অবরোধ করলেন হাওড়ায় জেলাশাসকের আবাসনের সামনে। প্রায় ৯ দফা দাবি নিযে.শুক্রবার দুপুরে হাওড়ায় জেলাশাসক আবাসনের সামনে ল' ক্লার্ক অ্যাসোসিয়েশনের সদস্যরা পথ অবরোধ করেন। তাঁরা প্রায় ৩০ মিনিট ধরে এই বিক্ষোভ চালান। এর জেরে যান চলাচল ব্যাহত হয়। পরে হাওড়া সিটি পুলিশের তরফ থেকে গাড়িগুলো বঙ্কিম সেতু হয়ে হাওড়া ময়দানের দিকে ঘুরিয়ে দেওয়া হয়। তাঁরা জানিয়েছেন, তাঁদের দাবি না মানা আগামী দিন আরও বৃহত্তর আন্দোলনে নামা হবে। এই আন্দোলনের বিষয়ে রাজ্য কাউন্সিলের সদস্য অসীম কর জানান, যেহেতু আমাদের আন্দোলন সফলতার দিকে যাচ্ছে সেহেতু পুলিশ তাঁদের মিছিল অন্য রাস্তা দিয়ে ঘুরিয়ে দিয়ে আমাদের ছোট করতে চাইছে। এই ব্যাপারে মুখ্যমন্ত্রী, পুলিশ কমিশনার, হাওড়া থানাকে ডেপুটেশন দেওয়া হয়েছে। এই কর্মসূচির জন্য কাজ বন্ধ রাখা হয়েছে। এই কর্মসূচি পালন করার পর আবার কাজে ফিরব। পশ্চিমবঙ্গ ল' কার্ক অ্যাসোসিয়েশনের ফৌজদারি আদালত হাওড়া শাখার সম্পাদক সন্তোষ দাস জানান, দীর্ঘদিন ধরে আমাদের ১৪ দফা দাবির সমর্থনে রাজ্য সরকারের কাছে জানানো হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সরকার কোনও দাবি মানেনি। এই পরিস্থিতিতে বাধ্য হয়ে মানুষের অসুবিধা সত্যেও আমাদের রাস্তায় নামতে হয়েছে। আমাদের দাবি ল' ক্লার্কদের ওয়েলফেয়ার ফান্ড চালু করতে হবে। ল' ক্লার্ক আইন সংশোধন ও সংযোজন করতে হবে। ল' ক্লার্কদের কাজের অধিকারকে কার্যকরি করতে হবে প্রভৃতি। পুলিশ যদি সহায়তা না করে তাহলে আগামী দিন বৃহত্তর আন্দোলনে যাব।

কোচবিহার বিমানবন্দর থেকে আরও একটি বিমান পরিষেবা

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ রাজ্য সরকার উত্তরবঙ্গের কোচবিহার বিমানবন্দর থেকে আরও একটি বিমান পরিষেবা চালু করার জন্য উদ্যোগী হয়েছে। রানওয়ে বৃদ্ধি সহ ১৭৪ একর জমির উপরে নির্মিত বিমানবন্দরের পরিকাঠামোর উন্নয়ন নিয়ে জেলাশাসক পবন কাদিয়ান সম্প্রতি বিমানবন্দরের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। পাশাপাশি আরও একটি বিমান সংস্থার সঙ্গে প্রাথমিক কথা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য গত ফেব্রুয়ারি মাস থেকে এই বিমানবন্দর থেকে কলকাতার সঙ্গে সংযোগকারী একটি নয় আসনের ছোট বিমান চলাচল শুরু হয়েছে। তার পাশাপাশি আরও একটি ব। বিমান চলানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

দুদিনের উপভোক্তা সম্পর্ক অভিযান চালাবে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ গণবন্টন ব্যবস্থা সম্পর্কে সাধারণ মানুষের অভাব অভিযোগ এবং মতামত জানতে খাদ্য দফতর দুদিনের বিশেষ উপভোক্তা সম্পর্ক অভিযান চালাবে। আগামী কাল ও রবিবার রাজ্যজুড়ে সব রেশন দোকানে এই অভিযান চলবে। দফতরের। কর্মী ও আধিকারিকদের সঙ্গে রাজ্যের খাদ্যমন্ত্রী রথীন ঘোষও রেশন দোকানে গিয়ে গ্রাহকদের সঙ্গে কথা বলবেন। ডিলারদের সঙ্গেও তাঁদের কথা হবে। অন্যদিকে গ্রাহকদের জন্য খাদ্য দফতরের গৃহীত নানা পদক্ষেপ, তাঁদের প্রাপ্য খাদ্য সামগ্রীর পরিমাণ ইত্যাদি তাদের বুঝিয়ে বলা হবে। খাদ্যমন্ত্রী জানিয়েছেন, আধিকারিকরা রেশন দোকান থেকে প্রাপ্ত তথ্য দফতরের কাছে রিপোর্ট হিসাবে পেশ করবেন। তিনি জানান, গত বছর এপ্রিল ও নভেম্বর মাসে দু'দিন এই কর্মসূচি চলেছিল এবং ভালো সাড়া মিলেছিল।

পঁচিশ বোতল বিদেশি মদ বাজেয়াপ্ত করলো পুলিশ

বনস্পতি দে, হুগলি,২২ সেপ্টেম্বর ঃ বিহারে মদ নিষিদ্ধ করেছিলেন মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। মদ্যপায়ীদের পরিবর্তে মদ বিক্রেতাদের ওপর নিষেধাজ্ঞা জারি করেছিলেন জেডিইউ প্রধান। এবার সেই রাজ্যেই মদ নিয়ে যাওয়ার চেষ্টা করতেই পুলিশের জালে এক যুবক। তার কাছ থেকে পঁচিশ বোতল বিদেশি মদ বাজেয়াপ্ত করেছে শেও।ফুলি জিআরপি থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, অভিযুক্তের নাম সিভাম ভুঁইয়া (৩৫)। তার বাড়ি বিহারের পূর্ব চম্পারণ জেলার ছোট তৌরি এলাকায়। জানা গিয়েছে, বৃহস্পতিবার রাত্রিবেলা নিতান্তই সন্দেহের বসে শ্রীরামপুর স্টেশনে সিভামকে আটক করে। তল্লাশি চালানো হয় তার ব্যাগে। চেইন খুলতেই চক্ষু চড়কগাছ হওয়ার জোগার। প্রায় পঁচিশ মদ উদ্ধার হয়। যার আনুমানিক বাজার মূল্য ত্রিশ হাজার টাকা। শুক্রবার অভিযুক্তকে শ্রীরামপুর আদালতে তোলা হবে। ঘটনার বিষয়ে শেওড়াফুলি জিআরপি ওসি প্রদ্যু ঘোষ জানান, গোপন সূত্রে খবর পেযে.শ্রীরামপুর স্টেশনে বিশেষ অভিযান চালানো হয়। তারপরই বছর পঁচিশের বিহারের ওই বাসিঃদাকে গ্রেফতার করা হয়। তার কাছ থেকে পঁচিশ বোতল মদ উদ্ধার হয়েছে। প্রসঙ্গত, ২০১৬ সালে মদের ওপর নিষেধাজ্ঞা জারি করেছিলেন মুখ্যমন্ত্রী নীতীশ। সরকার সিদ্ধান্ত নেয়, মদ্যপান করবেন অথবা যাদের মদ্যপ অবস্থায় পাওয়া যাবে, তাদের পরিবর্তে মদ চোরাচালানকারী, সরবরাহকারীদের বিরুদ্ধে আরও কঠোর পদক্ষেপ করা হবে। এরপর পুজোর আগে এ হেন মদ পাচারের ঘটনায় রীতিমত চাঞ্চল্য।

স্বরূপনগরে উর্দ্ধমুখী ডেঙ্গু আক্রান্তের সংখ্যা

সৌরভ দাশ, বসিরহাট, ২২ সেপ্টেম্বর ঃ ডেঙ্গু প্রতিরোধে সরকারী তরফে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে রাজ্যের সর্বত্র। পরিস্কার পরিচ্ছন্ন তা সহ সচেতনতা বৃদ্ধির বিভিন্ন প্রয়াস চললেও বেশ কিছু জায়গায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়ছে। স্বাস্থ্য দপ্তরের তথ্য অনুযায়ী এই মুহূর্তে স্বরূপনগরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা চুরাশি জন । সারাপুল হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি আছেন বেশ কয়েকজন । জ্বর নিয়ে প্রায় প্রতিদিনই আউটডোরে ভীড় জমাচ্ছেন অনেক মানুষ। সব মিলিয়ে চিন্তা বাড়ছেই। চিন্তা থেকে মুক্ত হতে, ডেঙ্গু আক্রান্ত কিনা তা যাচাই করতে বা ডেঙ্গু আক্রান্ত হলে তার চিকিৎসা করাতে সাধারন মানুষের ভরসা যে হাসপাতাল , সেখানেও জমা জল আতঙ্ক।

সারাপুল হাসপাতাল চত্বরের বিভিন্ন জাযগায. জমে রয়েছে জল , নোংরায. বন্ধ হযে. রয়েছে ড্রেন, ড্রেনে জমে রয়েছে জল,নোংরা আবর্জনা ও ঝোপঝাড়ে পরিণত হয়েছে সারাপুল হাসপাতালে চত্বর । এখানেই মশার আঁতু। ঘর নয়তো?

এই বিষয়ে এলাকার বাসিন্দা বলরাম দাস, সৈকত মুখার্জি বলেন হাসপাতাল চত্বর পরিস্কার করা হোক। ব্লক অফিস এবং স্বাস্থ্য দপ্তর একটু নজর দিক হাসপাতালের দিকে । শীঘ্রই এই সমস্যা থেকে সমাধান চায. এলাকার মানুষ। ডেঙ্গুর প্রকোপ স্বরূপনগরে বাড়ছে স্বীকার করে বসিরহাট স্বাস্থ্য জেলার সি.এম.ও.এইচ রবিউল ইসলাম গাজী বলেন ডেঙ্গু প্রতিরোধে সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে । যদিও সারাপুল হাসপাতাল এলাকা নোংরা আবর্জনায় ভর্তি বা জল জমে রয়েছে,এই বিষয়ে তিনি কিছু বলেননি। সারাপুল হাসপাতালের চিকিসক ডাঃ তন্ময় সরকার জানানপ্রতিদিন শযে.শযে.জ্বরে আক্রান্ত রোগী হাসপাতালে আউটডোরে দেখাতে আসছেন । এবং হাসপাতালে এই মুহূর্তে বেশ কয়েকজন ডেঙ্গু আক্রান্ত রোগীও ভর্তি আছেন। স্বরূপ নগরের বিডিও-অজয় কুমার দণ্ডপাত ক্যামেরার সামনে কিছু না বললেও ফোনে জানান সারাপুল হাসপাতালের বি.এম.ও.এইচ এর সাথে কথা বলে শীঘ্রই সমস্যার সমাধান করা হবে। এলাকার মানুষের দাবি অতি শীঘ্রই হাসপাতাল চত্বর পরিস্কার-পরিচ্ছন্ন করা হোক। ডেঙ্গু প্রতিরোধে সরকারী নির্দেশাবলী কে মান্যতা দেওয়া হোক,সচেতনতা গড়তে সদর্থক ভূমিকা নেওয়া হোক, ডেঙ্গু থেকে মুক্ত হোক স্বরুপনগর।

হুগলি পুর এলাকায় ডেঙ্গু সংক্রমণ রুখতে পরিচ্ছন্নতা অভিযান

দুরন্ত বার্তা, হুগলি, ২২ সেপ্টেম্বর ঃ এবারে হুগলির পুর এলাকার থেকে গ্রামাঞ্চলে ডেঙ্গুর উপদ্রব অনেক বেশি। গ্রামীণ হুগলির চন্ডীতলা হরিপাল ও বলাগড় ব্লক ডেঙ্গুর হটস্পট এলাকা বলে চিহ্নিত। বিশেষ করে হুগলির চন্ডীতলা এক নম্বর ব্লকের শিযাখালা ও ত পার্শ্ববর্তী গ্রামগুলি এবং হরিপাল ব্লকের শ্রীপতিপুর ইলিপুর গ্রাম পঞ্চায়েত এলাকা ছাড়াও নালিকুল পশ্চিম ও বন্দিপুর গ্রাম পঞ্চায়েতে বহু মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন গত দুমাস ধরে। এখনো কয়েকটি এলাকায়

সংক্রমণ বেড়েই চলেছে। ইতিমধ্যে স্বাস্থ্য দপ্তর এবং ব্লক প্রশাসনের তরপে ডেঙ্গু সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে বেশ কয়েকটি সচেতনতা শিবির করা হয়েছে,নিয়মিত স্প্রে করা হচ্ছে উপদ্রুত এলাকায় , তা সত্ত্বেও কিছু এলাকায় সংক্রমণ কমলেও হরিপালের নালিকূল পশ্চিম এবং বন্দিপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় এখনো বহু মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছেন। স্বাস্থ্য কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে রোগীর পরিজনদের পরামর্শ দিচ্ছেন। ভিআরপি কর্মীরাও উপদ্রুত এলাকায় নিয়মিত স্প্রেও করাচ্ছেন। হরিপাল ব্লক প্রশাসনের তরফে ক্লিনিং প্রোগ্রাম শুরু হয়েছে যাতে ভিআরপি এবং স্বাস্থ্যকর্মী আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীরা একত্রে এই অভিযানে অংশ নিযে.এলাকা পরিষ্কার করাচ্ছেন পাশাপাশি গ্রামবাসীদের মধ্যে সচেতনতা গড়ে তুলতে প্রচার চালাচ্ছেন। হরিপালের শ্রীপতিপুর ইলিপুর গ্রাম পঞ্চায়েতের ভি,আর, পি, সুপারভাইজার পিয়াঙ্কা পাল জানান এই পঞ্চায়েতে তিন দিন ধরে ভিআরপি স্বাস্থ্যকর্মী আশা কর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীদের নিয়ে গঠিত টিম বিভিন্ন এলাকা পরিষ্কার ও মানুষের মধ্যে সচেতনতা গড়ে তুলতে প্রদক্ষিণ করেন এবং পচা চালান। ইতিমধ্যেই গত বৃহস্পতিবার শ্রীরামপুরে ডেঙ্গি প্রতিরোধে ও সচেতনতা গড়ে তুলতে হুগলির নবনিযুক্ত জেলা শাসক মুক্তা আর্য প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক করেন। জানা গেছে ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে নির্দেশ দেওয়া হয়েছে। এদিকে হরিপাল ব্লকের বি এম ও এইচ মণিকুন্তলা হাজরা জানান আগের থেকে ডেঙ্গুর সংক্রমণ কিছুটা কমলেও হরিপালের বন্দিপুর ও নালিকুল পশ্চিম গ্রাম পঞ্চায়েত এলাকায় ডেঙ্গু সংক্রমনে তেমন ভাবে রাস টানা যায়নি। তিনি সংক্রমণের সংখ্যা সংবাদ মাধ্যমকে জানাতে অপারগ বলে উল্লেখ করে বলেন এ ব্যাপারে যাবতীয় তথ্য জেলা আধিকারিকরাই দেবেন। যদিও প্রতিদিনই গ্রামাঞ্চলে কেউ না কেউ ডেঙ্গিতে আক্রান্ত হচ্ছেন, এ ব্যাপারে গ্রামবাসীদের অভিযোগ গ্রামে বিভিন্ন এলাকায় এই বর্ষায় জঙ্গলে ভর্তি হয়ে গেছে তার ওপর বেশ কিছু এলাকায় নল বাহিত পানীয় জল প্রকল্পের পাইপলাইন বসানোর জন্য অধিকাংশ নিকাশি নালা মাটিতে ভর্তি হয়ে গেছে ফলে জল জমে গিয়ে সেইসব এলাকায় মশা ডিম পাড়ছে। এছাড়াও কিছু মানুষ যত্রতত্র আবর্জনা বর্জ্য পদার্থ ফেলায় পরিবেশ অস্বাস্থ্যকর হয়ে উঠেছে এ ব্যাপারে পঞ্চায়েতের তরফ থেকে সেভাবে পরিষ্কার করা হচ্ছে না, ফলে মশার উপদ্রব দিন দিন বেড়েই চলেছে। গ্রামবাসীদের দাবি অবিলম্বে জঙ্গল পরিষ্কার করা হোক এবং নিকাশি ব্যবস্থাকে পরিষ্কার করা হোক। সাথে সাথে ক্লাব এবং স্বেচ্ছাসেবী সংগঠনগুলিকে একত্র করে জনসচেতনতা গড়ে তুলতে প্রশাসন এগিয়ে আসুক।

জেলাশাসকদের সঙ্গে বৈঠক নবান্নের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ রাজ্য সরকারের সরাসরি মুখ্যমন্ত্রী হেল্পলাইনে জরুরী পরিষেবা নিয়ে অভিযোগ জানিয়ে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আশি শতাংশ টেলিফোন এসেছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এরমধ্যে হাসপাতালে ভর্তি, ডেঙ্গির চিকিৎসা, স্বাস্থ্য পরিষেবা নিয়ে অনেকেই অভিযোগ জানিয়েছেন। সব অভিযোগ খতিয়ে দেখে তার মধ্যে বেশিরভাগ নিস্পত্তি করা হয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। সরাসরি মুখ্যমন্ত্রী পরিষেবার বর্তমান অবস্থা নিয়ে স্বরাষ্ট্র সচিব ভগবতী প্রসাদ গোপালিকা গতকাল নবান্ন থেকে সব জেলার জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। সেখানে সব অভিযোগ খতিয়ে দেখার পরেও যেগুলি এখনও নিস্পত্তি করা যায়নি সেগুলি স্থায়ী ভাবে দ্রুত নিস্পত্তি করার উপরে তিনি জোর দিয়েছেন।

পাহাড়ের গ্রামীন এলাকার উন্নয়নে অর্থ দেবে কেন্দ্র

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ সেপ্টেম্বর ঃ পাহাড়ের গ্রামীন এলাকার উন্নয়নে কেন্দ্রীয় সরকার পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী রাজ্যের জন্য আরও এক কিস্তি টাকা বরাদ্দ করেছে। কেঃদ্রীয় গ্রাম উন্নয়ন মন্ত্রকের তরফে দার্জিলিং ও কালিম্পং জেলার গ্রামীন এলাকার উন্নয়নে মোট ৮৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উলুবেড়িয়ায় বন্ধ্যাত্ব নিরাময় বিষয়ক পরামর্শ শিবির

অভিজিৎ হাজরা, আমতা,২২ সেপ্টেম্বরঃ বন্ধ্যাত্ব এক অসুখ। শুধু মহিলারাই নয়, পুরুষেরা ও ভোগে বন্ধ্যাত্বে। এই অসুখ থাকলে বিবাহিত দম্পতির সন্তান জন্ম লাভ করে না। তাই বন্ধ্যাত্ব রোগীরা হীনমন্যতায় ভোগে। আধুনিক চিকিৎসা বন্ধ্যাত্ব নিরাময় সম্ভব। সঠিক চিকিৎসা ও বিকল্প চিকিৎসা পদ্ধতিতে সন্তান জন্ম লাভ করে। বন্ধ্যাত্ব দম্পতির মুখে হাসি ফোটে। দুই বছর বা এর অধিক সময় কোনো ধরণের জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ছাড়া গর্ভধারণে ব্যর্থ হলে তাকে ডাক্তারি ভাষায় বন্ধ্যাত্ব হিসেবে সংজ্ঞায়িত করা হয়। প্রতি ১০০ জন দম্পতির মধ্যে ৮৪ টি প্রথম বছরে এবং ৯২ টি দম্পতি দ্বিতীয় বছরের মধ্যে গর্ভধারণ করতে সক্ষম হন। তাই বলা যায় প্রতি ১০০ টি দম্পতির মধ্যে ৮ টি দম্পতি বন্ধ্যাত্বের শিকার হন। এক বা এর অধিক সময় কোনো ধরণের জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ছাড়া গর্ভধারণে ব্যর্থ হলে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিতে হবে। তবে কারো কারো কনসিভ না হওয়ার কারণ নির্ণয় করতে দেরী করা যাবে না।যেমন বয়স ৩৬ বা এর বেশি হলে রোগীর পূর্বে এমন কোনো হিস্ট্রি থাকলে যেগুলো তার বন্ধ্যাত্বের কারণ হতে পারে যেমন পেলভিক ইনমোকশন এর হিস্ট্রি অথবা এমন কোনো অপারেশন যা তার ফার্টিলিটি কমিয়ে দিতে পারে। বন্ধ্যাত্বের বহুবিধ কারণ থাকে,স্বামী -স্ত্রী যে কোনো একজন বা উভয়ের ক্ষেত্রে সমস্যা থাকতে পারে। গর্ভধারণের জন্য দরকার একটি সুস্থ ওভাম (ডিম) ,সফল বীর্য,নরমাল ইউটেরাস বা জরায়ু এবং নরমাল পেলভিক এ্যানাটমি। এর যে কোনো জায়গায় সমস্যা হলে গর্ভধারণে ব্যর্থতা দেখা দিতে পারে। বন্ধ্যাত্ব শরীরের একটি প্রজননগত অসুখ। যার ফলে শরীরের একটা প্রধান কাজ করা সম্ভব হয় না, সন্তানের জন্ম দেওয়া যায় না। গর্ভধারণ হল একটি জটিল পদ্ধতি, যা বহু কারণের উপর নির্ভরশীল পুরুষের সুস্থ শুক্রাণু ও মহিলার সুস্থ ডিম্বাণু উপাদন অবাধ ডিম্বনালী যার সাহায্যে শুক্রাণু ডিম্বাণুর কাছে পৌঁছাতে পারে দম্পতির মিলনের সময় শুক্রাণু ডিম্বাণুকে প্রজননক্ষম করার ক্ষমতা নিষিক্ত ডিম্বাণুটির (ভ্রুণবীজ) গর্ভাশয়ে স্থাপিত য়মতা ও সেটির ভ্রুণে পরিণত হওয়ার পূর্ণ ক্ষমতা। বন্ধ্যাত্বের কারণে অনেক সাজানো সংসার ভেঙে গেছে। স্বামী - স্ত্রীর শত সুখ সেখানে খুবই মলিন দেখায়। অজানা থেকে যায় বহুকালের দীর্ঘশ্বাস। এক সময় আমাদের দেশে বন্ধ্যাত্বের জন্য এক চেটিয়া নারীদের দোষারোপ করা হতো। চিকিৎসা বিজ্ঞানের কল্যাণে আজ দু ' জনেই সমান দোষী। আসলেই এই বন্ধ্যাত্ব কোনো দোষ নয়, কোনো পাপ নয়। তাই বন্ধ্যাত্বের জন্য নারীদের দোষারোপ করার মন- মানসিকতা পরিহার করতে হবে। সমাজে বা পরিবারে ছোট করে দেখার বিষয় নয়। পরিবারের সকলের ভালোবাসা আর সুচিকিৎসা গ্রহণ করলে বন্ধ্যাত্ব থেকে মুক্তি পাওয়া যায়। তাই সময়মতো চিকিৎসার প্রয়োজন। নিঃসন্তান দম্পতিদের কথা ভেবে, তাদের মুখে হাসি ফোটাতে, একটি সুখী পরিবার তৈরী করতে উলুবেড়িয়া উত্তর বিধান সভা তথা আমতা ১ নং ব্লকের একটি বেসরকারি ' স্নেহা নাসিং হোম ' এর উৎসব ভবন এ অনুষ্ঠিত হল গুরুত্বপূর্ণ ' বন্ধ্যাত্ব নিরাময় বিষয়ক ' পরামর্শ শিবির। ' নোভা আই ভি এফ

ফার্টিলিটি 'ও ' স্নেহা নাসিং হোম ' এর উদ্যোগে গড়ে উঠেছে ' বন্ধ্যাত্ব নিরাময় ক্লিনিক '। এই ক্লিনিকে প্রতি ইংরাজী মাসের তৃতীয় মঙ্গলবার বন্ধ্যাত্ব দম্পতিদের চিকিৎসা পরিষেবা ওপরামর্শদান শিবির চলছে। এবারের বন্ধ্যাত্ব নিরাময় বিষয়ক পরামর্শ শিবিরটি ছিল চতুর্থ পর্বের। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিবিরটি অনুষ্ঠিত হয়েছিল যথাক্রমে এই বসরের এপ্রিল,মে, জুন মাসে। আলোচনা শিবিরে স্ত্রী রোগ,বন্ধ্যাত্বের সেকাল-একাল এর প্রসঙ্গ তুলে পুরান, রামায়ণ, মহাভারতের বিভিন্ন কাহিনী উল্লেখ করে 'স্নেহা নাসিং হোম ' এর প্রতিষ্ঠাতা তথা প্রসূতি রোগ বিশেষজ্ঞ চিকিৎসক সুমন সরকার বলেন, সেকালের বন্ধ্যাত্ব নিরাময়ে নানা কৌশলকে সামনে রেখে আধুনিক চিকিৎসা বিজ্ঞান বন্ধ্যাত্ব নিরাময়ের আলোর দিশার পাশাপাশি যথেষ্ট সাফল্য লাভ করেছে। তিনি এন ওভারভিউ অন গাইনোকোলজিক্যাল ডিসঅর্ডার অ্যান্ড ইনফার্টিলিটি, এন্ডোমেট্রিওসিস ও পলিস্টিক ওভারি সিনড্রোমের নানা দিক নিয়ে শিবিরে উপস্থিত শ্রোতাদের কাছে আলোকপাত করেন। বন্ধ্যাত্ব বিষয়ক আলোকপাত করেন ইনফার্টিলিটি স্পেশালিস্ট চিকিৎসক রুচি জৈন। পলিস্টিক ওভারিজ নিয়ে আলোকপাত করেন প্র্যাক্টেশিং গাইনোকোলজিস্ট চিকিৎসক অনন্যা ঘোষ গোলুই। বন্ধ্যাত্ব চিকিৎসায় বিভিন্ন পদ্ধতির সাফল্যের চিত্র ব্যাখ্যা করেন নোভার প্রতিনিধি সম্রাট শীল। আলোচনা শিবিরে উপস্থিত শ্রোতা বৃন্দ আলোচকদের বন্ধ্যাত্ব বিষয়ক নানা প্রশ্ন করেন। আলোচকবৃন্দ তা সুন্দর ভাবে বুঝিয়ে দেন। আলোচনা শিবিরে শ্রোতাদের এক ঘেঁয়েমি কাটানোর জন্য আলোচনা পর্ব চলাকালীন মাঝে মাঝে সংগীত পরিবেশিত হয়। প্রাকৃতিক দূর্যোগকে উপেক্ষা করে ' বন্ধ্যাত্ব নিরাময় বিষয়ক পরামর্শ শিবিরে প্রায় তিন শতাধিক আশা কর্মী,স্বাস্থ্য কর্মী,গ্রামীণ চিকিৎসক,আই সি ডি এস কর্মী, ঔষধ ব্যবসায়ী, কিছু সামাজিক ভাবনার মানুষ পরামর্শ শিবিরে অতিথিদের বক্তব্য মনযোগ সহকারে শোনেন। এই পরামর্শ দান শিবিরে রাজ্য প্রশাসনিক দপ্তরের আধিকারিকরা যেমন উপস্থিত ছিলেন এর পাশাপাশি রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত জাতীয় শিক্ষক অরুণ পাত্র উপস্থিত ছিলেন। বিভিন্ন গ্রামের পঞ্চায়েত সদস্য,গ্রাম পঞ্চায়েতের প্রধান,উপ প্রধানরাও উপস্থিত ছিলেন। আলোচনা শিবিরে ' স্নেহা নাসিং হোম ' এর প্রতিষ্ঠাতা তথা প্রসূতি রোগ বিশেষজ্ঞ চিকিৎসক সুমন সরকার এর আলোচনায় পুরাণ, রামায়ণ, মহাভারতের বিভিন্ন ঘটনা ও তার সাথে বর্তমান চিকিৎসা শাস্ত্রের সম্পর্কের বিষয় নিয়ে বলায় উপস্থিত শ্রোতাবৃন্দ বলেন, চিকিৎসক সুমন সরকার চিকিৎসার পাশাপাশি চিকিৎসা শাস্ত্রের বই পড়ার সাথে সাথে যে পুরাণ, রামায়ণ, মহাভারত গুরুত্ব সহকারে পড়েন তা প্রমাণ করলেন।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ২৯৪ সংখ্যা, শনিবার, ৫ আশ্বিন, ১৪৩০

বিজ্ঞান ও ধর্ম

সম্পাদকীয়

ভারতে বিজ্ঞানের সঙ্গে ধর্মকে কেন বারবার মিশিয়ে দেওয়া হচ্ছে তা বুঝে উঠতে পারছে না বিজ্ঞানীরা। তারা বারবার বলতে শুরু করে দিয়েছে ধর্মের সঙ্গে বিজ্ঞানের কোনও সম্পর্ক নেই। যখন বিজ্ঞান সম্পর্কে মানুষের কোনও ধারনা ছিল না তখন ধর্ম মানুষকে পরিচালিত করেছে। তারপরে যেদিন থেকে মানুষ বিজ্ঞান শব্দটিকে আবিস্কার করেছে এবং সত্যকে বিজ্ঞানের আলোতে ফেলে বিচার করতে শুরু করে দিয়েছে সেদিন থেকে ধর্মকে বিজ্ঞানের কাছ থেকে সরিয়ে দেওয়া হয়েছিল। ধর্মের প্রকাশ ভেদ রয়েছে। কিন্তু বিজ্ঞানের কোনও প্রকাশ ভেদ নেই। বিজ্ঞান সর্বত্র একই সিদ্ধান্ত গ্রহণ করে সত্যকে প্রকাশ করে থাকে। আমেরিকাতে বসে বিজ্ঞানের আসল সত্যকে জানতে পারে কোনও ভারতীয়। কিন্তু ধর্মের প্রকার ভেদ রয়েছে। বিভিন্ন ধর্ম বিভিন্ন পথ ধরে চলতে থাকে। হিন্দু ধর্মের সঙ্গে ইসলাম ধর্মের মিল থাকে না। হিন্দু ধর্ম সূর্যকে বিশ্বাস করে আর ইসলাম দর্ম চন্দ্রকে বিশ্বাস করে। তার কারণ রয়েছে আরব দেশ হচ্ছে মরুভূমির দেশ। সেখানে সূর্যের তেজ খুব বেশি। তার ফলে সেখানকার জনজীবন সূর্যের আলো থেকে নিজেকে বাঁচিয়ে রেখে চলে। তার ফলে চাঁদ তাদের কাছে অতি উত্তম। সেই কারণে মধ্য প্রাচ্যের ইসলাম দেশগুলিতে চাঁদকে ধর্মের প্রধান অংশ বলে গ্রহণ করা হয়েছে। কিন্তু হিন্দু ধর্মে আবার সূর্যকে প্রধান অংশ বলে গ্রহণ করা হয়েছে। প্রাচীন কালে ভারতে যজ্ঞ হতো সূর্যের আলো থেকে অগ্নি সংগ্রহ করে। হিন্দু ধর্মে সূর্য হচ্ছে একটি শক্তিশালী দেবতা। কিন্তু বিজ্ঞানে সূর্যকে নিয়ে গবেষণা করা হয়। সেখানে সূর্যের বিকিরণ নিয়ে আলোচনা করা হয়ে থাকে। সূর্য কত সালে উপস্থিত হয়েছিল এবং পৃথিবী কেন সূর্যকে প্রদক্ষিণ করে তার ব্যাখ্যা করে থাকে। কিন্তু ধর্ম আবার দর্শন দিয়ে এর ব্যাখ্যা করে যা বিজ্ঞানের সঙ্গে মেলে না। বিজ্ঞান আর ধর্ম এক নয়। ধর্মকে নিয়ে চর্চা করা হয় আবার বিজ্ঞানকে নিয়েও চর্চা করা হয়ে থাকে। দেখতে পাওয়া গিয়েছে যে বিজ্ঞান এমন সব সিদ্ধান্ত গ্রহণ করছে যেখানে ধর্ম তাকে মেনে নিতে পারছে না। এই নিয়ে বহু বিতর্ক হয়েছে এমনকী প্রাণহানি পর্যন্ত ঘটেছে। কোপারনিকাশ, গ্যালিলিও ব্রুনোর ওপরে অত্যাচার করা হয়েছিল ধর্মের বিরুদ্ধে মত প্রকাশ করার জন্য। বাইবেলে লিখিত কথার বিরোধিতা করার জন্য প্রাণ দিতে হয়েছিল ব্রুনোকে। তাকে জীবন্ত পুড়িয়ে মারা হয়েছিল। আর মেরে ছিল এই খ্রিস্টান ধর্মযাজকেরা। ভারতে এখন দেখতে পাওয়া যাচ্ছে যে চন্দ্রাভিযানকে কেন্দ্র করে ধর্ম সামনের দিকে আসতে শুরু করে দিয়েছে। বিজ্ঞানীরা আবার ধর্মকে গ্রহণ করে বিজ্ঞানের দ্বারকে উদ্ঘাটন করতে শুরু করে দিয়েছে। চন্দ্রযানকে পৌরাণিক যানের সঙ্গে তুলনা করা হয়েছে। ভারতের পুরাণে নাকি চন্দ্রাভিযনানের কথা ছিল বলে প্রচার করা হচ্ছে। পুরাণ যা লিখিত রয়েছে তা এখন বিজ্ঞান করে দেখাচ্ছে বলে সবাই বলতে শুরু করে দিয়েছে। বিজ্ঞানের সঙ্গে ধর্মের মিলন ঘটানোর একটা কৌশল অবলম্বন করতে শুরু করে দিয়েছে সবাই। ধর্ম এবং বিজ্ঞান নিয়ে সংসদের শেষ দিনে বিস্তার আলোচনা হয়েছে। সেখানে বহু সাংসদেরা বলতে বাধ্য হয়েছেন যে ধর্মের সঙ্গে বিজ্ঞানকে জড়িয়ে ফেলা যায় না। তাহলে সেটা অবিজ্ঞান বলে পরিগণিত হবে। গণেশের মাথা কাটাকে প্লাস্টিক সার্জরি বলে গ্রহণ করা হয়ে থাকে।

তাইওয়ান আকাশে চিন যুদ্ধ বিমান

তাইওয়ান আকাশে চিনের যুদ্ধ বিমান উড়তে দেখা গিয়েছে। তা নিয়ে প্রতিবাদ করেছে তাইওয়ান সরকার। এদিকে চিন বলতে শুরু করে দিয়েছে যে তাইওয়ান চিনের অংশ। সেই কারণে চিন তাইওয়ান আক্রমণ করতে চায় না। এদিকে তাইওয়ানের নাগরিকেরা বলতে শুরু করে দিয়েছে তারা কিন্তু চিনা কমিউনিস্ট শাসনের অধীন নয়। তারা একটি গণতান্ত্রিক দেশ। চিন জোর করে তাদেরকে চিনের অংশ হিসাবে দেখাতে শুরু করে দিয়েছে। তাইওয়ান এখন গণভোট করতে চায়। সেখানে গণভোট হলে অধিকাংশ নাগরিকেরা চিনের অধিগ্রহণের বিরুদ্ধে ভোট দেবে জানতে পারা গিয়েছে। হংকং এর বাসিন্দারাও চিনের অধীনে থাকতে চায় না। হংকং এর বাসিন্দারা গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করতে চায়। চিন কিন্তু সেখানে সেনা নিয়োগ করে তাদেরকে অধীনস্থ করে রেখে দিয়েছে। হংকং জুড়ে চিনের বিরুদ্ধে প্রতিদিন প্রতিবাদ হচ্ছে। রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন চিনের তৃতীয়বারের জন্য প্রেসিডেন্ট শি জিনপিং হওয়াতে খুশি প্রকাশ করেছেন। পুতিন অভিনন্দন জানিয়েছেন শি’কে। পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ সরিফও শি’কে অভিনন্দন জানিয়েছেন। কিন্তু ভারতের প্রধানমন্ত্রী শি’কে অভিনন্দন জানাননি এখনও। উল্টে প্রধানমন্ত্রী মোদি অরুণাচল প্রদেশ সফর করতে চলেছেন। ডোকালাম নিয়ে চিন বেশ উত্তপ্ত হয়ে পড়তে শুরু করে দিয়েছে। সেই সব স্থানগুলি মোদি ঘুরে দেখবেন বলে জানতে পারা গিয়েছে। পাশাপাশি বৌদ্ধ ধর্মগুরু দালাই লামাও সেখানে গিয়ে উপস্থিত হচ্ছেন। অরুণাচল প্রদেশে দালাই লামা এবং মোদির সঙ্গে দেখা এবং বৈঠক হওয়ার পথে। অরুণাচল প্রদেশের মানুষের আর্থিক উন্নতি কতখানি করা সম্ভব তা নিয়ে আলাপ আলোচনা করবেন দালাই লামার সঙ্গে প্রধানমন্ত্রী মোদি। এদিকে বৌদ্ধ ধর্মগুরু দালাই লামার অরুণাচল প্রদেশ সফর নিয়ে চিন আপত্তি করেছে বটে। কিন্তু ভারত তাতে কর্ণপাত করেনি। ভারতের বিদেশ মন্ত্রক পরিস্কার করে বলে দিয়েছে যে দালাই লামা হচ্ছেন ভারতের সম্মানীয় অতিথি। তিনি ভারতের কোথায় যাবেন এবং থাকবেন সেটা ভারতের নিজস্ব ব্যাপার। তাতে চিন বেশি মাথা না ঘামালে ভালো হয়। চিনের স্থানে তো দালাই লামা সফর করছে না। তাহলে চিনের কেন এত বোশি মাথা ব্যথা। দালাই লামা ভারতের স্থানগুলি সফর করছেন। সেখানে ভারত সরকারের অনুমতি রয়েছে। এ ব্যাপারে চিনের মাথা না ঘামালে চলবে। কাশ্মীর নিয়ে চিনের আগ্রহ রয়েছে। তার একটি মাত্র কারণ হল চিনের আর্থিক করিডর তৈরি করা। চিনি এখন কাশ্মীরে আর্থিক করিডর তৈরি করে সেখান দিয়ে সে পাকিস্তান, আফগানিস্তান থেকে শুরু করে রাশিয়ার সঙ্গেও ব্যবসা বৃদ্ধি করার দিকে ঝুঁকে পড়তে শুরু করে দিয়েছে।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

আত্মপ্রতিষ্ঠার তাগিদে যারা শক্তিমান হয় তারা শক্তির দম্ভে সৎলোককে অবমাননা করতে শুরু করে। চাটুকার ছাড়া অন্য লোককে তারা বরদাস্ত করতে পারে না। বহু লোক তাদের আচরণে অন্তরে অন্তরে ক্ষিপ্ত হয়ে ওঠে আর তাই হয় তাদের কাল। অন্তত লোকের অন্তরে তাদের কোন আসন প্রতিষ্ঠিত হয় না......

কালী সাধক বামাক্ষ্যাপা

সাধক রামপ্রসাদ বলতেন, সত্যকে জানার চেষ্টা করবি। সত্যকে প্রতিষ্ঠা করার চেষ্টা করবি। তাহলে জীবনে কোনও দিন ঠকবি না। জীবনের সত্যকে গ্রহণ করার মতো আর দ্বিতীয় আনন্দ নেই। যিনি সারা জীবন ধরে সত্যকে অবলম্বন করে চললে তাকে কেউই কোনওদিন কোথাও পরাজিত হন না। তিনি সব সময়ে বিজয়ীর মুকুট পরে থাকেন। সত্যকে প্রকাশ করতে এবং গ্রহণ করতে আগ্রহী ছিলেন। সাধক রামপ্রসাদ সব সময়ে মাকে ডাকতেন। শ্যামা সঙ্গীতের মধ্যে দিয়ে মায়ের পুজো করতেন সাধক রামপ্রসাদ। তিনি ভক্তি দিয়ে সঙ্গীত পরিবেশন করতেন। শ্যামা সঙ্গীত গাইতেন।

তালিবানরা কাশ্মীর নিয়ে মাথা ঘামাবে না

রবীন্দ্র কুমার শীল

ভারত আফগান নাগরিকদের মানবিক সাহায্য করতে শুরু করে দিয়েছে। এদিকে নয়া আফগান গড়তে ভারতের সাহায্য চেয়েছেন সেখানকার তালিবান নেতারা। ভারতের সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক তৈরি করতে ইচ্ছুক আফগানিস্তানের তালিবান সরকার। ভারতের বিদেশে মন্ত্রী জয়শঙ্কর কাবুল সফর করলেও আফগানিস্তানে তালিবান সরকারকে স্বীকৃতি দেওয়ার ব্যাপারে ভারত কোনও সিদ্ধান্ত গ্রহণ করেনি। নয়াদিল্লিতে জি-২০ সম্মেনে আফগান পরিস্থিতি নিয়ে কথা উঠলেও সেখানে পাকিস্তানী চাপ রয়েছে বলে ব্যাখ্যা করা হয়েছে। চিন এবং পাকিস্তান তালিবান সরকারকে মদত দিতে শুরু করে দিয়েছে। যদিও রাষ্ট্রপুঞ্জে চিন তালিবান সরকারকে আন্তর্জাতিক স্বীকৃতি এখনও দেয়নি। আফগানিস্তানের ওপরে আমেরিকা যাতে ভবিষ্যতে কোনও রাজনৈতিক এবং ব্যবসায়িক প্রভাব বিস্তার না করতে পারে তার জন্য চিন তালিবানদের আফগান দখল করার ব্যাপারে সায় দিয়েছিল। আমেরিকাও হাত গুটিয়ে সেই সময়ে বসেছিল। রিয়াধে আমেরিকার সঙ্গে তালিবানদের যে চুক্তি হয়েছিল সেখানে তালিবানরা আর আমেরিকাকে শত্রু দেশ বলে মনে কররে না এবং নয়া আফগান গড়তে আমেরিকার সহযোগিতা নেবে। ভারতের সঙ্গে এই মুহূর্তে তালিবান সরকার বন্ধু সরকার হিসাবে পরিচিত হতে শুরু করে দিয়েছে। আফগান থেকে পণ্য ভারতে আসছে এবং ভারত থেকে পণ্য আফগানে যেতে শুরু করে দিয়েছে। ভারতের শিল্পপতিরা অতীতে যেসব শিল্প গড়তে আফগানে বিনিয়োগ করেছিল তাকে আবার পুনরুদ্ধার করার ব্যাপারে তালিবান সরকার আগ্রহ প্রকাশ করে ভারতের বিদেশ মন্ত্রক এবং শিল্প মন্ত্রকের সঙ্গে আলোচনায় বসতে রাজি হয়েছে। কাশ্মীর সমস্যা ভারত ও পাকিস্তানের দ্বিপাক্ষিক সমস্যা বলে মনে করছে তালিবানরা। আফগানিস্তান দখল নেওয়ার পর তালিবানরা বলে দিয়েছে যে তারা কাশ্মীরের ব্যাপারে মাথা ঘামাবে না। কিন্তু কাশ্মীরের জঙ্গি সংগঠনগুলো তালিবানদের মদত চাওয়ার দিকে তাকিয়ে রয়েছে। কিন্তু তালিবানরা এখন তাদের নিজেদেরকে রক্ষা করতে ব্যস্ত হয়ে পড়েছে। যেভাবে আফগানিস্তানের ভিতরে তালিবান বিরোধী গোষ্ঠীরা মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছে তাতে আগামি কয়েক বছরের মধ্যে তালিবানরা অন্য কারোর দিকে নজর দিতে পারবে না। তালিবানদের মধ্যে সমন্বয় নেই। সবাই সেখানে নেতা। সাধারণ তালিবান কর্মী থেকে শুরু করে সবাই ধর্মকে সামনে রেখে সুবিধা গ্রহণ করতে চায়। রাজনৈতিক সুবিধা, অর্থনৈতিক সুবিধা এবং ধর্মীয় সুবিধা গ্রহণ করতে তালিবানরা এখন ঐক্যবদ্ধ হওয়া চেষ্টা করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তালিবানদের নাম না করে বলেছেন, শক্তি দিয়ে কোনও সময়ে একটি রাষ্ট্রকে চালানো একেবারে অসম্ভব। সেটা কোনও দিন স্থায়ী হয় না। আফগানিস্তানে তালিবান শাসন স্থায়ী কোনও দিনই হয়নি। শক্তি দিয়ে তারা মানুষকে সেখানে বশ করে রাখার চেষ্টা করেছে। এতদিন ধরে আফগানের মানুষেরা স্বাধীনভাবে চলাফেরা করেছে। এখন তাদেরকে ধর্মীয় নিয়ম শৃঙ্খলায় বন্দি করে রাখার চেষ্টা করা হলে সেখানে তো বিদ্রোহ দেখা দেবেই। ধর্মকে সামনে রেখে যেভাবে রাজনৈতিক ক্ষমতা দখল করার চেষ্টা করছে তালিবানরা সেটা কতদিন স্থায়ী হয়ে রাখতে সক্ষম হবে তা দেখার জন্য অপেক্ষা করে রয়েছে বিশ্ববাসী। কাশ্মীরের দিকে নজর

নেই বললে তালিবানরা ঘোষণা দিলেও পাকিস্তানী মদতে পুষ্ট জঙ্গি সংগঠন হিজবুল মুজাহিদিনের নেতা সৈয়দ সালাউদ্দিন তালিবানদের সাহায্য চাইল। এদিকে অন্য একটি জঙ্গি সংগঠন আইএস দাবি করেছে যে আমেরিকার ষড়যন্ত্রের ফলে আফগানিস্তানের ক্ষমতা দখল করতে পেরেছে তালিবানরা। এখন আফগানিস্তানে গৃহযুদ্ধ লেগে গিয়েছে। আমেরিকা এখন আর সরাসরি আফগানিস্তানে উপস্থিত থাকছে না। তারা এখন আফগানের সাধারণ নাগরিকদের প্রতিবাদকে শক্তিশালী করার চেষ্টা করছে। তালিবানদের পক্ষে সায় দিলেও পাশাপাশি আমেরিকা এখন তালিবান বিরোধী গোষ্ঠীদের মদত দিতে শুরু করে দিয়েছে। তালিবান বিরোধী গোষ্ঠীরা ক্রমশ শক্তিশালী হওয়ার চেষ্টা করছে। পঞ্জশির উপত্যকা তালিবানরা দখল করে নিয়েছে। বহু স্থানে তালিবান বিরোধীরা মাথা চাড়া দিয়ে উঠলেও তারা তালিবানদের বিরুদ্ধে বিশেষ সুবিধা করতে পারছে না। আন্তর্জাতিক সহযোগিতার পাওয়ার কথা বলতে শুরু করে দিয়েছে তালিবানদের বিরোধী গোষ্ঠীরা। আমেরিকা এটাই চাইছিল। তালিবান এবং তালিবান বিরোধী গোষ্ঠীরা পরস্পরের মধ্যে মারপিট করবে। মাঝখান থেকে আমেরিকা তার ফায়দা লুটবে। আসলে আমেরিকা সরকার এখন আর আফগানিস্তানের কোনও দায়দায়িত্ব গ্রহণ করতে চাইছে না। আফগানিস্তানের ব্যাপারটা সেখানকার নাগরিকদের ওপরে ছেড়ে দেওয় হয়েছে। তার জন্য যদি রক্তপাত হয় তাতেও আমেরিকার কিছু যায় আসে না। এদিকে তালিবানদের আফগান দখলকে সামনে রেখে বারবার ভারতের দিকে হুমকি দিতে শুরু করে দিয়েছে পাকিস্তান। তার ফল দেখতে পাওয়া গিয়েছে। পাক মদত পুষ্ট জঙ্গি সংগঠন হিজবুল মুজাহিদিন নেতা সৈয়দ সালাউদ্দিন বলেছেন, ঈশ্বরের কাছে প্রার্থনা তিনি যেন আফগানিস্তানে ইসলামি আমিরশাহকে আরও শক্তিশালী করেন। তাহলে তারা কাশ্মীরে ভারতের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করতে পারবে। কাবুলে তালিবান নেতারা যাই বলুক না কেন, পাক মদত পুষ্ট জঙ্গি নেতারা এখনও তৎপর হতে শুরু করে দিয়েছে সেটাই এখন বিরাট তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এদিকে তালিবানদের কাবুল অধিকার করার পুরো দায় আমেরিকার ঘাড়ে চাপিয়ে দিয়েছে মৌলবাদী জঙ্গি সংগঠন আইএস। তারা দাবি করেছে তালিবানদের হাতে আফগানিস্তান তুলে দেওয়ার দিকে তাকিয়ে থেকে আমেরিকা সেনা প্রত্যাহার করে নিয়েছে। আইএস এর বক্তব্য তালিবানরা কাবুলে প্রবেশ করার সময়ে আমেরিকার সেনা ও তালিবান সেনারা সমন্বয় রক্ষা করা হয়েছে। কীভাবে দুই পক্ষের মধ্যে হাজার হাজার ধর্মযোদ্ধা এবং গুপ্তচরকে সে দেশ থেকে সরানো হয়েছে তাও দেখতে পাওয়া গিয়েছে। আইএসরা মনে করে তালিবানরা হচ্ছে ভুয়ো জেহাদি। তারা প্রকৃত জেহাদি পথে হাঁটে না। আফগানিস্তানে প্রকৃত শরিয়তি শাসন কার্যকর করার ক্ষমতা তালিবানদের আছে কিনা তা সন্দেহজনক। আইএস দাবি করেছে যে তালিবান আমেরিকার মোল্লা ব্র্যাডলি প্রকল্পের অঙ্গ। তারা মনে করে যে এই প্রকল্পে জেহাদি সংগঠনের একাংশকে নিজেদের দিকে টেনে নিয়ে এসে সেগুলিকে দুর্বল করে দেয় আমেরিকা। এটা একটি আমেরিকার রণ কৌশল। আফগানিস্তান গৃহযুদ্ধ শুরু হয়ে গিয়েছে। এর জন্য আমেরিকাই দায়ী। এটাই আমেরিকা এতদিন ধরে চাই ছিল। আফগানরা নিজের মধ্যে যুদ্ধ করে শেষ হয়ে যাক। তাহলে আমেরিকার লাভ হবে। আমেরিকা এখন একটি বুলেটও খরচ করতে চায় না আফগানিস্তানের জন্য। সেটা বুঝতে পেরেছে চিন এবং পাকিস্তান। পাকিস্তান এবং চিন আমেরিকার মতলবটা বুঝতে পেরে সরাসরি তালিবানদের সাহায্য করতে শুরু করে দিয়েছে রাজনৈতিক এবং আর্থিক দিক দিয়ে লাভবান হওয়ার দিকে তাকিয়ে। আফগান দখল করে নয়, তালিবানদের মদত দিয়ে চিন এবং পাকিস্তান তাদের ব্যবসা বাণিজ্যকে শক্তিশালী করার চেষ্টা করছে। রাশিয়াও চেষ্টা করছে এখন থেকে আর্থিক ফায়দা গ্রহণ করতে। আইএসদের মোকাবিলা করতে তালিবানদের সহযোগিতা করতে শুরু করে দিয়েছিল রাশিয়া।

চিন আফগানদের প্রাধান্য দিলেও ভারত পিছিয়ে নেই

এখন তালিবানদের বড় ভরসা চিন। তালিবানদের শক্তি দেখে খুশি বেজিং। চিনের সহযোগিতার পক্ষে সায় দিতে তালিবান মুখপাত্র সুহেল শাহিন বলেছেন, আফগানিস্তানকে নতুন করে গড়ে তুলতে বড় ভূমিকা গ্রহণ করবে বেজিং। পাকিস্তান আজও পরিস্কার করে জানিয়ে দিয়েছে যে তালিবান পূর্ণ সরকার গঠন করবে। পাকিস্তানের আফগান রাষ্ট্রদূত মনসুর আহমেদ খান জানিয়েছেন, তারা আগে তালিবানদের সঙ্গে কথা বলেছিলেন। কাতারে তালিবান নেতা মোল্লা আব্দুল গণি বরাদরের সঙ্গে যোযাযোগ রাখার চেষ্টাও করা হয়েছে। তিনি আরও বলেন, তালিবানরা সরকার বলতে যেটা বোঝায় সেটাই গঠন করতে পারবে আফগানিস্তানে। পাক জঙ্গিদের নিজেদের পক্ষে রাখার জন্য পাকিস্তান সরকারের আর বাঁচার অন্য কোনও পথ নেই বলে মনে করতে শুরু করে দিয়েছেন রাজনৈতিক বিশেষজ্ঞরা। তারা বলতে শুরু করেছেন, পাকিস্তান সরকার যদি এই সময়ে তালিবানদের সমর্থন না নিয়ে কথা বলে তাহলে সেখানকার সরকার ভয়ঙ্কর বিপদের মুখে পড়ে যাবে। পাকিস্তান প্রধানমন্ত্রী ইমরান খানের সামনে তালিবানদের সমর্থন করা ছাড়া আর বিকল্প কোনও পথ খোলা নেই। তার ফলে বাধ্য হয়ে পাকিস্তানকে এখন তালিবানদের সমর্থন করতে হচ্ছে। চিনও একই পথ ধরে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। পাকিস্তানের কাছ থেকে সুবিধা নিতে গেলে পাকিস্তানের আফগান নীতিতে সমর্থন করতে হবে সেটা চিন সরকারকে বলে দিতে লাগবে না। তার ফলে চিন অনেকটা বাধ্য হয়েই তালিবানদের সহযোগিতা করার কথা বলতে শুরু করে দিয়েছে। চিন, পাকিস্তান, ব্রিটেন, রাশিয়া এবং আমেরিকার এখন আফগান নীতি নিয়ে একই পথ ধরে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। তালিবানরা বলেছে, কঠোর শরিয়তি আইন নিয়ে কোনও বাধার সম্মুখীন হতে হচ্ছে না

তারা। মহিলাদের কাজের যাওয়ার ব্যাপারে কোনও রকম বাধা সৃষ্টি করা হচ্ছে না। স্কুল খোলা রয়েছে। কিন্তু দেখতে পাওয়া গিয়েছে মুখে তালিবানরা যে কথা বলছে কার্যত সেটা করতে দেখা যাচ্ছে না। মহিলাদের ওপরে দিন দিন অত্যাচার বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। স্বাধীন আফগান পতাকা নিয়ে কাউকে যেতে দেখা গেলে তাকে বাধা দিচ্ছে তালিবানরা। কেড়ে নেওয়া হচ্ছে স্বাধীন আফগান পতাকা। জোর করে স্বাধীনতা কেড়ে নেওয়ার প্রবণতা বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে তালিবানদের মধ্যে। চিনের বিদেশ মন্ত্রী বলেছেন, আফগানিস্তানের ওপরে চাপ দেওয়ার পরিবর্তে তাদেরকে পথ দেখানো উচিত। ওরা একটা পরিবর্তনের মধ্যে দিয়ে এগিয়ে চলার চেষ্টা করছে। তিনি আরও বলেন, আমেরিকার জোর করে আগ্রাসন ঘটিয়ে ছিল আফগানিস্তানে। বিশ বছর পরে তালিবানরা আবার ক্ষমতায় ফিরে এসেছে। আফগানিস্তানকে যুদ্ধক্ষেত্র হিসাবে দেখা কারোর উচিত নয়। এদিকে জানতে পারা গিয়েছে যে তালিবানদের আফগান দখলের ঠিক এক মাস আগে তালিবানদের রাজনৈতিক নেতা মোল্লা আব্দুল গণি বরাদরকে চিন তাদের দেশে নিমন্ত্রণ জানিয়েছিল। চিন আশা প্রকাশ করছে যে আফগানিস্তানে তালিবানরা শান্তি স্থাপনকে অগ্রাধিকার দেবে। আফগানিস্তানের অভ্যন্তরের ব্যাপারে কোনও রকম মাথা গলাবে না আমেরিকা। এদিকে তালিবানদের সঙ্গে মিশে রয়েছে লস্কর-ই-তৈবা ও হক্কানি নেটওয়ার্কের জঙ্গিরা। তালিবানরা সে দেশ দখল করে নেওয়ার সময়ে এই রকম পরিস্থিতি আগে থেকেই আন্দাজ করতে পেরেছিল ভারত। তার ফলে তালিবানদের সঙ্গে মিশে থাকা ভারত সরকার বিরোধী জঙ্গিরা মাজার-ই-শরিফে ভারতীয় কনস্যুলেটে ঢুকে তাণ্ডব চালিয়ে ছিল। নথি এবং গাড়ি ছিনতাই করেছিল বলে জানতে পারা যায়। তবে ভারতীয় দূতাবাসের কর্মীরা আগেই সব নথি পুড়িয়ে দিয়েছিল। ভারত এদিকে আফগানের সঙ্গে সুসম্পর্ক তৈরি করার ব্যাপারে আগ্রহ দেখিয়েছে। ভারতের দূতাবাস খোলা হয়েছে কাবুলে। ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক তৈরি করতে আগ্রহী হয়েছে তালিবান সরকার। ভারত থেকে আফগানিস্তানে ওষুধ থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় পণ্য কাবুলে যেতে শুরু করে দিয়েছে।

কানাডার সঙ্গে ভারতের সম্পর্ক জটিল

ভারতের সঙ্গে কানাডার সম্পর্ক জটিল হতে শুরু করে দিয়েছে। ভারতের বিদেশ মন্ত্রক কানাডার প্রধানমন্ত্রীর কথা ক্ষুব্ধ। সেই কারণে কানাডার নাগরিকদের ভিসা দেওয়া বন্ধ করে দিয়েছে ভারতের বিদেশ মন্ত্রক। দ্বিতীয়ত কানাডা দূতাবাস থেকে কূটনীতিকদের তাদের দেশে ফেরত পাঠানোর উদ্যোগ গ্রহণ করতে শুরু করে দিয়েছে ভারতের বিদেশ মন্ত্রক। এত দিন ধরে পাকিস্তানের সহেগ যে রকম ব্যবহার ভারত করে এসেছে তা এখন কানাডার ওপরে বর্তাতে শুরু করেছে। ভারতের আর্থিক এবং ব্যণিজ্যিক সম্পর্ক তৈরি হয়েছিল কানাডার সঙ্গে। বিপুল পরিমানে আর্থিক লেনদেন হতো। সেই কানাডাকে ভারতের বিদেশে মন্ত্রক বলেছে যে সন্ত্রাসবাদীদের স্বর্গোদ্যান। এদিকে কানাডার প্রধানমন্ত্রী ট্রুডো বলেছেন যে ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক থাকলেও কানাডার নিজস্ব কিছু আইন রয়েছে। সেই অনুযায়ী তদন্ত শুরু করা হয়েছে। রাজনৈতিক শিবির মনে করতে শুরু করে দিয়েছে যে জি-২০ সম্মেলন ভারত যে ভাবমূর্তি তৈরি করেছিল সেখানে কাদা লাগাতে চেষ্টা করছে কানাডা সরকার। বৈরতা সৃষ্টি করছে কানাডা সরকার। খলিস্তানপন্থীদের ভারত বিরোধী রাজনৈতিক অধিকার দিতে শুরু করে দিয়েছে কানাডা সরকার। পাকিস্তানের সঙ্গে ভারতের বৈরতা সৃষ্টি করে আন্তর্জাতিক দিক দিয়ে ভারতের কোনও ক্ষতি হয়নি। বরং লাভ হয়েছে। কিন্তু কানাডার সঙ্গে বৈরিতা করতে ভারত তার ভাবমূর্তিকে একেবারে নষ্ট করে ফেলতে শুরু করে দিয়েছে। এদিকে ভারতের বিদেশ মন্ত্রক থেকে বলা হয়েছে যে কানাডা সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ গ্রহণ করছে না। তারা কেবল বলতে শুরু করে দিয়েছে যে খলিস্তানপন্থীরা কানাডার নাগরিক। তাদের রাজনৈতিক প্রচার করার অধিকার রয়েছে। কানাডার ভিসা সংক্রান্ত একটি বেসরকারি সংস্থা বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে যে পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত কানাডাবাসীদের ভিসা দেওয়া সম্ভব হচ্ছে না। এদিকে বিদেশ মন্ত্রকে মুখপাত্র আরবিন্দম বাগচী বলেছেন যে কানাডা এখন ভারতীয়দের কাছে নিরাপদ নয়। হামলার আশঙ্কা বৃদ্ধি পেতে শুরু করেছে। দূতাবাসও সরিয়ে নিয়ে আসা হতে পারে। তবে আগে যারা ভারতের আসার ভিসা পেয়েছে কানাডাবাসীরা তারা ইচ্ছা করলে ভারতে আসতে পারে। নতুন করে ভিসা আপাতত দেওয়া হবে না। এদিকে প্রধানমন্ত্রী ট্রুডো তাঁর মত থেকে এক চুলও সরে আসেননি। তিনি বলেছেন কানাডার এক নাগরিকের মৃত্যু ভারতীয় এজেন্ট দ্বারা হয়েছিল। তা নিয়ে তদন্ত শুরু হয়েছে। এদিকে কী প্রমাণ রয়েছে কানাডা সরকারের কাছে তা কোনও ব্যাখ্যা দিচ্ছেন না কানাডার প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ভালো। কিন্তু কানাডার নাগরিককে হত্যা করা হবে এটাকে মেনে নেওয়া চলে না। এদিকে ভারতীয় গোয়েন্দারা জানতে পেরেছিল যে কানাডার মাটিতে বসে পাক গুপ্তচর সংস্থা খলিস্তান সংস্থার নেতাদের সঙ্গে বৈঠক করেছিল। ‘শিখস ফর জ্যাস্টিস’ এর আইনজীবী গুরপতবন্ত সিংহ পান্নুন সহ খলিস্তান নেতাদের সঙ্গে গোপান বৈঠক করেছিল পাকিস্তানের গুপ্তচর সংস্থা আইএসআই। এমনকী পাক গুপ্তচর সংস্থা আর্থিক সাহায্য দিতে শুরু করে দিয়েছিল। কানাডায় কুড়িজন খলিস্তানপন্থীরা বসবাস করে। তাদেরকে ভারতের হাতে তুলে দেওয়ার কথা বললেও কানাডা সরকার সে কথা কানেই তুলছে না। খলিস্তানপন্থী নেতা নিজ্জরকে রেড কর্নার নোটিশ জারি করলেও কানাডা সরকার তাকে নাগরিকত্ব দিয়েছিল। বিদেশ মন্ত্রকের মুখপত্র বলেছেন কানাডা সরকার নিজেদের মর্যাদা ক্ষুন্ন করেছে। সন্ত্রাসবাদীদের আশ্রয় স্থল হিসাবে গড়ে উঠতে শুরু করেছে। এদিকে জল ঘোলা করতে নেমে পড়েছে পাকিস্তান। পাকিস্তানের বিদেশ সচিব বলেছেন পাকিস্তানের মাটিতে ভারত ‘র’কে ব্যবহার করতে শুরু করে দিয়েছে। ভারত পাকিস্তানে নাশকতা করতে শুরু করেছে। এদিকে ভারতের বিদেশ মন্ত্রক থেকে বলা হয়েছে যে যে দেশের বিশ্বাসযোগ্যতা নেই ভারত তাদের দিকে ফিরেও তাকায় না। এদিকে বিদেশ মন্ত্রক থেকে বলা হয়েছে যে ভারতের মাটিতে কানাডা দূতাবাসের কর্মী বেশি। কানাডায় ভারতের দূতাবাসে এত কর্মী নেই। সেই কারণে ভারত থেকে কানাডা দূতাবাসের কর্মী কমিয়ে ফেলার দিকে নজর দিতে শুরু করেছে ভারতের বিদেশ মন্ত্রক। এদিকে কানাডায় যেসব ভারতীয় পড়ুয়া পড়াশুনা করছে তাদের ভিসা যদি কানাডা সরকার বাতিল করে দেয় তাহলে কী হবে তা নিয়ে চিন্তা করতে শুরু করে দিয়েছেন অকালি দলের নেতা সুখবীর সিং বাদল।

হেরিটেজ ঃ আমাদপুর জমিদার বাড়ি

আমাদপুর জমিদার বাড়ি রয়েছে বর্ধমানের কাছে মেমারিতে। ১৬০০ সালের শেষ দিকে চৌধুরীরা আমাদপুরের এসে বসবাস করতে শুরু করে। শিল্পী এবং ঐতিহ্য বিশারদ টি এস নাইপল ‘ক্যালকাটা করিন্থিয়ান’ বলেছিলেন। চৌধুরীদের জমিদারি ৪০০ একর এড়াকা জুড়ে বিস্তৃত। ঠাকুর দালান রয়েছে। সেখানে দুর্গা পুজো হয়ে থাকে। প্রায় পাঁচশো বছরের প্রাচীন চারটি পোড়া মাটির মন্দির রয়েছে। টেরাকোটা মন্দির এইগুলি। এখানে একটি বাঘ বাড়ি রয়েছে। আগে এখাানে বন্দি করে রাখা হয়েছিল এক জোড়া সিংহকে। কোথা থেকে সিংহ দুটোকে নিয়ে আসা হয়েছিল তা তথ্য কেউই দিতে পারে না। দুর্গা পুজো ছাড়াও কালী পুজো খুব ধূমধাম করে হয়ে থাকে। মশাল নাচ থেকে শুরু করে লাঠিয়ালদের লাঠি খেলাও এখানে উৎসবের অঙ্গ হিসাবে পালন করা হয়ে থাকে। জমিদার বাড়ির আধিকাংশ সদস্যই কলকাতা না হলে বিদেশে থাকে। তবে তারা সব কিন্তু পুজোর সময়ে এসে উপস্থিত হয়। দুর্গা দালানে আজও দেবী প্রতিমা তৈরি করা হয়ে থাকে। মহালয়ার দিন থেকেই দেবীর নিত্য পুজো শুরু হয়ে গেলে পঞ্চমী যষ্ঠী থেকে আসল পুজো শুরু হয়। আমাদপুরের বাসিন্দাদের সবার নিমন্ত্রণ থাকে পুজোর সময়ে। এই চারদিন আমাদপুরের কোনও বাসিন্দারা ঘরে রান্না করে খায় না।

চিঠি

মহিলা সংরক্ষণ বিল

মহিলা সংরক্ষণ বিলের ভাবনা চিন্তা অনেক আগেই দেশের কর্ণধারদের মাথায় এসেছিল। কিন্তু তা বাস্তবায়িত হয়নি। বিলটি বর্তমানে বিনা বাধায় লোকসভায় পাশ হয়েছে। র‍্যাজ্যসভায় পাশ হয়ে গিয়েছে। এরপরে মাননীয় রাষ্ট্রপতির স্বাক্ষরের পর কার্যকর হওয়াতে কোনও বাধা থাকবে না। এর পর সাংসদে ৩৩ শতাংশ মহিলা বা বাকি পুরুষ সাংসদ থাকবেন। কিন্তু সমস্যা অন্য দিকে। ওই ৩৩ শতাংশ মহিলাদের মধ্যে যদি তপশিলি জাতি বা উপজাতি এবং অনগ্রসর শ্রেণির জন্য সংরক্ষণ করতে হয় তা হলে হয়ত উপযুক্ত পুরুষ বা মহিলা প্রার্থী পাওয়া যাবে না। সংরক্ষিত আসনে প্রত্যেকে দলকেই প্রার্থী দিতে হবে। যিনি দেশ পরিচালনা কবার কাজে সক্ষম এরূপ প্রার্থীই বিবেচিত হওয়া উচিত। এখন যদি দেখা যায় সংরক্ষিত এলাকায় উপযুক্ত প্রার্থী পাওয়া যাচ্ছে না এবং যাঁকে দাঁড় করানো হল তাঁর বিচক্ষণতা নেই অর্থাৎ তিনি নিছক হাত তোলার ব্যক্তি। এরকম সাংসদ বাঞ্ছনীয় নয়। ৩৩ শতাংশ চাওয়াতে বা হওয়াতে আপত্তি নেই, কিন্তু এলাকাভিত্তিক সংরক্ষণ চাইলে সমস্যা বাড়তে পারে। সংরক্ষণের ওপরে আবার সংরক্ষণ। এই সমস্যার সমাধা কীভাবে হয় এখন সেটাই দেখতে হবে।

শঙ্করলাল কর্মকার, জেলিয়া পাড়া লেন, কলিকাতা-১২

নিম্নমানের খাবার

সুজিত দত্ত, বর্ধমান, ২২ সেপ্টেম্বরঃ অর্ধসিদ্ধ নিম্ন মানের খাবার দেওয়ার অভিযোগ উঠলো অঙ্গনওয়াড়ি কেন্দ্রে। পূর্ব বর্ধমানের মেমারি এক নম্বর ব্লকের নিমো ২ নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকার সলদা গ্রামের ঘটনা। সলদা গ্রামের ৬০৬ নম্বর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এবার অর্ধসিদ্ধ নিম্নমানের খাবার দেওয়ার অভিযোগ উঠলো। শুক্রবার সকালে শিশুর মায়েরা খাবার নিতে গেলে তাদের অর্ধসেদ্ধ খাবার দেওয়া হয়েছে বলে বিক্ষোভ দেখাতে থাকেন তারা। ওই কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের কাছে জানতে চাইলে তারা জানান দীর্ঘদিন ধরে এই কেন্দ্রের রান্নাঘর ভাঙ্গা অবস্থায় রয়েছে। বারংবার প্রশাসনিক আধিকারিকদের কাছে জানানোর ফলেও কোন সুরাহা মেলেনি। তারপরে একপ্রকার বাধ্য হয়েই বাইরে খোলা আকাশের নিচে রান্না করতে হয়। শুক্রবার সকাল থেকে প্রচন্ড বৃষ্টি হওয়ার কারণে তারা ঠিকঠাক রান্না করতে পারেন নি। তাই সকলকেই এইরকম খাবার দিতে বাধ্য হয়েছেন তারা। বিষয়টি নিয়ে তারা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন। এলাকার পঞ্চায়েত সদস্যের কাছে জানতে চাইলে তিনি জানান যে তারা এবার নতুন। তবুও এটা নিয়ে প্রশাসনিক মহলে দরখাস্ত করেছেন। কবে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের রান্নাঘরটি মেরামত করা হবে তার দিকেই তাকিয়ে রয়েছেন তারা। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সহায়িকা জানান ৬০৬ এবং ৬২৬ দুটো অঙ্গনওয়াড়ি কেন্দ্রের রান্না এইখানেই হয়। ৬২৬ নম্বর কেন্দ্রে কোন ঘর নেই এবং ৬০৬ নম্বর কেন্দ্রের রান্নাঘরের অবস্থা এরকম। খুবই অসুবিধা হয়। বিশেষ করে বৃষ্টির দিনে। প্রায় আশি জন মানুষের খাবার এখানে রান্না হয়। এ বিষয়ে নিমো ২ পঞ্চায়েতের প্রধান আব্দুর রহমানকে জানতে চাওয়া হলে তিনি জানান, এই রকম হওয়ার কথা নয়।

বাজ পড়ে মৃত ১

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ২২ সেপ্টেম্বর ঃ রাজ্যে ফের বাজের বলি আরও এক। মাঠে কাজ করতে গিয়ে বাজ পড়ে মৃত্যু হল এক ব্যক্তির। গুরুতর আহত দুই মহিলা। ঘটনাটি ঘটেছে শুক্রবার মেমারি বহরমপুর এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মেমারির বহরমপুরের বাসিন্দা শেখ আব্দুল ওয়াহিদ, উত্তরা ক্ষেত্রপাল ও জ্যোৎস্না ক্ষেত্রপাল তিনজনই বহরমপুরের একটি মাঠে কাজ করছিলেন। সেই সময় হঠাৎই বাজ পড়ায় গুরুতর আহত হন তিনজন। স্থানীয়রা তাঁদের চিকিৎসার জন্য উদ্ধার করে মেমারি গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক শেখ আব্দুল ওয়াহিদকে মৃত বলে ঘোষণা করেন। জানা গিয়েছে, ওই ব্যক্তির বয়স হয়েছিল ৬৫ বছর। অবস্থার অবনতি হওয়ায় উত্তরা ক্ষেত্রপালকে পাঠানো হয় বর্ধমান মেডিকেলে এবং জ্যোৎস্না ক্ষেত্রপাল চিকিৎসাধীন রয়েছেন মেমারি হাসপাতালে। প্রসঙ্গত, বাজ পড়ে মৃত্যুর ঘটনাটা প্রায় প্রতিবছরই বেড়ে চলেছে। কখনও বৃষ্টির জমা জলের মধ্যে বিদ্যুৎ প্রবাহিত তারে শহরতলির মর্মান্তিক ঘটনা প্রকাশ্যে আসছে। কখনও মফস্বলে, গ্রামগুলিতে আসছে বাজ পড়ে মৃত্যুর মর্মান্তিক ঘটনার খবর। একদিকে, যখন ভ্যাপসা গরমে প্রাণ ওষ্ঠাগত, ঠিক তখনই শুরু হয়েছে প্রবল বর্ষণ। সেই সঙ্গে বাজও পড়ছে একাধিক এলাকায়। বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সময় কী কী করা উচিত, এবং কী কী করা উচিত নয়, এই সচেতনতা অনেক ক্ষেত্রেই মেনে চলা হয় না। যার ফলে বছর বছর মৃত্যু হয় এই কারণে।

ছাত্রকে অপহরণ

দুরন্ত বার্তা, বীরভূম, ২২ সেপ্টেম্বর ঃ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রকে অপহরণের অভিযোগ উঠল। কয়েক জন অজ্ঞাতপরিচয় দুষ্কৃতী ওই ছাত্রকে অপহরণ করেছে অভিযোগ। বোলপুর থানায় অভিযোগ দায়ের করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। পুলিশ সূত্রে খবর, এই ঘটনায় অভিযোগ দায়ের করা হয়েছে। তদন্ত শুরু করা হয়েছে। বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, ওই ছাত্রর বাড়ি মায়ানমারে। বিশ্বভারতীর সংস্কৃত বিভাগের পিএইচডি স্কলার ফাইনাল ইয়ারের ছাত্র। কী কারণে তাঁকে অপহরণ করা হল, তা এখনও স্পষ্ট নয়। ওই ছাত্রের নাম পান্না। শান্তিনিকেতনের ইন্দিরা পল্লি এলাকায় একটি ভাড়া বাড়িতে থাকতেন ছাত্র। ওই বাড়িতে তাঁর এক বন্ধুও থাকতেন। জানা গিয়েছে, বৃহস্পতিবার দুপুরে সাত-আট জন দুষ্কৃতী গাড়ি নিয়ে ওই বাড়িতে চড়াও হয়। ইন্দিরা পল্লি এলাকায় কয়েকটি বাড়িতে প্রথমে ছাত্রের ছবি নিয়ে খোঁজ শুরু করেন দুষ্কৃতীরা। তার পর ছাত্রটিকে খুঁজে পান তাঁরা। ছাত্রটিকে গাড়িতে তুলে নিয়ে চম্পট দেন দুষ্কৃতীরা। ছাত্রের ফোনও হাতানো হয় বলে অভিযোগ। বৃহস্পতিবার সন্ধ্যায় ঘটনাটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে আনেন ছাত্রের বন্ধু। তার পরই নড়েচড়ে বসেন বিশ্বভারতী কর্তৃপক্ষ। থানায় মেল করে অভিযোগ দায়ের করা হয়েছে। এই ঘটনার নেপথ্যে অপহরণ না কি অন্য কোনও কারণ রয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে বলে পুলিশ সূত্রে খবর।

দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ টিআরডি-কেজিপি-জন্য-২০২৩-২৪-১৯, তারিখ ঃ ২১.০৯.২০২৩। ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিইই/টিআরডি, দক্ষিণ পূর্ব রেলওয়ে, খড়্গপুর-৭২১৩০১ নিম্নলিখিত কাজের জন্য সামগ্রীর পাশে উল্লিখিত তারিখে দুপুর ১টার আগে ই-টেন্ডার আহ্বান করছেন যেটি দুপুর ৩.৩০ মিনিটে খোলা হবে। কাজের বিবরণ ঃ (১) খড়্গপুর ডিভিশন টিআরডি (পি) -২২.৩৯৯ কিমি., (২) খড়্গপুর ডিভিশন টিআরডি (এস)- ৫.১৯ কিমি., (৩) খড়্গপুর ও খড়্গপুর-তমলুক-টিএসআর (পি)- ৩৩.৭৮৬ কিমি., (৪) খড়্গপুর ডিভিশন- সিটিআর (এস)- ২.১৯৫ কিমি. ও টিআরডি(এস)- ০.১০২ কিমি., (৫) খড়্গপুর ডিভিশন- টিআরডি (পি)- ৪৪.১৫৭ ট্রাক কিমি., (৬) খড়্গপুর-তমলুক-টিএসআর (পি)- ২.২৮১ ট্রাক কিমি. ও বাগনান-বালিচক-টিআরএস (পি)- ২১.৬৫০ ট্রাক কিমি., (৭) খড়্গপুর-তমলুক-সিটিআর (এস)- ১৪.৮৩১ ট্রাক কিমি. ও টিআরডি (এস)- ০.৬৯০ ট্রাক কিমি., (৮) পাঁশকুড়া-তমলুক ঃ শিরডি-৩১ ট্রাক রিনিউয়াল-এর অধীনে ১.৮০ ট্রাক কিমি.-র জন্য টিআরডি (পি), (৯) পাঁশকুড়া-হলদিয়া (ডাউন ও এসএল)- সিটিআর(পি)- ১.৩৩৭ ট্রাক কিমি. ও (১০) পাঁশকুড়া-হলদিয়া (আপ)- সিটিআর (পি)- ১.০৫২ ট্রাক কিমি.। টেন্ডার মূল্যমান ঃ ১৭,১৪,৬০৬.৪০ টাকা। ইএমডি ঃ ৩৪,৩০০ টাকা। টেন্ডার নথির মূল্য ঃ শূন্য। খোলার তারিখ ঃ ১৭.১০.২০২৩। সম্পাদনের সময়সীমা ঃ ১২ (বারো) মাস। জমার তারিখ ঃ ১৭.১০.২০২৩ তারিখ দুপুর ১টা পর্যন্ত। টেন্ডারের সম্পূর্ণ বিশদ, বিবরণ, স্পেসিফিকেশন সম্পর্কে জানতে ও অনলাইনে বিড জমা করতে আগ্রহী টেন্ডারদাতারা ওয়েবসাইট www.ireps.gov.in দেখতে পারেন। এই কাজের জন্য কোন ক্ষেত্রেই ম্যানুয়াল টেন্ডার গ্রাহ্য হবে না। দ্রষ্টব্য ঃ সমস্ত বিজ্ঞাপন সকল টেন্ডারে অংশগ্রহণের জন্য নির্দিষ্ট www.ireps.gov.in দেখতে পারেন। (PR-630)

এসকেভি ওয়েলডিং পোর্শানের যোগান

ই-টেন্ডার নোটিস নং. এনএফআর/ইএলসি/০৬ অফ ২০২৩ তারিখঃ ১৪-০৯-২০২৩। নিম্নে উল্লেখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে: কাজের সংক্ষিপ্ত বিবরণ: ডিইএন/ডাবলডি অধীনে ... টেন্ডার রাশি: ১,০০,০১,০৫৫/- টাকা। বায়না রাশি: ২,০০,০০০/- টাকা। টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়: ১২-১০-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টায় এবং খোলা যাবে ১২-১০-২০২৩ তারিখের ১৫.৩০ ঘন্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার প্র-পত্রের সঙ্গে সম্পূর্ণ তথ্য আগামী ১০-১০-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টা পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিএমএম (ডিপো), মালিগাঁও

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

"এ" শ্রেণির কর্মীযুক্ত এলসি গেটের পরিবর্তে এলএইচএস/আরইউবি-এর ব্যবস্থা

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. ১০৬/ডব্লিউ-২/এপিডিজে, তারিখ: ১৫-০৯-২০২৩। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। টেন্ডার নং.। ৪৪-এপি-১-২০২৩। কাজের নাম ঃ ডিইএন/১/আলিপুরদুয়ার জং. অধিক্ষেত্রের অধীনে জোরাই-শ্রীরামপুর অঞ্চলের মধ্যে ১৭৭/৯-১৭৮/০ কিমি-তে "এ" শ্রেণির কর্মীযুক্ত এলসি গেট নং. এনএস/১১২ (আপ ও ডাউন)-এর পরিবর্তে এলএইচএস/আরইউবি-এর ব্যবস্থা করা। টেন্ডার মূল্য: ৪,১৮,৭২,১৪০.৪৯ টাকা; বায়নার অর্থ: ৩,৫৯,৪০০.০০ টাকা। ই-টেন্ডার বন্ধ হবে ১১-১০-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টায় এবং খোলা হবে ১১-১০-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য http://www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ওয়ার্কস), আলিপুরদুয়ার জং.

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

Tender / Quotation

Sealed tender are hereby invited by the Principal of A. C. Training College, Jalpaiguri for the following items/Furniture under RUSA 2.0 fund. Last date of dropping tender on 29.09.2023 upto 3:00 P.M. Details are available in college website : www.actrainingcollege.org

Principal

A. C. Training College

Jalpaiguri

Bidhannagar Municipal Corporation

i) NIT No-479/PWD/ROAD/BMC(2nd Call), Dated - 21.09.2023

ii) NIT No-480/PWD/ROAD/BMC(2nd Call), Dated - 21.09.2023

e-Tender has been invited for Repairing of bituminous and concrete road at different locations within ward no.28, 31, 33 34 under BMC.

For details, please follow Tender Id

i) 2023_MAD_574791_1 ii) 2023_MAD_574879_1 to 4

in www.wbtenders.gov.in, Office Notice Board. Last date of Bid submission - 30.09.2023 up to 3.00 p.m.

Executive Engineer

Bidhannagar Municipal Corporation

নাম-নির্মলেন্দু মণ্ডল, পিতা-স্বর্গীয় জ্ঞানেন্দ্র মণ্ডল, গ্রাম-রাজতজুবিলি, পোস্ট-সাধুপুর, থানা-সুন্দরবন কোস্টাল, জেলা-দক্ষিণ ২৪ পরগনা, পিনকোড-৭৪৩৬১০ বসবাসকারী গত ২৪.০২.২৩ তারিখে ১ম শ্রেণি জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা নিকট তুলসী কুমার মণ্ডল থেকে নির্মলেন্দু মণ্ডল হয়েছি, তুলসী কুমার মণ্ডল রেকর্ডের খতিয়ান নম্বর-১৯৫১১, দাগ-১৭১৬, ১৭১৮, ১৭১৯, ১৭২০, মোট জমি- ৫১ শতক, মৌজা-সাধুপুর। তুলসী কুমার মণ্ডল থেকে নির্মলেন্দু মণ্ডল নামে পরিবর্তন করতে চাইছি, তুলসী কুমার মণ্ডল ও নির্মলেন্দু মণ্ডল একই ব্যক্তি।

Name Change

I, REJINA BEGUM is wrongly recorded in my Passport, W/o- TARIKUL ISLAM. Residing at Vill - Haranagar, Post- Haranagar, Ps- Nakashipara, Dist- Nadia, Pin- 741137, West Bengal. Shall henceforth be known as REJINA BEGUM SEKH. That my name REJINA BEGUM SEKH and REJINA BEGUM is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, Sohid Ali Mondal, son of Ajibar Mandal , resident of Vill. - Ghoraras, P.O. - Zafarpur, P S. - Matia , Dist. - North 24 Parganas, West Bengal - 743428 , shall henceforth be known as SAHID ALI MONDAL vide an affidavit sworn before the Notary Public at Basirhat, North 24 Parganas.

কলকাতা শ্রী পূজা প্রতিযোগিতা -২০২৩ উপলক্ষ্যে কলকাতা পৌরসংস্থা ফর্ম বিলি শুরু করেন কলকাতার মহানাগরিক। এছাড়াও উপস্থিত ছিলেন মেয়র পরিষদ (উদ্যান) ও অন্যান্য মেয়র পরিষদগণ এবং কলকাতা পৌরসংস্থার সচিব।

প্রতিমা তৈরি করতে পরিশ্রম করে যাচ্ছেন কালনার সাজ শিল্পীরা

রাজ কুমার ঘোষ, কালনা, ২২ সেপ্টেম্বর ঃ মা দুর্গার মূর্তিকে আরও সুন্দর করে তুলতে দিনরাত পরিশ্রম করে যাচ্ছেন কালনার মূর্তির সাজ শিল্পীরা, আগের তুলনায় এই বছর দুর্গা পুজোর সংখ্যা বাড়ায় সাজের চাহিদা বেড়েছে, তাই নাওয়া- খাওয়া ভুলে দিনরাত কঠিন পরিশ্রম করে চলেছেন সাজ শিল্পীরা। তার সাথে সাথে বেড়েছে রোজগার শিল্পীদের, বাঙালির বড়ো উৎসব দুর্গা পুজো, প্রতিমা তৈরী করতে যেমন ব্যস্ত মৃৎশিল্পীরা, তেমনি প্রতিমার সাজ তৈরী করতে ব্যস্ত কালনার সাজ শিল্পীরা,মালা, চাঁদমালা, কদম ফুল সহ মা দুর্গার বিভিন্ন রকমের সাজ তৈরী করেন কালনার এই সাজ শিল্পীরা। লকডাউনের পর এই বছরে পুজোর সংখ্যা বেশ কয়েকটি বেড়েছে তাই ঠাকুরের সাজের চাহিদাও তুঙ্গে,সাজের সরঞ্জামের দাম বেড়েছে, বেড়েছে শিল্পীদের মজুরিও, তাও মালিক ও শিল্পীরা এই পুজোই যা বরাত এসেছে তাতে লাভের আশায় দেখছেন। রকমারি সাজ তৈরী করে নজর কাড়ছেন দূর দূরান্তের পূজা কমিটি ও বারোয়ারী,তাই এইখান থেকে তৈরী সাজ রাজ্যের বিভিন্ন প্রান্তে যাচ্ছে,পুজো এলেই কালনার সাজ শিল্পীরা কঠিন পরিশ্রম করে বা।তি অর্থের রোজগারের আশায় থাকেন এই বছর মালের চাহিদা থাকায় রোজগার তাদের অনেকটাই বেড়েছে

প্রবল বৃষ্টিকে উপেক্ষা করে প্রতিটি বাগানে চলছে গেট মিটিং

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২২ সেপ্টেম্বর ঃ চা বলয়ের শ্রমিকদের ২০ পুজো বোনাসের দাবিতে শুক্রবার সকাল থেকে কালচিনি ব্লকের বিভিন্ন

চা বাগানে প্রবল বৃষ্টিকে উপেক্ষা করে গেট মিটিং এ সামিল হল তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়ন । এই বিষয়ে উল্লেখ্য উত্তরের চা বলয়ের শ্রমিকদের পুজো বোনাস দিয়ে গতকাল কলকাতায় বেঙ্গল অফ চেম্বার কমার্সে দ্বিপাক্ষিক বৈঠক আয়োজিত হয় । সেই বৈঠকে মালিকপক্ষ থেকে জানানো হয় ৮.৫ বোনাস দেওয়া হবে কিন্তু সমস্ত শ্রমিক সংগঠন ২০ বোনাস প্রদানের দাবি জানান দীর্ঘ ছয় ঘণ্টা বৈঠক চলে কিন্তু কোনো সিদ্ধান্ত হয় না বৈঠক ভেস্তে যায়। আগামী ৫ ও ৬ অক্টোবর পুনরায় বোনাস বৈঠক ডাকা হয়েছে। এদিকে ২০ বোনাসের দাবিতে অনড় তৃণমূল, বিজেপি, বাম সহ সমস্ত রাজনৈতিক দলের শ্রমিক সংগঠনরা । শুক্রবার সকালে প্রবল বৃষ্টিকে উপেক্ষা করে প্রতিটি বাগানে চলছে গেট মিটিং । এদিন গেট মিটিং সামিল হয়েছে শ্রমিকরা । শ্রমিকরা স্পষ্ট জানান ২০ বোনাস তাদের লাগবেই। এদিন মালঙ্গী, ভার্গবাড়ি, কালচিনি, ডীমা, রায়মাটাং সহ প্রায় প্রতিটি চা বাগানে গেট মিটিং আয়োজিত হয়।

একজন অসুস্থ মহিলা যাত্রীকে সাহায্য করল মেট্রো কর্মীরা

কলকাতা,২২ সেপ্টেম্বর ঃ ২১.০৯.২০২৩ তারিখে প্রায় ১৮.৫০ টায়, নেতাজি স্টেশনে ট্রেন থেকে নামতে গিয়ে প্রায় ১৯ বছর বয়সী একজন মহিলা যাত্রী পিছলে পড়ে গিয়েছিলেন। সে সামান্য চোট পেয়েছে। তার অবস্থা দেখে, কর্তব্যরত স্টেশন কর্মীরা এবং আরপিএফ কর্মীরা তাকে সাহায্য করতে ছুটে আসেন। তাৎক্ষণিকভাবে স্টেশন স্টেশন মাস্টারকে অবহিত করা হলে তিনি খবর পেয়ে ঘটনাস্থলে আসেন। তাকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছিল এবং এই প্রাথমিক চিকিৎসার পর সে ভালো বোধ করার পরে স্টেশন কর্মীরা পরে তার বাবার সাথে যোগাযোগ করেন, যে ফোন নম্বরটি তিনি তাদের দিয়েছিলেন তা থেকে এবং তার বাবাকে তার অবস্থা সম্পর্কে অবহিত করা হয়েছিল। কিছুক্ষণের মধ্যে তার বাবা স্টেশনে আসেন। তিনি তাকে বাড়িতে নিয়ে যেতে চেয়েছিলেন। সমস্ত আনুষ্ঠানিকতা মেনে, মহিলা যাত্রীকে তার বাবার কাছে হস্তান্তর করা হয়। বাবা ও মেয়ে উভয়েই মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন সদয় সহযোগিতা এবং সময়মত সহায়তার জন্য।

অমৃত ভারত স্টেশন, নাগাল্যান্ডের ব্যবসায়ীদের সাথে বৈঠক অনুষ্ঠিত

মালিগাঁও, ২২ সেপ্টেম্বর ঃ উত্তর - পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী চেতন কুমার শ্রীবাস্তব আজ লকং, লামডিং ও ডিমাপুর স্টেশনের অগ্রগতি পর্যালোচনা করলেন যেগুলি অমৃত ভারত স্টেশন

প্রকল্পের অধীনে পুনর্বিকাশ করা হবে। তিনি অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে করণীয় বিভিন্ন কাজ পরিদর্শন করেন। এই পরিদর্শনের সময় জেনারেল ম্যানেজারকে সঙ্গ দিয়েছেন বিভিন্ন বিভাগের প্রধান ও ডিভিশনাল আধিকারিকদের সাথে লামডিঙের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার শ্রী প্রেম রঞ্জন কুমার। অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে লকং, লামডিং ও ডিমাপুর স্টেশনকে যথাক্রমে ৩০.১ কোটি টাকা, ৪০.৮ কোটি টাকা ও ২৬৫.৬ কোটি টাকা আনুমানিক ব্যয়ে পুনর্বিকশিত করা হবে। জেনারেল ম্যানেজার নতুন স্টেশন বিল্ডিং, রু ফ লবি, ফুট ওভার ব্রিজ, প্ল্যাটফর্ম ও অন্যান্য যাত্রী সুযোগ-সুবিধা সম্পর্কিত কাজের পরিকল্পনাগুলি পুংখানুপুঙ্খভাবে পরিদর্শন করেন। এই পরিদর্শনের সময় তিনি মিডিয়া জার্নালিস্টদের একাধিক প্রতিনিধিদের সাথে বার্তালাপ করেন এবং রেলওয়ে বোর্ডের জারিকৃত নির্দেশাবলি অনুযায়ী এই জোনের মধ্যে পরিচালিত বিভিন্ন উন্নয়নমূলক কার্যকলাপ সম্পর্কে বর্ণনা করেন এবং বলেন যে অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে লকং, লামডিং ও ডিমাপুরের মতো স্টেশনগুলির উন্নয়ন করা হবে। এছাড়াও, জেনারেল ম্যানেজার নাগাল্যান্ডের ট্রেডার, ব্যবসায়ী ও বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে ডিমাপুরে একটি বৈঠক অনুষ্ঠিত করেন। এই বৈঠকের লক্ষ্য ছিল নাগাল্যান্ডের দক্ষ লজিস্টিক ও পরিবহণ ব্যবস্থাকে উৎসাহ দেওয়া এবং দেশ ও দেশের বাইরের বিভিন্ন স্থানে নাগাল্যান্ড থেকে আরও রপ্তানি পৌঁছে দিতে সক্ষম করা। স্টেশন এলাকার সামগ্রিক উন্নয়নের জন্য এবং ব্যবসা সহজভাবে করার জন্য টার্মিনালগুলির আরও উন্নয়নের জন্য উভয় পক্ষের মধ্যে প্রস্তাব ও পরামর্শ বিনিময় করা হয়। রেলওয়ে ও বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে ভালো সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে চারপাশের সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়নের জন্য উভয় পক্ষের দৃঢ় প্রতিশ্রুতির সাথে বৈঠকটির সফল সমাপ্তি ঘটে। এখানে উল্লেখযোগ্য যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ০৬ আগস্ট, ২০২৩ তারিখে দেশজুড়ে মোট ৫০৮ টি রেলওয়ে স্টেশনের পুনর্বিকাশের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। এই স্টেশনগুলি নবীকরণের মাধ্যমে রাজ্যের রেল ব্যবহারকারীদের অত্যাধুনিক সুযোগ-সুবিধা প্রদান করা হবে। এর পাশাপাশি, পুনর্বিকশিত করা স্টেশনগুলি রাজ্যের প্রধান প্রধান শহরগুলির মধ্যে গুরুত্বপূর্ণ সংযোগ স্থাপন করবে। যা অর্থনৈতিক কার্যকলাপ বৃদ্ধির ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করবে এবং এর মাধ্যমে রাজ্যে কর্মসংস্থান সৃষ্টি হবে।

নবদ্বীপ সহ নদীয়া জেলা জুড়ে বিভিন্ন আদালত চত্বরে ’ল ক্লার্কদের বিক্ষোভ, জাতীয় সড়ক অবরোধ

গোপাল বিশ্বাস, নদীয়া, ২২ সেপ্টেম্বর ঃ সংগঠনের বিভিন্ন দাবী দাওয়া নিয়ে দীর্ঘদিন ধরে একাধিক দপ্তরে আবেদন জানিয়েও মেলেনি কোন সুরাহা, এমতাবস্থায় ২২ সেপ্টেম্বর শুক্রবার রাজ্য জুড়ে পশ্চিমবঙ্গ ’ল ক্লার্কস অ্যাসোসিয়েশানের উদ্যোগে রাজ্য জুড়ে বিক্ষোভ, পথ অবরোধের ডাক দেয় সংগঠনের তরফে। পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী শুক্রবার রাজ্যের অন্যান্য জায়গার পাশাপাশি নদীয়ার নবদ্বীপ সহ গোটা জেলা জুড়ে। বিভিন্ন আদালত চত্বরের সামনে বিক্ষোভ, জাতীয় সড়ক অবরোধ কর্মসূচী পালন করে ’ল ক্লার্ক অ্যাসোসিয়েশনের তরফে সংগঠনের দাবী একদিকে রাজ্যের অধিকাংশ আদালতের ভগ্নদশা, নেই শৌচাগার, নেই বসার জায়গা, সবের জন্য অন্যদিকে দালাল চক্রে ভরে গিয়েছে আদালত চত্বর সহ ভূমিরাজস্ব অফিসও। এই ধরনের একাধিক দাবি দাবা নিয়ে পশ্চিমবঙ্গ ল ক্লার্ক অ্যাসোসিয়েশনের ডাকে শুক্রবার নদীয়ার রানাঘাটের ৩৪ নম্বর জাতীয় সড়ক অবরোধ সহ নবদ্বীপ আদালতের সামনেও বিক্ষোভ করে ল ক্লার্ক এসোসিয়েশনের কর্মীরা। তাদের দাবি, দীর্ঘদিন ধরে তাদের একাধিক সমস্যার কথা তুলে ধরেছেন বিভিন্ন দপ্তরে কিন্তু আজ পর্যন্ত তার কোন সুরোহা হয়নি। এর আগেও একাধিক বার তারা আদালত চত্বরে কর্মবিরতি রেখে অবস্থান বিক্ষোভ করেছেন, তাতেও টনক নড়েনি উদ্ধতন কর্তৃপক্ষদের। অভিযোগ তাদের কর্মীদের সংখ্যাটা দিন দিন বাড়ছে কিন্তু পরিকাঠামো ঠিক নেই আদালতে। তারা বসে যে কাজ করবেন সেই ব্যবস্থা নেই, এছাড়াও নেই শৌচাগার। অন্যদিকে গোটা আদালত চত্বরে ভরে গিয়েছে দালাল চক্রে, এভাবে বেশি দিন চলতে থাকলে আগামী দিন ভয়াবহ রূপ নেবে তাদের কর্মসংস্থানের। পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে দেখা যাচ্ছে অসংখ্য মামলা পরিকাঠামো, সহ বিভিন্ন কারণে সমাধান বা সুরাহা হচ্ছে না দীর্ঘদিন, ফলে ভোগান্তির শিকার হতে হচ্ছে সাধারণ মানুষকে, তাই একাধিক বার জানিয়েও লাভ না হওয়ায় অবশেষে তারা এ দিনের বিক্ষোভ দেখাতে বাধ্য হন। তবে বিক্ষোভ কর্মসূচির মধ্যে দিয়ে বিক্ষোভকারীদের করা হুঁশিয়ারি, তাদের দীর্ঘদিনের এই সমস্যা গুলি যদি সমাধান না হয় তাহলে আগামী দিনে বড়সড়ো আন্দোলনের পথ বেছে নেবেন তারা। এদিন নবদ্বীপ, রানাঘাটের পাশাপাশি নদীয়ার তেহট্ট কৃষ্ণনগর সহ কল্যাণীতেও একইভাবে প্রতিবাদে সরব হন পশ্চিমবঙ্গ ল ক্লার্ক অ্যাসোসিয়েশনের কর্মীরা।

পুজোর মরশুমে ক্ষুদ্র মহিলা ব্যবসায়ীদের পাশে মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্স

দুরন্ত বার্তা, মালদা, ২২ সেপ্টেম্বর ঃ পুজোর মরশুমে ক্ষুদ্র মহিলা

ব্যবসায়ীদের পাশে থেকে সহযোগিতার হাত বাড়িয়ে দিল মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্স। মূলতঃ দুর্গা পুজোর মরশুমে অনেক মহিলারা বিভিন্ন ধরনের প্রসাধনী সামগ্রী নিয়ে ক্ষুদ্র ব্যবসা করে থাকেন। উল্লেখযোগ্য হিসেবে অনেকেই বুটিকের ব্যবসা করেন। আবার কেউ বিভিন্ন ধরনের পোশাক, মেকআপ, কসমেটিক্স , বিউটি পার্লারের ব্যবসা করে থাকেন। তাদের এই অফলাইনে ব্যবসার জন্য সব রকম সাহায্যের উদ্যোগ নিয়ে পাশে দাঁড়িয়েছে জেলার সর্ববৃহৎ বাণিজ্যিক ওই সংগঠন মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স। শুক্রবার মালদা শহরের রথবাড়ি সংলগ্ন মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের কনফারেন্স রুমে অসংখ্য ক্ষুদ্র মহিলা ব্যবসায়ীদের নিয়ে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। সেখানেই বিভিন্ন প্রসাধনী সামগ্রীর সঙ্গে যুক্তঃ মহিলা ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা করেন উপস্থিত ব্যবসায়ী সংগঠনের সদস্যরা। এই আলোচনা সভায় উপস্থিত হয়েছিলেন মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্সের সভাপতি জয়ন্ত কুন্ডু সংগঠনের সাধারণ সদস্য উজ্জ্বল সরকার, হিমাদ্রি সাহা সহ বিশিষ্টজনেরা। উপস্থিত ক্ষুদ্র মহিলা ব্যবসায়ীরা জানিয়েছেন, এতদিন তারা কেউ নিজেদের বাড়ি থেকে আবার কেউ ছোটখাটো দোকান করে পুজোর মরশুমে নানান ধরনের প্রসাধনী সামগ্রী বেচাকেনা করেন। কিন্তু অফলাইনে সরাসরি ক্রেতাদের কাছে বেচাকেনা করার ক্ষেত্রে নানান রকম সমস্যায় পড়তে হয়। এক্ষেত্রে মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স তাঁদের পাশে দাঁড়িয়েছে। এমনকি ছোটখাটো লোন দিয়েও মহিলা ব্যবসায়ীদের উৎসাহিত করারও কথা জানিয়েছে। ফলে মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্সের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন উপস্থিত ক্ষুদ্র মহিলা ব্যবসায়ীরা।

দেবী নয়, নারীকে অন্তত মানুষ হিসেবে দেখুন, রেপ যাতে না হয় ঃ শতাব্দী

দুরন্ত বার্তা, বীরভূম, ২২ সেপ্টেম্বর ঃ দেবী নয়, নারীকে অন্তত মানুষ হিসেবে দেখুন, রেপ যাতে না হয় সেটা দেখুন বুধবার মহিলা সংরক্ষণ বিল নিয়ে লোকসভা সংসদে মানবিক প্রশ্ন করলেন বীরভূম সাংসদ শতাব্দী রায়। উল্লেখ্য, বুধবার সকাল ১১টায় লোকসভায় বিলের বিষয়ে আলোচনা শুরু হয়। নতুন সংসদ ভবনে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী বলেন, ‘মহিলা বিলের জন্যই ভগবান আমাকে পাঠিয়েছেন’। যা নিয়ে দেশ জুড়ে বিতর্ক হয়েছে। সাংসদ বলেন, মুখ্যমন্ত্রী প্রথম থেকেই নারীর ক্ষমতায়ণের পক্ষে। কিন্তু কেন্দ্র সরকার বলছে, এই ক্ষমতা বিলের মাধ্যমে নারীর হাতে তুলে দিল। আমার এই প্রশ্ন কোন রাজনীতির প্রশ্ন নয়। সকল পুরুষের কাছে। আপনি দেওয়ার কে? আমরা যদি সবাই সমান হয়, এই দেশ, বিশ্বে আমরা সমান অংশীদার। আগে দাতা ও গ্রহীতার পার্থক্য দূর করুন। নারীকে সেই ক্ষমতা দিন, যাতে করে হাত পেতে নিতে না হয়। সংসারে স্বামী পুত্রের কাছে হাত পাততে না হয়। নারী রান্নাঘরে রুটি বানানোর মধ্যে আবদ্ধ না থাকেন। নারীর রেপ যেন না হয়। নারীকে দেবী বানানোর দরকার নেই। তাঁকে অন্তত মানুষের মর্যাদা দিন।

খড়গপুরে ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃত ১

দুরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ২২ সেপ্টেম্বর ঃ পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে মৃত্যু হল ডেঙ্গি আক্রান্ত এক গৃহবধূর। খড়গপুর পুরসভার ৮ নম্বর ওয়ার্ডের খরিদার বাঙালি পাড়ার বাসিন্দা রুনিতা মল্লিক। চিকিৎসাধীন অবস্থাতেই মৃত্যু হল তাঁর। পরিবার সূত্রে খবর, সোমবার থেকে জ্বরে ভুগছিলেন রুনিতা। রক্ত পরীক্ষায় ডেঙ্গি পজিটিভ আসে ওই গৃহবধূর। অবস্থার অবনতি হওয়ায় বুধবার তাঁকে খড়গপুরের মালঞ্চতে একটি নার্সিংহোমে ভর্তি করা হয়। পরে অবস্থার আরও অবনতি হলে মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। গতকাল রাতে মৃত্যু হয় তাঁর।

অভিনব কায়দায় দুর্গা প্রতিমা তৈরি করে আলোড়ন সৃষ্টি করলেন পুলিশকর্মী

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক, ২২ সেপ্টেম্বর ঃ প্রতি বছরই তাকলাগানো শিল্পকলায় দুর্গা প্রতিমা তৈরিতে অভিনবত্ব রাখেন মালদার অবসরপ্রাপ্ত পুলিশ কর্মী বিষ্ণু চন্দ্র সাহা। এবারও সেই ধারাই বজায় রাখলেন তিনি। এবার জল দূষণ রোধ এবং মাটি রক্ষার বার্তা দিয়ে দুর্গা প্রতিমা তৈরি করছেন তিনি। বিষ্ণুচন্দ্র সাহা এবার ভুট্টার খোসা, খড়, ধানের তুষ, গমের ভুসি দিয়ে তৈরি করছেন দুর্গা প্রতিমা। ভারতীয় শিল্পের সঙ্গে পাশ্চাত্য শিল্পের মেলবন্ধন তুলে ধরতে চাইছেন তিনি। দুর্গাপুজোর আর এক মাসও বাকি নেই। তার আগে একা হাতেই তিনি মায়ের রূপ দান করে চলেছেন। মালদা শহরের কৃষ্ণ কালীতলা এলাকার বাসিন্দা বিষ্ণুচন্দ্র সাহা রাজ্য পুলিশের হোমগার্ড পদে চাকরি করতেন। ৩ বছর আগে তিনি চাকরি থেকে অবসর নিয়েছেন। চাকরিতে নিযুক্ত থাকাকালীনও সময় বের করে প্রতিমা তৈরি করতেন তিনি। অবসর গ্রহণের পর হাতে ঢের সময়, তাই গত তিন বছর ধরে নজরকাড়া দেবীমূর্তি বানিয়ে অনন্য নজির গড়েছেন তিনি। এবছর বিষ্ণুচন্দ্র সাহার হাতে তৈরি দেবী দুর্গা মালদা শহরের ২ নম্বর গভর্নমেন্ট কলোনি এলাকার একটি বিগ বাজেটের পুজো মণ্ডপে দেখা যাবে। উল্লেখ্য, মাটির বদলে খড়, ধানের তুষ, গমের ভুষি এই তিন উপকরণ দিয়ে তৈরি করা হচ্ছে মূর্তির কাঠামো। তার উপরে মাটির বদলে ভুট্টার খোসার প্রলেপ দেওয়া হচ্ছে। আঠা দিয়ে সেই কাঠামোর ওপর ভুট্টার খোসা লাগিয়ে তৈরি হচ্ছে দুর্গাপ্রতিমা। প্রতিমার সাজে ব্যবহার করা হচ্ছে ভুট্টার দানা ও ভুট্টার মঞ্জুরি। গত ৬ মাস ধরে এই প্রতিমা তৈরির কাজ করছেন বিষ্ণুবাবু । এখনও পর্যন্ত প্রায় ৭০০ পিস ভুট্টা লেগেছে। মোট ৩০ কেজি ভুট্টা কেনা হয়েছে দেবী মূর্তির জন্য। এছাড়াও ভুট্টার গাছ ও ব্যবহার করা হচ্ছে প্রতিমা তৈরির কাজে।

টমেটো পরিবহনের আড়ালে গাঁজা পাচার সহ গ্রেফতার এক

দুরন্ত বার্তা, কোচবিহার, ২২ সেপ্টেম্বর ঃ টমেটো পরিবহনের আড়ালে গাঁজা পাচারের সময় ৫৫৭ কেজি গাঁজা সহ একজনকে গ্রেফতার করে বক্সিরহাট থানার পুলিশ। অভিযোগ একটি বোলেরো পিকআপভ্যানে টমেটো পরিবহনের আড়ালে গাঁজা-পাচার হচ্ছিল। গোপন সূত্রে খবর পেয়ে বক্সিরহাট থানার জোড়াই ফাঁড়ির পুলিশ ওই বোলেরো পিকআপ ভ্যানটিকে আটক করে। বৃহস্পতিবার গভীর রাতে বক্সিরহাট থানার অন্তর্গত অসম -বাংলা সীমানা লাগোয়া সংকোশ নাকা চেকিং পয়েন্ট এলাকা থেকে ওই পিকআপভ্যানটি আটক করা হয়। টমেটো পরিবহনের আড়ালে অবৈধভাবে ৫৭৫ কেজি গাঁজা পাচার করা হচ্ছিল বলেই জানিয়েছে পুলিশ । নির্দিষ্ট আইন অনুযায়ী একজন ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ভিডিওগ্রাফির মাধ্যমে গাড়িতে তল্লাশি চালানো হয়। গোটা ঘটনাকে ঘিরে চাঞ্চল্যের ছড়িয়েছে এলাকায়। অসম থেকে বাংলায় প্রবেশের পথে ওই পিকআপ ভ্যানটিকে আটক করা হয়েছে বলেও জানা গিয়েছে। কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য্য জানান, বক্সিরহাট থানা পুলিশ গোপন সূত্রে খবর পেযে.একটি বললো পিকআপ নাটক করে। সেখান থেকে ৫৮০ কেজি গাঁজা উদ্ধার রয়েছে। একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং তুফানগঞ্জ এর এস ডি পি ও এর উপস্থিতিতে গাঁজা উদ্ধার করা হয়েছে। নির্দিষ্ট ধারায় বক্সিরহাট থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এই ঘটনার সঙ্গে আরও কারা যুক্ত রয়েছে সমস্ত বিষয়ে তদন্ত করে দেখছে পুলিশ।

অবৈধ নির্মাণের বিরুদ্ধে সোচ্চার হলো শিলিগুড়ি পৌরসভা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ সেপ্টেম্বর ঃ অবৈধ নির্মাণের বিরুদ্ধে সোচ্চার হলো শিলিগুড়ি পৌরসভা। বোর্ড মিটিং বা টক টু মেয়র সহ বিভিন্ন সময় সাধারণ মানুষ বা কাউন্সিলরদের মুখ থেকে ভুঁড়ি ভুঁড়ি অভিযোগ উঠে এসেছে অবৈধ নির্মাণের। শাসক দলের কাউন্সিলরের মুখ থেকেও এমন অবৈধ নির্মাণের অভিযোগ শোনা যায়। তবে অবৈধ নির্মাণের বিরুদ্ধে করা ব্যবস্থা গ্রহণ করেছে শিলিগুড়ি পৌরসভা। ইতিমধ্যে শহরের বহু অবৈধ নির্মাণ ভেঙে দিয়েছেন তারা। শুক্রবার পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের আশ্রম পাড়ায় এমনই এক অবৈধ নির্মাণ ভেঙে দিল শিলিগুড়ি পৌরসভা।

মাটিগাড়ায় আসবাব তৈরির কারখানায় ভয়াবহ আগুন

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ সেপ্টেম্বর ঃ শিলিগুড়ির মাটিগাড়ার ফাঁসিদেওয়া মোড় সংলগ্ন এলাকায় কাঠের আসবাবপত্র তৈরির কারখানায় ভয়াবহ আগুন। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে । ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে ফাঁসিদেওয়া মোড় সংলগ্ন এশিয়ান হাইওয়ে ২- এর পাশে ওই কারখানায় আগুন লাগে। কাঠের প্রচুর আসবাবপত্র, রং সহ অন্যান্য রাসায়নিক পদার্থ থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে পৌঁছায় দমকলের চারটি ইঞ্জিন। বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। স্থানীয়রা জানিয়েছেন, এক ব্যক্তি ভাড়ায় দোকানটি চালাচ্ছিলেন। সম্ভবত শর্ট সার্কিটের জেরেই আগুন ছড়িয়েছে বলে প্রাথমিক অনুমান দমকলকর্মীদের।

দীঘা কলকাতা বাস নিয়ন্ত্রণ হারিয়ে নয়নজুলিতে

দুরন্ত বার্তা, দীঘা, ২২ সেপ্টেম্বর ঃ দীঘা কলকাতা লোকনাথ এসি বাস দিঘার ঠিকরার কাছে দুর্ঘটনা কবলে পড়ে। সেইসঙ্গে বাসে থাকা ১০ থেকে ১৫ জন যাত্রী আহত হন তার মধ্যে দুজন আশঙ্কাজন অবস্থায় তাদেরকে দীঘা রাজ্য সাধারণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনার পরে বেশ কিছুক্ষণ যানজটের সৃষ্টি হয়। পুলিশ ও স্থানীয়রা এসেছে তাদেরকে উদ্ধার করে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে। সেই মুহূর্তে সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ আজ প্রকাশ্যে এসেছে। গত বৃহস্পতিবার রাত্রি ১০টা নাগাদ দীঘা নন্দকুমার ১১৬বি জাতীয় সড়কের রামনগর থানার ঠিকরা পেট্রোল পাম্পের নিকট একটি বেসরকারি বাস নিয়ন্ত্রণ হারিয়ে নয়নজুলিতে পড়লো বাস। এই বাসটি কলকাতা থেকে দীঘার দিকে যাচ্ছিলো। এই ঘটনায় ১৫জন বাস যাত্রী আহত হয়েছেন। রামনগর থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের স্থানীয় দীঘা হাসপাতালে চিকিৎসার জন্য পাঠান। সেই সঙ্গে সাময়িক তৈরী হওয়া যানজট মুক্ত করেন। এবং ঘাতক গাড়িটিকে আটক করেন। চিকিৎসার পর বর্তমানে আহতরা ভালো আছেন।

এনজেপি স্টেশনে কর্মরত অস্থায়ী কর্মীরা ছাঁটাইয়ের বিরুদ্ধে বিক্ষোভ করেছেন

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ সেপ্টেম্বর ঃ নিউ জলপাইগুড়ি রেল স্টেশনে কর্মরত অস্থায়ী কর্মীদের ছাটাই করার প্রতিবাদে নিউ জলপাইগুড়ি রেল স্টেশনের রানিং রুমের সামনে বিক্ষোভ প্রদর্শন করলো ছাঁটাই হওয়া অস্থায়ী কর্মী এবং তার পরিবারের সদস্যরা। শুক্রবার রানিং রুমের

প্রধান গেটের সামনে দীর্ঘক্ষন বিক্ষোভ দেখায় তারা। বিক্ষোভকারীদের অভিযোগ প্রায় নয় মাস আগে ঠিকাদার পরিবর্তন করে রেল কর্তৃপক্ষ। তারপর থেকেই প্রায় ৩৫ জন অস্থায়ী কর্মীরা তাদের পাওনা টাকা ঠিকভাবে পাচ্ছিলেন না। সম্প্রতি তাদেরকে কাজের থেকে বের করে দেওয়া হয়। এমনই অভিযোগ তুলে এদিন তারা বিক্ষোভ প্রদর্শন করে অস্থায়ী কর্মীদের দাবি, দাবি মানা না হলে আগামীদিনে তারা বৃহত্তর আন্দোলনে নামবে।

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিভিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/(জিএসইউ), পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, ... বিল্ডিং, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন। টেন্ডার নং: ...-০৪-২০২৩-২৪, তারিখ ২০.০৯.২০২৩। কাজের বিবরণ: ... টেন্ডার মূল্য: ৬,০৭,৫১,০৪০ টাকা। বায়নামূল্য: ৪,৫৩,৮০০ টাকা। টেন্ডার নথিপত্রের মূল্য : শূন্য। কাজ শেষের সময়সীমা: ১৮ মাস। টেন্ডার বন্ধের তারিখ ও সময় : ১২.১০.২০২৩ তারিখ দুপুর ২টো ... টেন্ডার বিডিং শুরুর তারিখ: ২৮.০৯.২০২৩। টেন্ডার বিজ্ঞপ্তির বিশদ বিবরণ এবং সময়ে সময়ে ইস্যু করা সংশোধনী www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

(SDAH-206/2023-24)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

মেরামতি, প্রস্তুতকরণ এবং যোগানের কাজ

ই-টেন্ডার নোটিস নং. ... তারিখ: ...-২০২৩। নিম্নে উল্লেখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। টেন্ডার নং. ১। কাজের সংক্ষিপ্ত বিবরণ: ... টেন্ডার রাশি: ... টাকা। বায়না সুরক্ষা জমা: ... টাকা। টেন্ডার নং. ২। কাজের সংক্ষিপ্ত বিবরণ: ... টেন্ডার রাশি: ... টাকা। বায়না সুরক্ষা জমা: ... টাকা। টেন্ডার নং. ৩। ... টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়: ১৭-১০-২০২৩ তারিখের ১৫.০০ ঘণ্টায় এবং খোলা যাবে: ১৭-১০-২০২৩ তারিখের ১৫.৩০ ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার প্র-পত্রের সঙ্গে সম্পূর্ণ তথ্য আগামী ১৭-১০-২০২৩ তারিখের ১৫.০০ ঘণ্টা পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ), কাটিহার
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

হাওড়া-নিউ জলপাইগুড়ি-হাওড়া স্পেশাল ট্রেন

সপ্তাহান্তিক ছুটির দিন এবং ২৮.০৯.২০২৩ (বৃহস্পতিবার) ও ০২.১০.২০২৩ (সোমবার) তারিখে জাতীয় ছুটির দিন উপলক্ষে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে হাওড়া ও নিউ জলপাইগুড়ির মধ্যে এক (০১) জোড়া স্পেশাল ট্রেন চলবে। ০৩০৬১/০৩০৬২ হাওড়া-নিউ জলপাইগুড়ি-হাওড়া স্পেশাল ট্রেন নিম্নলিখিত সংক্ষিপ্ত সময়সূচি, চলাচলের তারিখ, স্টপেজ ও গঠন অনুযায়ী চলবে ঃ

০৩০৬১ হাওড়া-নিউ জলপাইগুড়ি			স্টেশন	০৩০৬২ নিউ জলপাইগুড়ি-হাওড়া		
তারিখ	পৌঁছাবে	ছাড়বে		পৌঁছাবে	ছাড়বে	তারিখ
২৭.০৯.২৩	-	২৩.৪০	হাওড়া	২৩.৩০	-	২৮.০৯.২৩
২৮.০৯.২৩	০০.৩৩	০০.৩৫	ব্যান্ডেল	২২.২২	২২.২৪	
	০৬.২৫	০৬.৩০	মালদা টাউন	১৬.৪০	১৬.৪৫	
	১০.৪৫	-	নিউ জলপাইগুড়ি	-	১২.১৫	

এই স্পেশাল ট্রেনটি যাত্রাপথে উভয় অভিমুখে কাটোয়া, আজিমগঞ্জ, জঙ্গীপুর রোড, বারসোই, কিষাণগঞ্জ ও আলুয়াবাড়ি রোড স্টেশনেও থামবে। চলাচলের দিন ০৩০৬১ হাওড়া থেকে ২৭.০৯.২০২৩ তারিখ (বুধবার) এবং ০৩০৬২ নিউ জলপাইগুড়ি থেকে ২৮.০৯.২০২৩ তারিখ (বৃহস্পতিবার)। গঠন ঃ এসি ১ম শ্রেণি কাম এসি ২-টিয়ার কম্পোজিট–১, এসি ২-টিয়ার–১, এসি ৩-টিয়ার–৫, স্লিপার শ্রেণি–৯, ২য় শ্রেণি (এসএস)–৩, প্যান্ট্রি কার–১ (অচলাবস্থায়), পাওয়ার কার–১ ও এসএলআরডি–১ = ২২ কোচ। ক্যাটিগরি ঃ মেল/এক্সপ্রেস।

০৩০৬১ (হাওড়া-নিউ জলপাইগুড়ি) স্পেশাল ট্রেনের বুকিং পিআরএস কাউন্টার ও ইন্টারনেটের মাধ্যমে ২৩.০৯.২০২৩ তারিখ থেকে পাওয়া যাবে। মেল/এক্সপ্রেস ভাড়ার অতিরিক্ত, স্পেশাল চার্জ ধার্য হবে। বুকিং-এর ক্ষেত্রে কোন ছাড় পাওয়া যাবে না। তৎকাল কোটা উপলব্ধ নয়।

চিফ কমার্শিয়াল ম্যানেজার/পিএম
চিফ প্যাসেঞ্জার ট্রান্সপোর্টেশন ম্যানেজার

পূর্ব রেলওয়ে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter
G20

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Director General (Civil), KMC** invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE-III/13/19/23-24 (1st CALL)

Name of the Work: **Repair of passage at 10/1, 5 G. S. Lane, 16, J. D. Lane and different places in Ward No. 13 to be disturbed by Water Supply Department.** Estimated Amount: **Rs. 4,40,121.00.** Earnest Money: **Rs. 9,000.00.** Period of Completion: **30 days.**

(2) NIT No. : KMC/EE-III/13/18/23-24 (1st CALL)

Name of the Work: **Restoration of footpath along U. M. Road disturbed due to Trial Trench and works of other Department in Ward No. 13, 14, 32.** Estimated Amount: **Rs. 1,80,557.00.** Earnest Money: **Rs. 3,800.00.** Period of Completion: **30 days.** Last date and time of submission of bid: **30.09.2023 upto 12 noon [For Sl. No. 1 & 2].** Date and time of opening of tender: **03.10.2023 on or after 12 noon [For Sl. No. 1 & 2].** The bid forms and other details are available on and from **22.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in [For Sl. No. 1 & 2].**

The **Executive Engineer (Civil), Br.-V, KMC** invites tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/EE(C)/Br-V/040/21/2023-2024

Name of the Work: **Restoration of asphaltum cut by Water Supply Department at Beniatola Lane, 54, Sree Gopal Mallick Lane, 18A, & 15, Radhanath Mallick Lane, Nabin Kundu Lane etc. places in Ward No. 40.** Estimated Amount: **Rs. 2,64,331.09.** Earnest Money: **Rs. 5,300.00.** Period of Completion: **45 days.** Last date and time of submission of bid: **04.10.2023 at 11 a.m.** Date and time of opening of tender: **06.10.2023 at 11 a.m.** The bid forms and other details are available on and from **23.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Civil), Br.-IX, KMC** invites tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/IX/082/036/2023-2024/R

Name of the Work: **Demolishing of Block-10 (Old Dilapidated) Building at 34, Judges Court Road, Kolkata - 700027 (Labour Quarter) in Ward No. 82.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 1,67,468.44.** Earnest Money: **Rs. 3,350.00.** Period of Completion: **60 days.** Last date and time of submission of bid: **07.10.2023 at 12 noon.** Tender will be opened on: **09.10.2023 at 12 noon.** The bid forms and other details are available on and from **23.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Civil), Br.-XV, KMC** invites tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/EE(C)/Br-XV/133/040/2023-2024/R

Name of the Work: **Cleaning of blocked drain by deployment of labour with allied works at Chhoto Sangha Galy, Halder Para, Fathepur 2nd Lane etc. in Ward No. 133.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 2,62,863.52.** Earnest Money: **Rs. 5,300.00.** Period of Completion: **90 days.** Last date and time of submission of bid: **07.10.2023 at 11 a.m.** Date of opening of tender: **09.10.2023 at 11 a.m.** The bid forms and other details are available on and from **26.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Civil), Br.-XVI, KMC** invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/E.E(C)/BR-XVI/142/024/23-24

Name of the Work: **Construction of cement concrete road at Ramjibanpur near House of Gour Makhal in Ward No. 142.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,97,395.97.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **30 days.**

(2) NIT No. : KMC/E.E(C)/BR-XVI/143/025/23-24

Name of the Work: **Construction of cement concrete road at 12 Feet Chittaranjan Sarani near Premises No. 18/83 in Ward No. 143.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,94,761.25.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **30 days.**

(3) NIT No. : KMC/E.E(C)/BR-XVI/125/026/23-24

Name of the Work: **Construction of cement concrete road at Anandanagar near Premises No. D3 in Ward No. 125.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,72,577.64.** Earnest Money: **Rs. 9,500.00.** Period of Completion: **30 days.**

(4) NIT No. : KMC/E.E(C)/BR-XVI/142/027/23-24

Name of the Work: **Construction of cement concrete road at Netaji Pally near House of Badan Makhal in Ward No. 142.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,74,968.37.** Earnest Money: **Rs. 9,500.00.** Period of Completion: **30 days.** Last date and time of submission of bid: **03.10.2023 at 12 noon [For Sl. No. 1 to 4].** The tender will be opened on: **05.10.2023 at 12 noon [For Sl. No. 1 to 4].** The bid forms and other details are available on and from **23.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in [For Sl. No. 1 to 4].**

(5) NIT No. : KMC/EE(C)/BR-XVI/144/013/23-24(2nd CALL)

Name of the Work: **Maintenance of C.C. road at Joka Mondal Para near Premises No. 36 in Ward No. 144.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,77,234.98.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **30 days.**

(6) NIT No. : KMC/EE(C)/BR-XVI/123/020/23-24

Name of the Work: **Development of C.C. road at Kailash Ghosh Road near Premises No. 6/24/3 in Ward No. 123.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,85,394.54.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **30 days.** Last date and time of submission of bid: **04.10.2023 at 12 noon [For Sl. No. 5 & 6].** Tender will be opened on: **06.10.2023 at 12 noon [For Sl. No. 5 & 6].** The bid forms and other details are available on and from **26.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in [For Sl. No. 5 & 6].**

779/23-24

অরুণাচলের খেলোয়াড়দের অপমান!

চিন সফর বাতিল করলেন ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বরঃ চিনের আচরণ মেনে নিতে পারছে না ভারত। আজ, ২২ সেপ্টেম্বর জানা গিয়েছে অরুণাচলের তিন উসু প্লেয়ারকে চিনে পা দিতে দেওয়া হয়নি। নেইমান ওয়াংসু, অনিলু তেগা, মেপাং লামগু এই তিন অ্যাথলিটের চিনে হানঝাউ গেমসে উসু ইভেন্টে নামার কথা। এশিয়ান গেমস শুরু হওয়ার আগে আয়োজকদের পক্ষ থেকে তাঁদের অ্যাক্রেডিটেশন কার্ড বা পরিচয়পত্র তৈরি করে দেওয়া হয়েছিল। তারপরও চিনে ঢোকার অনুমতি পাননি এই তিন অ্যাথলিট। আসলে চিনে যাবার বিমানে উঠতেই পারেননি ওয়াংসু, তেগারা। এই ঘটনার জেরে এ বার চিন সফর বাতিল করলেন কেন্দ্রীয় যুব ও ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর। পররাষ্ট্র মন্ত্রকের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, ভারত সরকার চিনের এই পদক্ষেপের তীব্র বিরোধিতা করছে। ভারত সরকারের পক্ষ থেকে স্পষ্ট বলা হয়েছে, দেশের কোনও রাষ্ট্রের সঙ্গে এই ধরণের আচরণ বরদাস্ত করা হবে না। এমইএ-র মুখপাত্র অরিন্দম বাগচি এক বিবৃতি শেয়ার করেছেন। তাতে জানানো হয়েছে, চিনের এই পদক্ষেপ এশিয়ান গেমসের চেতনা এবং নিয়ম উভয়ই লঙ্ঘন করেছে। পররাষ্ট্র মন্ত্রকের বিবৃতিতে জানানো হয়েছে, এশিয়ান গেমস গামী অরুণাচলের তিন অ্যাথলিটের সঙ্গে যা হয়েছে, তাতে এশিয়ান গেমসের সদস্য রাষ্ট্রের প্রতিযোগীদের প্রতি বৈষম্য স্পষ্টভাবে ফুটে উঠেছে। চিনের এই পদক্ষেপ এশিয়ান গেমসের চেতনা এবং তাদের আচরণ নিয়ন্ত্রণকারী নিয়ম উভয়ই লঙ্ঘন করে। আগামিকাল এশিয়ান গেমসের উদ্বোধনী অনুষ্ঠান। এশিয়াড উপলক্ষে

ভারতের কেন্দ্রীয় যুব ও ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুরের চিনে যাওয়ার কথা ছিল। কিন্তু এশিয়ান গেমসে অংশ নেওয়ার জন্য ভারতের তিন উসু প্লেয়ারকে চিনে প্রবেশ করতে দেয়নি চিনা সরকার। এই ঘটনার প্রতিবাদে অনুরাগ ঠাকুর তাঁর চিন সফর বাতিল করলেন। বিতর্ক যখন তুঙ্গে তখন চিনের দাবি, অরুণাচলের ওই তিন অ্যাথলিটকে ভিসা দেওয়া হয়েছে। গত জুলাই মাসে এই তিন অ্যাথলিটকে নিয়েই চরম বিতর্ক দেখা দিয়েছিল। বিশ্ব ইউনিভার্সিটি মিট অনুষ্ঠিত হয়েছিল চিনেই। সে বার এই ৩ অ্যাথলিট ছিলেন ভারতীয় উসু টিমের সদস্য। তিনজনকে চিন তখন স্টেপল ভিসা দিয়েছিল। সাধারণ ভিসা পাসপোর্টে অ্যাটাচড থাকে। স্টেপল ভিসা একটি আলাদা কাগজ, যা পাসপোর্টে স্টেপল করে দেওয়া হয়। ভারতের অন্য রাজ্যের নাগরিকদের ক্ষেত্রে যখন সাধারণ ভিসা ইস্যু করা হয়েছে তখন অরুণাচলের তিন অ্যাথলিটের জন্য কেন স্টেপল ভিসা? বিতর্কের শুরু এখান থেকেই। অরুণাচল ইস্যু নিয়ে ভারত-চিনের বাদানুবাদ নতুন নয়। এশিয়ান গেমসে তা-ই বিস্ফোরক আকার নিয়েছে। বিতর্ক মেটাতে এশিয়ার অলিম্পিক কাউন্সিলের ভাইস প্রেসিডেন্ট ওয়েই জিহং বলেছেন, ''ওই ৩ অ্যাথলিটকে ভিসা মঞ্জুর করা হয়েছে। তবে চিনের সরকারের নিয়ম অনুযায়ী ওদের অন্য ভিসা দেওয়া হয়েছে। মূলত তিন ধরণের ভিসা হয়- ভিসা অন অ্যারাইভ্যাল, পেপার ভিসা, ভিসা অন দ্য পাসপোর্ট।'' এই পেপার ভিসাই হল স্টেপল ভিসা। যা নিয়ে ক্ষুব্ধ ভারত সরকার। জিহং একইসঙ্গে বলছেন, ''ওই ৩ অ্যাথলিটকে নিয়মমাফিক ভিসা দেওয়া হয়েছে। ওরাই সেই ভিসা নিয়ে গেমসে অংশগ্রহণ করতে রাজি হয়নি।''

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে পাঁচ উইকেট সামির

মোহালি, ২২ সেপ্টেম্বরঃ মহম্মদ সামি টিম ইন্ডিয়ার একাদশে এখন অটোমেটিক চয়েস কিনা, তা নিয়ে ধোঁয়াশা থাকেই। গত টি-টোয়েন্টি বিশ্বকাপের আগেও এমন পরিস্থিতি তৈরি হয়েছিল। সামিকে প্রাথমিক ভাবনায় রাখেনি টিম ম্যানেজমেন্ট। শেষ অবধি জসপ্রীত বুমরা ছিটকে যাওয়ায় সামিকে টিমে নিতে হয়। এ বারের এশিয়া কাপে পাকিস্তানের বিরুদ্ধে প্রথম ম্যাচে খেলানো হয়নি সামিকে। মহম্মদ সিরাজ, জসপ্রীত বুমরা, হার্দিক পান্ডিয়ার সঙ্গে শার্দূল ঠাকুর। নেপাল ম্যাচে বুমরা না থাকায় সামিকে খেলানো হয়। একাদশে প্রত্যাবর্তনেই মোহালিতে

অস্ট্রেলিয়াকে জোর ধাক্কা দিলেন সামি। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে তিন ম্যাচের ওডিআই সিরিজ শুরু হল ভারতের। মোহালিতে প্রথম ম্যাচে টস জিতে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয় ভারত। নতুন বলে অনবদ্য শুরু সামির। তেমনই মিডল ওভার এবং স্লগেও দুর্দান্ত বোলিং। অস্ট্রেলিয়াকে ৫০ ওভারে ২৭৬ রানে অলআউট করে ভারত। আর এতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিলেন মহম্মদ সামি। ইনিংসে পাঁচ উইকেট তাঁর ঝুলিতেই। ১০ ওভারে ১টি মেডেন, ৫১ রান দিয়ে ৫ উইকেট। ইনিংস ব্রেকে সামি বলেন, ''নতুন বলে শুরুটা ভালো হওয়া প্রয়োজন ছিল। দীর্ঘ কয়েক বছর ধরে বুমরাদের সঙ্গে খেলছি। বোঝাপড়াও দারুণ। পার্টনারশিপে বোলিং করতে ভালো লাগে। সাফল্যও আসে।''

কোপাতে আছেন, আপোসে নেই মেসি!

রোজারিও, ২২ সেপ্টেম্বরঃ আর্জেন্তিনার বিশ্বকাপ বিজয়ী অধিনায়ক লিওনেল মেসি বলেছেন যে তিনি ২০২৬ সালের বিশ্বকাপ নিয়ে এখনই কিছু ভাবেননি। ২০২৬ সালের বিশ্বকাপটি মার্কিন যুক্তরাষ্ট্র, মেক্সিকো এবং কানাডা দ্বারা আয়োজন করা হবে। তবে পরবর্তী বিশ্বকাপে মেসির অংশগ্রহণের বিষয়ে নিয়ে অনিশ্চিয়তা তৈরি হয়েছে। কারণ সেই সময়ে মেসির বয়স হবে ৩৯। বৃহস্পতিবার ইউটিউবে সম্প্রচারিত একটি সাক্ষাৎকারে তিনি আর্জেন্তিনার মিডিয়া ব্যক্তিত্ব মিগুয়েল গ্যারাডোসকে বলেন, ''আমি সেখানে যেতে পারব কিনা জানি না।'' মেসি আরও যোগ করে বলেছেন, ''আমি এখনও এটি নিয়ে ভাবছি না কারণ এটা অনেক

দূরের বিষয়।'' আপাতত, মেসি বলেছেন যে তিনি ২০২৪ ইউএস-আয়োজক কোপা আমেরিকা টুর্নামেন্টের দিকে মনোনিবেশ করছেন। মেসি বলেছেন, ''কোপা আমেরিকার পর দেখা যাবে, এটা নির্ভর করবে আমি তখন কেমন অনুভব করছি।'' তিনি বিশ্বকাপ নিয়ে আরও বলেন, ''এখনও তিন বছর বাকি আছে।'' গত ডিসেম্বরে কাতারে বিশ্বকাপ ফাইনালে ফ্রান্সের বিরুদ্ধে আর্জেন্তিনার নেতৃত্ব দিয়েছিলেন মেসি, ম্যাচ জয়ের নায়কও ছিলেন তিনি। এই সাক্ষাৎকারে, তিনি কাতারে ২০২২ বিশ্বকাপের শীর্ষে থাকার পরে তার প্রাক্তন ফরাসি ক্লাব পিএসজি নিয়ে নিজের হতাশার কথা বলেছেন। লিওনেল মেসি দাবি করেছিলেন যে তিনিই তার আর্জেন্তিনার সতীর্থদের মধ্যে একমাত্র যিনি তাঁর ক্লাব থেকে 'কোনও স্বীকৃতি পাননি।' মেসি বলেন, ''(আজেন্টিনা দলের) ২৫ জনের মধ্যে আমিই একমাত্র খেলোয়াড়, যে ক্লাবের পক্ষ থেকে স্বীকৃতি পাইনি। ব্যাপারটা বোধগম্যই। কারণ, আমাদের (আর্জেন্তিনা) কারণেই ওরা (ফ্রান্স) বিশ্বকাপ ধরে রাখতে পারেনি।'' এরপরে প্রশ্ন করা হয় মেসি কি কখনও পিএসজিতে থেকে চলে যাওয়ার কথা চিন্তা করেছিলেন? এর উত্তরে আর্জেন্তাইন অধিনায়ক বলেছেন, ''এরকমই হয়েছে। আমি যা আশা করেছিলাম, সেটা হয়নি। তবে আমি সব সময়ই বলে থাকি, যে কোনও কিছু কোনও না কোনও কারণেই ঘটে থাকে। আমি যদি সেখানে ভালো না থাকি, সেটার কারণ আমি তখন বিশ্বচ্যাম্পিয়ন।'' মেসি তাঁর প্যারিসে কাটানো বছর সম্পর্কে বলেছেন, ''আমি যা আশা করেছিলাম তা হয়নি তবে আমি সবসময় বলেছি যে জিনিসগুলি একটি কারণে ঘটে।'' ৩৬ বছর বয়সি যোগ করে বলেছেন যে, ''সেখানে ভালো ছিলাম না।'' সাতবারের ব্যালন ডি'অর বিজয়ী ইতিমধ্যেই বহুবার বলেছেন যে মেজর লিগ সকারে ইন্টার মায়ামির হয়ে খেলতে ফ্লোরিডায় যাওয়ার আগে তিনি পিএসজিতে অসন্তুষ্ট ছিলেন। আরও একটি বিষয়ে কথা বলেছেন মেসি। লিও জানিয়েছেন যে তিনি আরও একটি সন্তান চান। তাঁকে প্রশ্ন করা হয়, আরও একটি সন্তান চান কি না? মেসি জবাবে বলেন, ''আমি ও আন্তোনেল্লা এখন চেষ্টা করছি না। তবে বলতে পারছি না। দেখা যাক কোনও কন্যা সন্তান আসে কি না।'' মেসি এবং আন্তোনেল্লার তিনটি পুত্র সন্তান রয়েছে। ১০ বছরের থিয়াগো, ৭ বছরের মাতেয়ো ও ৫ বছরের সিরো। ইন্টার মায়ামি প্রসঙ্গে মেসি বলেন, ''মায়ামিতে যে আমি ভালো আছি, সেটা তো সবাই দেখতে পাচ্ছে। একটা সময়ের পর রিল্যাক্সড থাকাটা দরকার। ওখানে এমন অনেক মানুষ আছেন, যাঁরা আমার খেলা দীর্ঘদিন ধরে দেখছেন। এখনও তাঁরা দেখতে চাইছেন। মাঠে খুশি থাকতে পারলে সব ভালো লাগে। সব সময় আপোস করতে ভালো লাগে না। সেই ভাবনা থেকেই কেরিয়ারে অনেকগুলো বছর পার করার পর একটু অন্য ভাবে থাকতে ইচ্ছে করল। যেন উপভোগ করতে পারি।'' নিজের জাতীয় দল আর্জেন্টিনা সম্বন্ধে লিও বলেন, ''সব সময় আর্জেন্টিনার হয়ে ফুটবল খেলাটাকে আমি উপভোগ করে এসেছি। এই উপভোগটা বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার থেকে অনেক বেশি।'' হোয়াটস অ্যাপ ব্যবহার করেন কিনা জিজ্ঞাসা করায় মেসির উত্তর, ''না, হোয়াটস অ্যাপে খুব একটা থাকি না। হয়তো দেখা যেতে পারে আমি অনলাইন আছি, তার পরও একই কথা বলব। অডিও সেন্ড করি না, স্ট্রাইকার্সও ব্যবহার করি না। কখনও মেসেজ কিংবা কল করি।'' ট্রফি নিয়ে মেসির অনুভূতি ''ব্যালন ডি'অর একটা বিশেষ সম্মান। কিন্তু আমি খুব ভাগ্যবান যে ফুটবলে যা যা হয়, সব জিতেছি। চ্যাম্পিয়ন্স লিগ, লা লিগার খেতাব, কোপা আমেরিকা, বিশ্বকাপ কিন্তু গুরুত্বপূর্ণ ট্রফি। আমি যা যা ট্রফি জিতেছি, সব আছে বার্সোলানায়। ওখানে একটা মিউজিয়াম আছে। সেখান রাখা আছে সব।''

চব্বিশের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের সূচি প্রকাশিত

দুবাই, ২২ সেপ্টেম্বরঃ প্রকাশিত হল ২০২৪ সালের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের সূচি। আগামী বছর শ্রীলঙ্কার মাটিতে অনুষ্ঠিত হবে অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ। আজ শুক্রবার (২২ সেপ্টেম্বর) আসন্ন অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের সূচি প্রকাশ করেছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল। ২০২২ সালে পুরুষদের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে ইংল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল যশ ধুলের নেতৃত্বাধীন ভারত। আসন্ন অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ফর্ম্যাটে খানিক পরিবর্তন হয়েছে। শ্রীলঙ্কার মাটিতে অনুষ্ঠিত হতে চলা অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে অংশ নেবে ১৬টি দল। এই টুর্নামেন্ট শুরু হবে ১৩ জানুয়ারি। যা চলবে ৪ ফেব্রুয়ারি অবধি। এই নিয়ে তৃতীয় বার অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ আয়োজন করতে চলেছে শ্রীলঙ্কা। অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের

১৫তম সংস্করণে অংশ নিতে চলা দলগুলিকে চারটি গ্রুপে ভাগ করা হবে। প্রত্যেক গ্রুপে চারটি করে দল থাকবে। শেষ অবধি প্রতিটি গ্রুপ থেকে সেরা তিনটি দল সুপার সিক্স পর্বে যাবে। ২০২৪ সালের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে গ্রুপ 'এ'-তে রয়েছে ভারত, বাংলাদেশ, আয়ারল্যান্ড ও যুক্তরাষ্ট্র। 'বি' গ্রুপে রয়েছে ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, ওয়েস্ট ইন্ডিজ ও স্কটল্যান্ড। 'সি' গ্রুপে অস্ট্রেলিয়া, জিম্বাবোয়ে, নামিবিয়া এবং আয়োজক শ্রীলঙ্কা রয়েছে। 'ডি' গ্রুপে পাকিস্তানের সঙ্গে রয়েছে আফগানিস্তান, নিউজিল্যান্ড ও নেপাল। ১৩-২১ জানুয়ারি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের গ্রুপ পর্বের ম্যাচগুলো অনুষ্ঠিত হবে। প্রতিটি গ্রুপের চতুর্থ স্থানাধিকারী দল তাদের টুর্নামেন্ট শেষ করার আগে আরও একটি চতুর্থ স্থানাধিকারী দলের বিরুদ্ধে একটি ম্যাচে খেলবে। গ্রুপ পর্ব শেষ হওয়ার পর ১২টি দল সুপার সিক্স পর্বে যাবে। এই ফর্ম্যাটে ছয়টি দলে'র দুটি গ্রুপ তৈরি করা হবে। গ্রুপ 'এ' এবং 'ডি' থেকে সেরা তিনটি দল একটি গ্রুপে থাকবে। গ্রুপ 'বি' ও 'সি' থেকে সেরা তিনটি দল দিয়ে আরও একটি গ্রুপ গঠিত হবে।

নেইমারের গোল নেই, সহায়তা নেই, জিততে পারেনি আল হিলাল

রিয়াধ, ২২ সেপ্টেম্বরঃ আল হিলালের জার্সিতে নেইমারের অভিষেক হয়েছে আগেই। সৌদি প্রো লিগের সেই ম্যাচে বদলি হিসেবে নেমে তেমন কোনও ভূমিকা রাখতে পারেননি নেইমার। আল রিয়াদের বিপক্ষে তাঁর দল অবশ্য জিতেছিল ৬-১ গোলে। এরপর এএফসি চ্যাম্পিয়নস লিগেও অভিষেক হয়েছে নেইমারের। নাভবাহোরের বিপক্ষে সেই ম্যাচে আল হিলাল ১-১ গোলে ড্র করেছে। নেইমারের কোনও গোল ছিল না, ছিল না গোলে সহায়তাও। উল্টো একটি হলুদ কার্ড দেখেছিলেন ব্রাজিলিয়ান তারকা। আল হিলালের হয়ে আজ নিজের তৃতীয় ম্যাচ খেলতে নেমেছিলেন নেইমার। অবস্থা সেই আগের দুই ম্যাচের মতোই। গোল পাননি, সতীর্থের কোনও গোলে সহায়তাও নেই। তাঁর দলও জিততে পারেনি। এগিয়ে গিয়েও দামাকের মাঠ থেকে ১-১ গোলের ড্র নিয়ে ফিরেছে আল হিলাল। প্রতিপক্ষের মাঠে ম্যাচের ৯ মিনিটেই এগিয়ে যায় আল হিলাল। বাঁ প্রান্ত দিয়ে অসাধারণ এক দৌড়ে দামাকের রক্ষণ এলোমেলো করে দিয়ে বক্সের মধ্যে বল ফেলেন কাতার বিশ্বকাপে আর্জেন্টিনার বিপক্ষে জয়সূচক গোল করা সালেম আল দাওসারি। বক্সের মধ্যে সেই বল পেয়ে যান আল হিলালের ব্রাজিলিয়ান ফরোয়ার্ড ম্যালকম। এ বছরই জেনিত সেন্ট পিটার্সবার্গ থেকে আল হিলালে নাম লেখানো ম্যালকম ঠাণ্ডা মাথার ফিনিশিংয়ে দলকে এগিয়ে দেন। প্রথমার্ধে আরও গোল পেতে পারত আল হিলাল। কিন্তু নেইমারের অসাধারণ এক পাস থেকে গোল করতে ব্যর্থ হন ফুলহাম থেকে এ বছর আল হিলালে নাম লেখানো আলেক্সান্দার মিত্রোভিচ। এরপর নেইমার নিজেও গোলের সুযোগ মিস করেন। দ্বিতীয়ার্ধেও একের পর এক আক্রমণ করে গেছে আল হিলাল। কিন্তু খেলার ধারার বিপরীতে গোল খেয়ে বসে তারাই। অসাধারণ এক ফ্রি-কিক থেকে ৬৮ মিনিটে দামাককে সমতায় ফেরানো গোলটি করেন রোমানিয়ান ফুটবলার নিকোলা স্তানচিউ।

শাদাব-ফখরেই আস্থা, টালবাহান পর বিশ্বকাপের টিম ঘোষণা পাকিস্তানের

লাহোর, ২২ সেপ্টেম্বরঃ শাদাব খানকে নিয়ে চরম ডামাডল। বাবর আজম হারিয়েছেন আস্থা। টিমে আবার সিনিয়র-জুনিয়র বিধেদ। দিন কয়েক আগেও পরিস্থিতি ভীষণ জটিলই মনে হচ্ছিল। বলা হচ্ছিল, টিমের দু-একজন সিনিয়র বাদ পড়তে পারেন টিম থেকে। কিন্তু ভারতের মাটিতে বিশ্বকাপের জন্য পাকিস্তান যে ১৫ জনের চূড়ান্ত টিম ঘোষণা করল, তাতে কোনও চমক নেই। শাদাব থাকছেন, আগের মতোই। বাবর আজমকে নেতা করে টিম ঘোষণা করে দিল পিসিবি। এশিয়া কাপে ভারতের কাছে বিপুল রানে হারের পর চরম বিক্ষোভ শুরু হয়ে গিয়েছিল। বাবররা ফাইনালেও উঠতে পারেননি। সে সব অতীত করে এখন সামনে তাকাতে চাইছে পাকিস্তান টিম। লাহোরের গদ্দাফি স্টেডিয়ামে বসে নির্বাচক কমিটির চেয়ারম্যান ইনজামাম উল হক ঘোষণা করলেন টিম। **পুরো টিম-** বাবর আজম (ক্যাপ্টেন), শাদাব খান (ভাইস ক্যাপ্টেন), আব্দুল্লা শফিক, ফখ জামান, হ্যারিস রউফ, হাসান আলি, ইফতিকার আহমেদ, ইমাম উল হক, মহম্মদ নওয়াজ, মহম্মদ রিজওয়ান, মহম্মদ ওয়াসিম জুনিয়র, সাদ শাকিল, সলমন আলি আগা, শাহিন শাহ আফ্রিদি, ওসামা মীর। রিজার্ভ-মহম্মদ হ্যারিস, জামান খান, আবরার আহমেদ।

ভলিবলে চাইনিজ তাইপেকে হারিয়ে শেষ আটে অমিত-হরিরা!

হানঝাউ, ২২ সেপ্টেম্বরঃ এশিয়ান গেমসের শুরুতেই চমকে দিচ্ছেন ভারতীয় অ্যাথলিটরা। রোয়িংয়ে যেমন ধারাবাহিকতা তুলে ধরছেন, তেমনই টেবল টেনিসে চাইনিজ তাইপের বিরুদ্ধে ছেলেদের টিম ৩-০ জিতে ফেলেছে প্রথম ম্যাচ। এ সবের মধ্যে আবার চমকে দিল ভলিবল টিম। অমিত, হরি প্রসাদদের টিম উঠে পড়ল এশিয়ান গেমসের কোয়ার্টার ফাইনালে। দক্ষিণ কোরিয়াকে হারিয়ে যে মনোবল তুঙ্গে সেটাই প্রমাণ হল র‍্যাঙ্কিংয়ে এগিয়ে থাকা চিনা তাইপের বিরুদ্ধেও। ৩-০ সেটে হারিয়ে কোয়ার্টার ফাইনালে ভারতের ভলিবল টিম। শেষ চারে শামিমউদ্দিন, ভিনিত, মুখুস্বামীদের মুখে জাপান। ভারতীয় টিমের আগুনে ফর্ম উস্কে দিচ্ছে পদকের স্বপ্ন। চিনা তাইপে ভারতের থেকে অনেক শক্তিশালী টিম। আগ্রাসন থেকে রক্ষণ, শৃঙ্খলা-সবেতেই এগিয়ে তারা। কিন্তু টিম হিসেবে ভারতের ভারসাম্য যে অনেক বেশি, বিপক্ষকে নিয়ে অঙ্ক কষে কোর্টে নেমেছেন অমিত-হরিরা, তার প্রমাণ মিলল প্রথম সেট থেকেই। এক সময় প্রথম সেটে ১৫-২০তে পিছিয়ে ছিল ভারত। সেখান থেকে ২৫-২২এ জিতে যান তাঁরা। ২৭ মিনিটের সেটে জিততে তুমুল লড়াই করতে হয়েছে ভারতীয়দের। চিনা তাইপের সার্ভিস থেকেই পাল্টা পয়েন্ট তুলেছেন শামিমউদ্দিন, ভিনিত, মুখুস্বামীরা। দ্বিতীয় সেটেও তাইপে সমতা ফেরানোর জন্য মুখিয়ে ছিল। কিন্তু ভারতীয়রা এই পর্বে টিমগেমে ফোকাস করেন। শুরু থেকে যে ২ পয়েন্টের লিড নিতে পেরেছিলেন, শেষ পর্যন্ত তাই ধরে রাখা গিয়েছিল। ২৫-২২ পয়েন্টে শেষ পর্যন্ত দ্বিতীয় সেট জেতে ভারত। বিশ্ব র‍্যাঙ্কিং ভারত দাঁড়িয়ে ৭৩এ। চিনা তাইপের ৪৩। অনেক এগিয়ে থাকা টিম তৃতীয় সেটে মরিয়া হয়ে কোর্টে নেমেছিল। তৃতীয় সেটের শুরুতে ১০-৫এ লিডও নিয়েছিল ভারত। সেখান থেকে চাইনিজ তাইপের আগ্রাসন চাপে ফেলে দিয়েছিল ভারতীয় ভলিবলারদের। ১১-১৪ থেকে ১৫-১৫ করে ফেলে তারা। কিন্তু ধৈর্য হারাননি ভারতীয় ভলিবলাররা। প্রতিটা পয়েন্টের জন্য লড়াই করেছেন। শেষ পর্যন্ত ২৫-২১এ জিতে নেয় ভারত।

'মেসির খেলা কেউ কপি করতে পারবে না'

ফ্লোরিডা, ২২ সেপ্টেম্বরঃ লিওনেল মেসির ছোঁয়ায় যেন বদলে গেছে ইন্টার মায়ামি! ফ্লোরিডার ক্লাবটিতে নাম লেখানোর পর ১২ ম্যাচ খেলে গোল করেছেন ১১টি। সতীর্থদের ৫টি গোলে সহায়তাও করেছেন। এরই মধ্যে মায়ামির হয়ে জিতেছেন একটি শিরোপা, তুলেছেন আরেকটি টুর্নামেন্টের ফাইনালে। এখন ইন্টার মায়ামির সমর্থক আর মেসির ভক্তরা অপেক্ষায় আছেন, দলটিকে তিনি এমএলএসের প্লে-অফে নিতে পারবেন কি না। কিন্তু মেসির ফিটনেস এখন সেই অপেক্ষায় দুশ্চিন্তাও যোগ করে দিচ্ছে। গতকাল সকালে টরেন্টো এফসির বিপক্ষে মায়ামির ৪-০ গোলে জেতা ম্যাচ চোট পেয়ে মাঠ ছেড়েছেন মেসি। খেলতে পেরেছেন মাত্র ৩৭ মিনিট। তাঁর চোট কতটা গুরুতর, সেটা এখনো জানা যায়নি। জানা যায়নি এই চোট নিয়ে কত দিন মাঠের বাইরে থাকতে হবে তা-ও। তবে মেসি চোটে পড়ার পর থেকেই একটি আলোচনা

শুরু হয়ে গেছে-ইন্টার মায়ামি মেসিকে ছাড়া কত দূর এগোতে পারবে? মেজর লিগ সকারের (এমএলএস) প্লে-অফে খেলা থেকে এখনো বেশ দূরে আছে মায়ামি। মেসিবিহীন মায়ামিকে সেই দূরত্ব পার করিয়ে কে নিয়ে যাবে প্লে-অফে? এমন একটি প্রশ্ন করা হয়েছিল মায়ামির ফিনিশ মিডফিল্ডার রবার্ট টেলরকে। এ বছর মায়ামির হয়ে ৩৫ ম্যাচ খেলে ৮ গোল করেছেন টেলর। তিনি কি পারবেন মেসির বিকল্প হতে? টেলরের সরল কথা-মেসির খেলার কপি কেউ করতে পারবে না! মেসির অভাব পূরণ করার জন্য কতটা প্রস্তুত-এমন এক প্রশ্নের উত্তরে টেলর বলেছেন, ''আমার মনে হয় না তার খেলা কপি করার জন্য খুব বেশি পরামর্শ সে দিতে পারবে। কারণ, তার (মেসি) খেলার কপি কেউ করতে পারবে না।'' মায়ামি গতকাল ৪-০ ব্যবধানের জয়ে সব কটি গোলই পেয়েছে মেসি চোট নিয়ে মাঠের বাইরে চলে যাওয়ার পর। এই ৪ গোলের ২টিই করেছেন টেলর। এমনটা পরের ম্যাচগুলোয় করতে পারবেন কি না, প্রশ্নের উত্তরে টেলর বলেছেন, ''আবার এটা করার চেষ্টা করব। কিন্তু এর নিশ্চয়তা আমি দিতে পারি না। বিষয়টা নিশ্চয়ই মেসির মতো নয়। সে আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ খেলোয়াড়। কিন্তু কখনো কখনো তাকে ছাড়া খেলতে হবে আমাদের। দলের বাকিদের এগিয়ে আসতে হবে এবং দলের জন্য ভালো ফলও নিয়ে আসতে হবে।''

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501